বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক

মানবিক বাংলাদেশ

ঢাকা শনিবার ॥ বর্ষ-২ সংখ্যা-৩৪২ ॥ ০৫ এপ্রিল ২০২৫ ॥ ২২ চৈত্র ১৪৩১ বাংলা ॥ ০৫ শাওয়াল ১৪৪৬ হিজরি ॥ পৃষ্ঠা ৮ ঃ মূল্য ৫ টাকা

বিগত দিনের মতো বর্তমানেও দেশীয় শিল্পীদের মূল্যায়ন হচ্ছে না: টুকু

স্টাফ রিপোর্টার : বিএনপির প্রচার সম্পাদক সুলতান সালাহউদ্দিন টুকু বলেছেন, বিগত দিনের মতো বর্তমানেও দেশীয় শিল্পীদেরকে মূল্যায়ন না করার সংস্কৃতি চলছে। তাই বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের চিন্তা থেকেই দেশীয় শিল্পীদের পরিবেশনায় স্বাধীনতা কনসার্টের আয়োজন করেছে সবার আগে বাংলাদেশ ফাউন্ডেশন।

দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট ইউনকে অপসারণ করল আদালত

আন্তর্জাতিক ডেস্ক : দক্ষিণ কোরিয়ার সাংবিধানিক আদালত ঐতিহাসিক এক রায়ে প্রেসিডেন্ট ইউন সুক-ইওলকে ক্ষমতা থেকে অপসারণের সিদ্ধান্ত নিয়েছে। সর্বসম্মতিক্রমে গৃহীত এই রায়ের পেছনে মূল কারণ ছিল গত বছরের শেষের দিকে তার বিতর্কিত সামরিক আইন ঘোষণা, যা দেশের গণতান্ত্রিক কাঠামোকে হুমকির মুখে ফেলেছিল।

নিরাপত্তা সংস্থার প্রধানসহ ৩ কর্মকর্তাকে বরখাস্ত করলেন ট্রাম্প

আন্তর্জাতিক ডেস্ক : যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা সংস্থার (এনএসএ) প্রধান টিমোথি হাফকে বৃহস্পতিবার (৩ এপ্রিল) বরখাস্ত করা হয়েছে। পাশাপাশি তার সহকারী এবং এনএসএর উপপরিচালক ওয়েন্ডি নোবেলকেও নিজের পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছে। টিমোথি হাফ 'ইউএস সাইবার কমান্ড' এরও প্রধান।

প্রয়োজনীয় সংস্কার হয়ে গেলে অংশগ্রহণমূলক নির্বাচন করবো: প্রধান উপদেষ্টা

স্টাফ রিপোর্টার : প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস বলেছেন, প্রয়োজনীয় সংস্কার শেষে অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন আয়োজন করাই অন্তর্বর্তী সরকারের প্রধান লক্ষ্য। শুক্রবার (৪ এপ্রিল) থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে ষষ্ঠ বিমসটেক সম্মেলনে বক্তব্যকালে তিনি এ কথা বলেন। প্রধান উপদেষ্টা বলেন, বর্তমান অন্তর্বর্তী সরকার দেশের প্রতিটি নাগরিকের সংবিধানগত অধিকার নিশ্চিত করতে, বিশেষ করে নারী, জাতিগত ও ধর্মীয় সংখ্যালঘুদের অধিকার সংরক্ষণের ক্ষেত্রে দৃঢ়প্রতিজ্ঞ। লিখিত বক্তব্যে তিনি আরও বলেন, ১৯৭১ সালে দেশের জনগণ নয় মাসের মুক্তিযুদ্ধে ভয়াবহ গণহত্যার শিকার হয়েছিলেন। তারা একটি অন্তর্ভুক্তিমূলক, ন্যায়সঙ্গত ও স্বাধীন সমাজ গঠনের স্বপ্ন দেখেছিলেন। কিন্তু দুঃখজনকভাবে, গত ১৫ বছরে আমাদের জনগণ, বিশেষ করে তরুণ সমাজ, ক্রমাগত তাদের অধিকার হারিয়েছে। রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর অবক্ষয় ঘটেছে এবং নাগরিক অধিকারের চরম লঙ্ঘন হয়েছে। এ দমন-পীড়নের বিরুদ্ধে জনগণের বিপুল প্রতিরোধ গড়ে ওঠে এবং প্রায় দুই হাজার নিরপরাধ মানুষ, যার মধ্যে ১১৮ জন শিশু, এই আন্দোলনে জীবন উৎসর্গ করেন। তাদের আত্মত্যাগের বিনিময়ে বাংলাদেশ আবার নতুনভাবে জন্ম নেয়। ড. ইউনূস জানান, সংস্কার পরিকল্পনার অন্যতম মূল ভিত্তি। অন্তর্বর্তী সরকার এরই মধ্যে বিচারব্যবস্থা, নির্বাচনী ব্যবস্থা, সরকারি প্রশাসন, পুলিশ, দুর্নীতি দমন সংস্থা এবং সংবিধান সংস্কারের জন্য ছয়টি কমিশন গঠন করেছে, যা জনসাধারণের মালিকানা, জবাবদিহি ও কল্যাণ নিশ্চিত করবে। তিনি বলেন, শেখ হাসিনার দুর্নীতিবাজ ও স্বৈরাচারী শাসন থেকে বিদ্রোহের নেতৃত্বদানকারী এবং দেশকে মুক্তকারী ছাত্রনেতারা আমাকে আমাদের ইতিহাসের এই গুরুত্বপূর্ণ সময়ে দেশকে নেতৃত্ব দেওয়ার জন্য অনুরোধ করেছিলেন। আমি জনগণের স্বার্থে দায়িত্ব নিতে রাজি ২-এর পাতায় দেখুন

শেখ হাসিনার প্রত্যর্পণ চাইলো বাংলাদেশ

স্টাফ রিপোর্টার : ব্যাংককে বিমসটেক সম্মেলনের ফাঁকে বাংলাদেশের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আধা ঘণ্টারও বেশি সময় ধরে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। বৈঠকে বাংলাদেশের পক্ষ থেকে শেখ হাসিনার প্রত্যর্পণসহ বিভিন্ন স্বার্থসংশ্লিষ্ট বিষয় তুলে ধরা হয়। শুক্রবার (৪ এপ্রিল) প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম এ তথ্য জানিয়েছেন। শফিকুল আলম বলেন, বাংলাদেশ ও ভারত দুই দেশের সরকার প্রধানের মধ্যে অনুষ্ঠিত বৈঠকটি অত্যন্ত গঠনমূলক ও ফলপ্রসূ হয়েছে। আমাদের সঙ্গে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট সব ইস্যুতে আলোচনা হয়েছে। প্রেস সচিব বলেন, শেখ হাসিনার প্রত্যর্পণ এবং ভারতে বসে তিনি উস্কানিমূলক বক্তব্য দিচ্ছেন, এসব বিষয় বৈঠকে তুলে ধরা হয়েছে। এছাড়া সীমান্তে হত্যা, তিস্তা নদীর পানি বন্টনসহ পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে ফলপ্রসূ আলোচনা হয়েছে। অন্তর্বর্তীকালীন সরকারের দায়িত্ব গ্রহণের পর এই প্রথমবারের মত অধ্যাপক ইউনূসের সঙ্গে ভারতের প্রধানমন্ত্রীর বৈঠক হলো। বঙ্গোপসাগরীয় দেশগুলোর আঞ্চলিক সহযোগিতা জোটের ২-এর পাতায় দেখুন

শেখ হাসিনা আমলের সব অসম চুক্তি বাতিল করতে হবে: মির্জা আব্বাস

স্টাফ রিপোর্টার : সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমলে ভারতের সঙ্গে হওয়া সব অসম চুক্তি বাতিল করতে হবে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস। শুক্রবার (৪ এপ্রিল) বিকেলে রাজধানীর শাহজাহানপুরে নিজ বাসায় গণমাধ্যমের সঙ্গে আলাপকালে বিমসটেক সম্মেলনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বৈঠকের ব্যাপারে প্রতিক্রিয়া জানাতে গিয়ে এ মন্তব্য করেন তিনি। মির্জা আব্বাস বলেন, ইউনূস-মোদি বৈঠককে ইতিবাচক হিসেবে দেখছে বিএনপি। তবে, যদি দেশের স্বার্থ সংশ্লিষ্ট আলোচনা হয়, তাহলে সেটা ভালো। সামনে ড. ইউনূস আরও ভালো কিছু বয়ে আনবেন বলে প্রত্যাশা করি।' বৈঠকে শেখ হাসিনার প্রত্যার্পন নিয়ে আলোচনা প্রসঙ্গে তিনি বলেন, শুধু শেখ হাসিনাকে ফেরত পাঠালেই হবে না, সঙ্গে তার সহযোগীদেরও পাঠাতে হবে। শেখ হাসিনাকে ফেরত আনার মাধ্যমে তার বিচার হতে হবে। এছাড়া বিএনপির স্থায়ী ২-এর পাতায় দেখুন

সাতদিনে যৌথবাহিনীর অভিযানে গ্রেপ্তার ৩৪১

স্টাফ রিপোর্টার : ঢাকাসহ সারাদেশে বাংলাদেশ সেনাবাহিনীর নেতৃত্বে যৌথ অভিযানে সাতদিনে তালিকাভুক্ত সন্ত্রাসী, চাঁদাবাজ, ছিনতাইকারী, কিশোর গ্যাং সদস্য এবং মাদক ব্যবসায়ীসহ ৩৪১ জন গ্রেপ্তার করা হয়েছে। গত বৃহস্পতিবার রাতে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। আইএসপিআর জানায়, দেশের চলমান পরিস্থিতিতে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে দেশব্যাপী পেশাদারত্বের সঙ্গে কাজ করে চলেছে সেনাবাহিনী। এরই ধারাবাহিকতায় গত ২৭ মার্চ থেকে ২ এপ্রিল পর্যন্ত সেনাবাহিনীর বিভিন্ন পদাতিক ডিভিশন ও স্বতন্ত্র ব্রিগেডের অধীন ইউনিট অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সমন্বয়ে রাজধানীসহ দেশের বিভিন্ন এলাকায় বেশকিছু যৌথ অভিযান পরিচালনা করা হয়। এসব ২-এর পাতায় দেখুন

গাজায় ইসরায়েলি বর্বর হামলায় একদিনে আরও ১১২ ফিলিস্তিনির মৃত্যু

আন্তর্জাতিক ডেস্ক : চলমান ইসরায়েলি সামরিক অভিযানে গাজার সংকট ক্রমেই গভীরতর হচ্ছে। উত্তর গাজার একটি স্কুলে ইসরায়েলি বিমান হামলায় আশ্রয় নেওয়া বহু নিরীহ মানুষ প্রাণ হারিয়েছেন। ফিলিস্তিনি চিকিৎসা কর্তৃপক্ষ জানিয়েছে, বৃহস্পতিবার গাজার বিভিন্ন স্থানে ইসরায়েলি হামলায় অন্তত ১১২ জন ফিলিস্তিনি নিহত হয়েছেন। তাদের মধ্যে ২৭ জনেরও বেশি মানুষ ছিলেন এক স্কুলে, যেখানে তারা নিরাপত্তার আশায় আশ্রয় নিয়েছিলেন। ইসরায়েল বলছে, তারা হামাসের বিরুদ্ধে চাপ সৃষ্টি করতে এবং গাজার এই গোষ্ঠীকে নির্মূল করতে তাদের অভিযান চালিয়ে যাচ্ছে। গাজার তুফফাহ পাড়ার ওই স্কুল থেকে ১৪টি শিশুর নিথর দেহ উদ্ধার করা হয়েছে, সঙ্গে আরও পাঁচ নারীও নিহত হয়েছেন। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের মুখপাত্র জাহের আল-ওয়াহিদি জানিয়েছেন, আহতদের মধ্যে অন্তত ৭০ জনের অবস্থা আশঙ্কাজনক, ফলে মৃতের সংখ্যা আরও বাড়তে পারে। এছাড়া, গাজার শুজাইয়া এলাকায় বেশ কয়েকটি বাড়িতে চালানো বিমান হামলায় আরও ৩০ জনের বেশি মানুষ নিহত হয়েছেন। আল-আহলি হাসপাতালের রেকর্ড অনুযায়ী, নিহতদের অনেকেই ছিলেন সাধারণ নাগরিক। ইসরায়েলি সেনাবাহিনী বলছে, ২-এর পাতায় দেখুন

মিয়ানমারে বাংলাদেশ সেনাবাহিনীর উদ্ধার অভিযান অব্যাহত

স্টাফ রিপোর্টার : ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত মিয়ানমারে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর নেতৃত্বে উদ্ধার অভিযান ও চিকিৎসা কার্যক্রম অব্যাহত রয়েছে। শুক্রবার (৪ এপ্রিল) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদফতর (আইএসপিআর)। এতে বলা হয়, গত ২৮ মার্চ মিয়ানমারে সংঘটিত হয় শক্তিশালী ভূমিকম্প। এরপর বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টার নির্দেশে গত ১ এপ্রিল বাংলাদেশ সশস্ত্র বাহিনীর তত্ত্বাবধানে একটি বিশেষ উদ্ধারকারী দল এবং মেডিকেল টিম মিয়ানমারে পাঠানো হয়। দেশটিতে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর নেতৃত্বে উদ্ধার ও চিকিৎসা কার্যক্রম অব্যাহত রয়েছে। শুক্রবার অনুসন্ধান ও উদ্ধারকারী দল নেপিডোর যবুথিরি টাউনশিপসহ বিভিন্ন এলাকায় উদ্ধার অভিযান ২-এর পাতায় দেখুন

ব্যবসা পরিচালনার নতুন নিয়মে বিপাকে ট্রাভেল এজেন্সিগুলো

স্টাফ রিপোর্টার : ব্যবসা পরিচালনার নতুন নিয়মে বিপাকে দেশের ট্রাভেল এজেন্সিগুলো। সম্প্রতি সরকার গ্রাহক হয়রানি প্রতিরোধের নামে ট্রাভেল এজেন্সি ব্যবসা পরিচালনার জন্য একটি খসড়া পরিপত্র তৈরি করেছে। তাতে ট্রাভেল এজেন্সি ব্যবসা পরিচালনায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার কথা বলা হলেও তাতে দেশের কয়েক হাজার ট্রাভেল এজেন্সি বন্ধ হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। নতুন নিয়মে এক ট্রাভেল এজেন্সি অন্য ট্রাভেল এজেন্সির সঙ্গে টিকিট ক্রয়-বিক্রয় করতে পারবে না। ট্রাভেল এজেন্সি এবং বেসরকারি বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয় সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, বিশ্বব্যাপী ট্রাভেল ব্যবসায় এজেন্ট টু এজেন্ট (বি-টু-বি) মডেল প্রচলিত রয়েছে। যাতে এক ট্রাভেল এজেন্সি অন্য ট্রাভেল এজেন্সির মাধ্যমে টিকিট বিক্রি করতে পারে। বাংলাদেশে এই নিয়মের ব্যত্যয় হলে আন্তর্জাতিক বাজারের সঙ্গে তাল মিলিয়ে চলতে পারবে না স্থানীয় ট্রাভেল এজেন্সিগুলো। তাতে ক্ষতিগ্রস্ত হবে ওই খাতের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত বিপুলসংখ্যক মানুষ। বর্তমানে দেশে বর্তমানে ৫৭৪৬টি লাইসেন্সধারী ট্রাভেল এজেন্সি রয়েছে। তাদের মধ্যে আয়াটার স্বীকৃতিপ্রাপ্ত মাত্র ৯৭০টি ট্রাভেল এজেন্সি। তার মধ্যে কেবলমাত্র ৩৫০টি ট্রাভেল এজেন্সির কাছে এমিরেটস এয়ারলাইনস, কাতার এয়ারওয়েজ, সিঙ্গাপুর এয়ারলাইনস, সৌদি অ্যারাবিয়ান এয়ারলাইনসসহ বড় বড় এয়ারলাইনসের টিকিট বিক্রির অনুমতি (ক্যাপিং) রয়েছে। এমনকি রাষ্ট্রীয় পতাকাবাহী বিমান বাংলাদেশ এয়ারলাইনসের টিকিট বিক্রির অথরিটি পেতে হলেও আয়াটাসহ সবমিলে ৪০ লাখ টাকা অগ্রিম জমা দিতে হয়। তাছাড়া আকাশপথের এয়ার অ্যারাবিয়া, ইন্ডিগো, সালাম এয়ার, জাজিরা এয়ারওয়েজের মতো এয়ারলাইনসের টিকিট আয়াটাতে পাওয়া যায় না। সূত্র জানায়, আকাশপথের টিকিট সংগ্রহের জন্য আয়াটার স্বীকৃতিপ্রাপ্ত ৩৫০টি ট্রাভেল ২-এর পাতায় দেখুন

উপদেষ্টা-সমন্বয়কদের ফ্রি রুম বিষয়ে হোটেল ইন্টারকন্টিনেন্টালের বিবৃতি

স্টাফ রিপোর্টার : সম্প্রতি কিছু অনলাইন নিউজ পোর্টাল এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টাল সম্পর্কে বিভ্রান্তিকর তথ্য প্রকাশিত হয়েছে বলে জানিয়েছে হোটেল কর্তৃপক্ষ। এই সংক্রান্ত খবরটি সম্পূর্ণ ভিত্তিহীন, বানোয়াট এবং এর কোনও সত্যতা নেই বলে জানানো হয়। গত বৃহস্পতিবার হোটেল ইন্টারকন্টিনেন্টালের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) মোহাম্মদ মাহবুবুর রহমান ভুঁঞার সই করা এক বিবৃতিতে এসব কথা বলা হয়। বিবৃতিতে বলা হয়, সম্প্রতি কিছু অনলাইন নিউজ পোর্টাল এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে বর্তমান সরকারের উপদেষ্টা এবং প্রাক্তন ছাত্র সমন্বয়কদের জন্য ফ্রি রুম এবং অন্যান্য পরিষেবা প্রদান সংক্রান্ত মিথ্যা এবং বিভ্রান্তিকর তথ্য সম্পর্কিত খবর ২-এর পাতায় দেখুন

রাজধানীতে ব্যাটারিচালিত অটোরিকশার ধাক্কায় গৃহবধূর মৃত্যু

স্টাফ রিপোর্টার : টিউশনি শেষে বাসায় ফিরছিলেন রাজধানীর মুগদা মানিকনগর এলাকার বাসিন্দা সুমি আক্তারের (২৫)। রাস্তা পারাপারের সময় ব্যাটারিচালিত অটোরিকশার ধাক্কায় সুমির মৃত্যু হয়েছে। গত বৃহস্পতিবার রাত সাড়ে ৯টার দিকে মুগদা মানিকনগর ওয়াসা রোড রাস্তা পারাপারের সময় অটোরিকশার ধাক্কায় আহত হন সুমি আক্তার। পরে স্বজনরা তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে গেলে চিকিৎসক রাত দেড়টার দিকে মৃত ঘোষণা করেন। হাসপাতালে মৃত সুমি আক্তারের প্রতিবেশী মেজবাহ উদ্দিন বলেন , সুমি গৃহিণী ছিলেন। পাশাপাশি বিভিন্ন বাসায় টিউশনি করতেন। মানিকনগর ভুসা রোডে স্বামী মাহফুজ রহমানকে নিয়ে থাকতেন। তার বাবার নাম সাজু মিয়া। তিনি আরও বলেন, ২-এর পাতায় দেখুন

প্রতিদিন বাড়ছে গরম এই সময় দেখা যায় শিশু কিশোররা পুকুরের ঝাপাঝাটি করতে ব্যস্ত। ছবিটি শুক্রবার কাদিরগঞ্জ এলাকার একটি পুকুর থেকে তোলা।

আজ ঢাকায় আসছে আইএমএফ প্রতিনিধি দল

স্টাফ রিপোর্টার : চলতি সপ্তাহে ঢাকায় আসছে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) প্রতিনিধি দল। ঋণ কর্মসূচির আওতায় ৪৭০ কোটি মার্কিন ডলার অর্থছাড়ের আগে বিভিন্ন শর্ত পর্যালোচনা করতে এ সফরে আসছে প্রতিনিধি দলটি। প্রতিনিধিদলটি ঢাকায় অবস্থানকালে শুরুতেই রবিবার সকালে অর্থ উপদেষ্টার সঙ্গে বৈঠক করবেন। অর্থ মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, ঋণের চতুর্থ ও পঞ্চম কিস্তির অর্থ ছাড়ের আগে বিভিন্ন শর্ত পালনের অগ্রগতি পর্যালোচনায় আইএমএফের একটি দল শনিবার ঢাকায় আসছে। দলটি ৬ এপ্রিল থেকে টানা দুই সপ্তাহ সরকারের বিভিন্ন দফতরের সঙ্গে বৈঠক করবে। এ সফরে আইএমএফের দলটির সঙ্গে অর্থ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি), জ্বালানি ও ২-এর পাতায় দেখুন

লুট হওয়া অস্ত্রের কিছু উদ্ধার হলেও বাকীটা অপরাধীদের হাতে

স্টাফ রিপোর্টার : জুলাই-আগস্টের আন্দোলনের সময় পুলিশের লুট হওয়া প্রায় দেড় হাজার আগ্নেয়াস্ত্র ও আড়াই লক্ষাধিক গোলাবারুদ এখনো উদ্ধার হয়নি। উদ্ধার হয়নি গণভবন থেকে এসএসএফ সদস্যদের লুট হওয়া অত্যাধুনিক অ্যাসল্ট রাইফেল, স্নাইপার রাইফেল, ফ্ল্যাশ ব্যাং গ্রেনেড, অ্যান্টি-ড্রোন সিস্টেম, বেতার যোগাযোগের ডিভাইস ও বিপুল পরিমাণ গোলাবারুদসহ ৩২টি ভারী অস্ত্রও। অন্যদিকে অভ্যুত্থানের সময় জেল ভেঙে পালানো ২৭ জঙ্গি রয়েছেন অধরা। ফলে দেশের আইনশৃঙ্খলা নিয়ে বড় ধরণের উদ্বেগ তৈরি হয়েছে। পত্রিকান্তরে প্রকাশিত খবরে প্রকাশ, গত বছরের ৭ আগস্ট গাজীপুরের কাশিমপুর হাইসিকিউরিটি কারাগারে বিক্ষোভের সময় কারারক্ষীদের জিম্মি করে ২০৯ জন বন্দি পালিয়ে যান। বন্দি পালানো ঠেকাতে গুলি ছোড়েন কারারক্ষীরা। এতে ছয় জন নিহত হন। নিহতদের মধ্যে তিন জঙ্গিও ছিলেন। তিন জনই গুলশানে হোলি আর্টিজান বেকারিতে জিম্মি করে হত্যা মামলার মৃত্যুদণ্ড ও যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত আসামি ছিলেন। কাশিমপুর হাইসিকিউরিটি কারাগার থেকে পালানো জঙ্গিদের মধ্যে ২৭ জনকে এখনো গ্রেফতার করা সম্ভব হয়নি। কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোতাহের হোসেন সম্প্রতি সাংবাদিকদের বলেছেন, জেলখানা থেকে পালানো ৯৮ জঙ্গির ৭০ জনই সাজাপ্রাপ্ত, যাদের বেশির ভাগকে ফের গ্রেফতার করা হলেও ২৭ জন এখনো অধরা থেকে গেছেন। পুলিশ সদর দপ্তর সূত্র জানায়, সরকার পতনের পর বিভিন্ন থানা-ফাঁড়িসহ পুলিশের নানান স্থাপনা থেকে ৫ হাজার ৭৫০টি আগ্নেয়াস্ত্র লুট হয়। গোলাবারুদ লুট হয় ৬ লাখ ৫১ হাজার ৬০৯টি। লুট হওয়া আগ্নেয়াস্ত্র-গোলাবারুদের মধ্যে আছে বিভিন্ন ধরনের ২-এর পাতায় দেখুন

আ. লীগকে নিষিদ্ধ করা বিএনপির দায়িত্ব নয়, আমাদের দাবি নির্বাচন

স্টাফ রিপোর্টার : আওয়ামী লীগ নিষিদ্ধ করা প্রসঙ্গে বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার উপদেষ্টা আবুল খায়ের ভূঁইয়া বলেছেন, কাউকে নিষিদ্ধ, প্রসিদ্ধ করা বিএনপির দায়িত্ব নয়। সেটা রাষ্ট্রের যারা দায়িত্বে আছেন, তাদের। এ ধরনের দায়-দায়িত্ব আমরা নেবো না। জনগণ যাতে ভোটাধিকার প্রয়োগ করতে পারে, তার একটা ব্যবস্থা করে দ্রুত সময়ে নির্বাচনের রোডম্যাপ দেওয়াটাই বিএনপির দায়িত্ব ও মূল গন্তব্য। এর বাইরে আমরা আর কোনও দাবি উত্থাপন করি না। গত বৃহস্পতিবার সন্ধ্যায় লক্ষ্মীপুর প্রেসক্লাবের হলরুমে সাংবাদিকদের ২-এর পাতায় দেখুন

বিবিসির বিশ্লেষণ

ট্রাম্পের শুল্কারোপ: বিশ্ব বাণিজ্যে ১০০ বছরের মধ্যে সবচেয়ে বড় পরিবর্তন

স্টাফ রিপোর্টার : মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বিভিন্ন দেশের পণ্যের ওপর নতুন করে শুল্ক আরোপ করেছেন। যার প্রভাব এরই মধ্যে বিশ্বের আর্থিক বাজারগুলোতে পড়তে শুরু করেছে। বলা হচ্ছে, তার এই পদক্ষেপের ফলে বৈশ্বিক বাণিজ্যে বড় ধরনের প্রভাব পড়তে পারে। এটি প্রতিফলিত হবে মার্কিন শুল্ক আয়ের গ্রাফের রেখায়, যা এক শতাব্দীতে দেখা যায়নি-এমনকি বিংশ শতাব্দীর ত্রিশের দশকের উচ্চমাত্রার রক্ষণশীল বাণিজ্যনীতির সময়ও না। এটি প্রকাশ পাবে রাতারাতি শেয়ারবাজারের পতনে, বিশেষ করে এশিয়ায়। ট্রাম্প প্রশাসন শুল্ক আরোপের ঘোষণা দেওয়ার পর বিশ্ব বাণিজ্যে যুক্তরাষ্ট্রের এই সিদ্ধান্তের প্রভাব নিয়ে বিবিসির অর্থনীতিবিষয়ক সম্পাদক ফয়সাল ইসলাম মন্তব্য করেন, এসব শুল্ক বিশ্ব অর্থনীতিতে বড় প্রভাব ফেলবে। তার মতে, শুল্ক থেকে পাওয়া রাজস্বের পরিমাণ লাইন চার্টে বসালে বিষয়টি আরও স্পষ্ট হবে। তিনি উল্লেখ করেন, প্রায় ১০০ বছর আগে সেই ত্রিশের দশকে ভীষণভাবে সুরক্ষিত মার্কিন অর্থনীতির আমলে সর্বশেষ শুল্ক থেকে এ ধরনের উচ্চ রাজস্ব আদায়ের নজির দেখা গিয়েছিল। এবার নতুন করে শুল্ক ঘোষণার পর এক রাতেই বিশ্বজুড়ে পুঁজিবাজারের দরপতন, বিশেষ করে এশিয়ার বাজার পরিস্থিতি দেখেও বিষয়টির প্রভাব সম্পর্কে ধারণা পাওয়া যাবে। ট্রাম্প মূলত যুক্তরাষ্ট্রের সব আমদানি পণ্যে সার্বজনীন ১০ শতাংশ শুল্ক আরোপ করেছেন, যা শুক্রবার (৪ এপ্রিল) রাত থেকে কার্যকর হবে। তাছাড়া দেশটির সঙ্গে বাণিজ্যে উদ্বৃত্ত রয়েছে এমন বেশ কিছু দেশের ওপর প্রতিশোধমূলক প্রায় ৫০ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করা হয়েছে। ২-এর পাতায় দেখুন

গরম নিয়ে দুঃসংবাদ দিলো আবহাওয়া অফিস

স্টাফ রিপোর্টার : ঢাকাসহ ১৫ জেলার ওপর দিয়ে বয়ে যাচ্ছে দাবদাহ, এ পরিস্থিতি শনিবার পর্যন্ত অব্যাহত থাকতে পারে বলে আভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। গত বৃহস্পতিবার (৩ এপ্রিল) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ১২০ ঘণ্টার পূর্বাভাসে এসব তথ্য জানানো হয়েছে। আবহাওয়া অধিদপ্তর বলছে, লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকা পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে। আগামী ২৪ ঘণ্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। সেই সঙ্গে সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে ২-এর পাতায় দেখুন

ঈদযাত্রার সাতদিনে যমুনা সেতুতে দুই লাখ যান পারাপার, টোল আদায় ১৯ কোটি

স্টাফ রিপোর্টার : ঈদযাত্রার সাতদিনে যমুনা সেতু দিয়ে ২ লাখ ৪৭ হাজার ৬০১টি যানবাহন পারাপার হয়েছে। ২৪ মার্চ থেকে ৩০ মার্চ রাত ১২টা পর্যন্ত ছোট-বড় বিভিন্ন ধরনের এসব যানবাহন পারাপার হয়। এর ফলে টোল আদায় হয়েছে ১৯ কোটি ১৩ লাখ ৭৯ হাজার ৮৫০ টাকা। এদিকে ২৮ মার্চ একদিনে সেতু দিয়ে ৪৮ হাজার ৩৩৫টি যান পারাপার হয়। যা চলতি বছরের সর্বোচ্চ সেতু দিয়ে যানবাহন পারাপার। এদিকে সেতু দিয়ে গত সাতদিনে বাসের চেয়ে হালকা যানবাহন বেশি পারাপার হয়েছে। সব চেয়ে কম পারাপার হয়েছে মোটরসাইকেল। যমুনা সেতু দিয়ে মোটরসাইকেল ৩৫ হাজার ৮৭৭টি, হালকা যানবাহন ৮১ হাজার ৪৭৭, বাস ৬৩ হাজার ৭৬১ এবং ট্রাক ৪৯ হাজার ৮৮১টি পারাপার হয়েছে। যমুনা সেতু কর্তৃপক্ষ জানায়, ২৪ মার্চ যমুনা সেতু দিয়ে ২৪ হাজার ৯৭টি যানবাহন পারাপার হয়। এর মধ্যে মোটরসাইকেল ১ হাজার ১৬৩টি, হালকা যানবাহন ৬ হাজার ৫৪৭, বাস ৪ হাজার ৬৩৫ এবং ট্রাক ১১ হাজার ৭৫২টি। ২৫ মার্চ ২৯ হাজার ২৩৩টি যানবাহন পারাপার হয়েছে। এরমধ্যে মোটরসাইকেল ২ হাজার ৩৭৪টি, হালকা যানবাহন ৮ হাজার ৬৩৯, বাস ৬ হাজার ৫০৯ এবং ট্রাক ১১ হাজার ৭১১টি সেতু পারাপার হয়েছে। পরেরদিন ২৬ মার্চ সেতু দিয়ে ৩৩ হাজার ৭৬৬টি যানবাহন পারাপার হয়। এরমধ্যে মোটরসাইকেল ৩ হাজার ৮৬৭টি, হালকা যানবাহন ১০ হাজার ৫১৬, বাস ৮ হাজার ৩৩ এবং ১১ হাজার ৩৫০টি ট্রাক সেতু পারাপার হয়েছে। ২-এর পাতায় দেখুন

বিমসটেকের চেয়ারম্যানের দায়িত্ব গ্রহণ করলো বাংলাদেশ

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ আগামী দুই বছরের জন্য বিমসটেকের চেয়ারম্যানের দায়িত্ব গ্রহণ করেছে এবং আঞ্চলিক সহযোগিতা ও উন্নয়নকে এগিয়ে নেওয়ার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে। বাংলাদেশ সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস গতকাল শুক্রবার থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিত ষষ্ঠ বিমসটেক শীর্ষ সম্মেলনে বিমসটেক নেতাদের সঙ্গে যোগ দিয়েছেন। বিমসটেক সদস্য রাষ্ট্রগুলোর নেতারা (সরকার প্রধানরা) সর্বসম্মতিক্রমে

বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক

মানবিক বাংলাদেশ

ঢাকা শনিবার ॥ ০৫ এপ্রিল ২০২৫ ॥ ২২ চৈত্র ১৪৩১ বাংলা

রাজধানীতে ফিরতে শুরু করেছে কর্মজীবী মানুষ

স্টাফ রিপোর্টার : পবিত্র ঈদুল ফিতরের পঞ্চম দিনের রাজধানীতে ফিরতে শুরু করেছেন কর্মব্যস্ত মানুষ। তবে বিগত বছরগুলোর মতন তীব্র ভিড় আর যানবাহনের চাপ নেই রাজধানীতে প্রবেশ ও বাহির মুখ গাবতলী বাস টার্মিনালে। পরিবহন সংশ্লিষ্টরা বলছেন, ছুটি শেষ না হওয়ায় ফিরতি যাত্রীর চাপ কম। তবে আগামীকাল চাপ বাড়তে পারে। শুক্রবার (৪ এপ্রিল) এমন চিত্র দেখা যায় রাজধানীর গাবতলী আন্তজেলা বাস টার্মিনালে। রাজধানীতে ফেরায় চাপ কম থাকায় কোথাও ভোগান্তিতে পড়তে হচ্ছে না বলেছে যাত্রীরা। ফলে ভোগান্তিহীন ফিরতি যাত্রায় স্বস্তি প্রকাশ করছেন যাত্রীরা। সরেজমিনে রাজধানী গাবতলী ঘুরে দেখা গেছে, ছুটি চলাকালীন বিগত দিনগুলোর তুলনায় সড়কে বেড়েছে যান চলাচল। বেড়েছে সাধারণ মানুষের উপস্থিতিও। কিছুক্ষণ পর পর রাজধানীর গাবতলী বাস টার্মিনালে আসছে ফিরতি ঈদ যাত্রার দূরপাল্লার পরিবহন। তবে ফিরতি এ যাত্রায় দূরপাল্লার পরিবহনে চোখে পড়ার মতো যাত্রীর চাপ দেখা যায়নি। পরিবারের সঙ্গে ঈদ আনন্দ শেষ করে নাটোর থেকে রাজধানীতে ফিরেছেন অন্ত মাহবুব। তিনি বলেন, আগামীকাল থেকে অফিস শুরু হবে। তাই আজ ফিরে এসেছি। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, সড়কে কোথাও যানজট বা কোনো ধরনের ভোগান্তিতে পড়তে হয়নি। বাড়িতে গিয়েই ফিরতি টিকিট কেটে রেখেছিলাম তাই আসার সময় টিকিট পাওয়ারও কোনো সমস্যা হয়নি। সব মিলিয়ে এবারের ঈদ যাত্রায় টিকিট পেতে কোনো ভোগান্তি ছিল না। দিনাজপুর থেকে পরিবার নিয়ে রাজধানীতে ফিরলেন জুবায়ের হোসেন। তিনি জানান, আগামীকাল ছুটি শেষ হবে আমার। রোববার থেকে অফিস শুরু। যেহেতু পরিবার নিয়ে ফিরতে হলো তাই আজই ফিরে এলাম যাতে একদিন অন্তত বিশ্রাম নিয়ে অফিস শুরু করতে পারি। তিনি বলেন, রাস্তার কোথাও তেমন কোনো ঝামেলা হয়নি।

৭-এর পাতায় দেখুন

জেল খেটে দেশে ফিরলেন ১০ সৌদি প্রবাসী

স্টাফ রিপোর্টার : গত ৫ আগস্ট সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হওয়ার পর সৌদি আরবে ঘরোয়া আয়োজন করার সময় গ্রেপ্তার হন কয়েকজন প্রবাসী বাংলাদেশি। তার মধ্যে ১০ জনকে দেশে ফেরত পাঠিয়েছে সৌদি সরকার। গত বৃহস্পতিবার দিবাগত রাত দেড়টায় সৌদি এয়ারলাইনসের একটি ফ্লাইটে তারা দেশে পৌছান। তাদের মধ্যে কয়েকজন বিএনপি'র রাজনীতির সঙ্গে জড়িত। বিমানবন্দরে নেমে তারা উপস্থিত সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। সেখানে ইয়াকুব নামে একজন প্রবাসী ব্যবসায়ী বলেন, বাংলাদেশ সরকারকে আমরা অসংখ্য ধন্যবাদ জানাই। সরকারের সহযোগিতায় আমরা প্রায় ৮ মাস পর বন্দিখানা থেকে মুক্তি হতে পেরেছি। গত বছরের ৯ আগস্ট বাংলাদেশের শান্তি রক্ষার জন্য আমরা একটা আয়োজন করেছিলাম। সৌদি আরব সরকার বলেছে কোনও বাংলাদেশি মিছিল, ব্যানার, পোস্টার করলে তাদের ধরে দেশে ফেরত পাঠিয়ে দিতে। আমরা সে দেশের আইনকে শ্রদ্ধা জানিয়ে গত ২০ বছর সেখানে অবস্থান করেছি। কিন্তু আমাদের ভুল ছিল এতটুকুই, আমরা জানতাম না যে ঘরোয়াভাবেও আয়োজন করা অন্যায় তিনি আরও বলেন, সৌদি আরব খাবারের জন্য অনেক বিখ্যাত। তারা গরিব মানুষকে খাইয়ে থাকে, আমরা সেই বিবেচনায় আন্দোলনে শহীদের জন্য দোয়া মাহফিলের আয়োজন

৭-এর পাতায় দেখুন

পার্বত্য চট্টগ্রামের অর্থনৈতিক উন্নয়ন ঘটাতে চাই: পার্বত্য উপদেষ্টা

রাঙ্গামাটি প্রতিনিধি : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা সুপ্রদীপ চাকমা বলেছেন, পার্বত্য চট্টগ্রামের অর্থনৈতিক উন্নয়ন ঘটাতে চাই। গতকাল শুক্রবার রাঙ্গামাটি সার্কিট হাউসে জেলার ছাত্র প্রতিনিধিরা উপদেষ্টার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এ কথা বলেন। উপদেষ্টা বলেন, 'আমাদের এ সরকার দেশের উন্নয়ন চায়। মানুষের মনে শান্তি অব্যাহত রাখতে চায়। আগে নিজেকে জানতে হবে-নিজের দোষ ত্রুটি সম্পর্কে জেনে অন্যায় কাজগুলো বাদ দিয়ে সত্যের সন্ধানে নিজেকে সত্যপথে নিয়োজিত করতে হবে।'তিনি বলেন, এদেশ গড়ার প্রত্যয় সবার। কে-কার বিরুদ্ধে অভিযোগ করলেন, কে-কাকে দোষারোপ করলেন? কারো কানকথায় গুজবের পিছনে না ছুটে সঠিক পথে আপনাদের থাকতে হবে। সুপ্রদীপ চাকমা বলেন, সরকারের আর্থিক অনুদান ও অন্যান্য সহযোগিতা হলো একটি চলমান প্রক্রিয়া। চাকমা, মারমা, ত্রিপুরা, বাঙালিসহ যারা পার্বত্য চট্টগ্রামের অধিবাসী-সরকারের সাহায্য সহযোগিতা পাবার অধিকার তাদের সবারই আছে। তিনি বলেন, পর্যায়ক্রমে সবাইকে সরকারি অনুদান ও অন্যান্য সহযোগিতা দেয়া হবে। উপদেষ্টা বলেন, আমরা পার্বত্য চট্টগ্রামের অর্থনৈতিক উন্নয়ন ঘটাতে চাই। আমরা কৃষি ক্ষেত্রে বিপ্লব ঘটাবো। পার্বত্য অঞ্চলের নারীদের আত্মকর্মসংস্থানের সুযোগ করে দেবো। আমাদের এই সরকার দেশের সার্বিক উন্নয়ন চায়। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও ভারত সরকার প্রধান নরেন্দ্র মোদির সঙ্গে দ্বিপাক্ষিক বিষয়ে আলোচনা ইতিবাচক হবে বলে আশাবাদ ব্যক্ত করেন উপদেষ্টা সুপ্রদীপ চাকমা। রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের সদস্য ও ছাত্র প্রতিনিধি মিনহাজ মুরশিদের নেতৃত্বে এ সময় রাঙ্গামাটি ছাত্র প্রতিনিধিদের মধ্যে ওয়াহিদুজ্জামান রোমান, মো. ইমাম হোছাইন ইমু, রায়হান চৌধুরী শুভ, তানেইম ইবনে আলম, সায়েদা ইসলাম সাদিয়া, মারুফ আলম সেজান ও এম. আকতারুজ্জামান অপু প্রমুখ উপস্থিত ছিলেন।

মাদারীপুরে কুপিয়ে মাছচাষির হাত বিচ্ছিন্ন করল দুর্বৃত্তরা

মাদারীপুর প্রতিনিধি : মাদারীপুর জেলার কালকিনি উপজেলায় ইউনুস সরদার (৪৫) নামে এক মাছচাষিকে কুপিয়ে হাত বিচ্ছিন্ন করেছে দুর্বৃত্তরা। এসময় পিটিয়ে আহত করা হয়েছে তার স্ত্রীকেও। স্ত্রী শঙ্কামুক্ত হলেও আশঙ্কাজনক অবস্থায় ইউনুস সরদারকে বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহত ইউনুস কালকিনি উপজেলার সিডিখান ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের দিনচর গ্রামের মফেজ সরদারের ছেলে। জানা গেছে, গতকাল শুক্রবার ভোরে একদল দুর্বৃত্ত জানালা ভেঙে ইউনুসের ঘরে ঢুকে সব তছনছ করে। এরপর কুপিয়ে ইউনুসের হাত বিচ্ছিন্ন করা হয়। এসময় ঠেকাতে গেলে পিটিয়ে আহত করা হয় তার স্ত্রীকে। তাদের চিৎকারে আশপাশের লোকজন এগিয়ে এলে পালিয়ে যায় দুর্বৃত্তরা। পরে ইউনুসকে উদ্ধার করে প্রথমে পাশের বরিশালের গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হলে পরে তাকে পাঠানো হয় বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে। কালকিনির সিডিখান ইউনিয়ন পরিষদের ১ নম্বর ওয়ার্ডের

৭-এর পাতায় দেখুন

দাম কমেছে মাংসের, কিছুটা বাড়তি মাছ-সবজিতে

স্টাফ রিপোর্টার : পবিত্র ঈদুল ফিতরের পর রাজধানীর কাঁচাবাজারগুলো এখন অনেকটাই ফাঁকা। বেশির ভাগ দোকানপাট বন্ধ; পণ্যের সরবরাহও কম। শুক্রবার (৪ এপ্রিল) রাজধানীর শেওড়াপাড়া, মোহাম্মদপুর কৃষি মার্কেট, কারওয়ান বাজার ঘুরে এই চিত্র দেখা গেছে। বিক্রেতারা জানান, মানুষ এখনও ঢাকায় ফেরেননি। এ কারণে বাজারে ক্রেতার উপস্থিতি ও কেনাবেচা কম। বাজার ঘুরে দেখা যায়, সবজির সরবরাহ কিছুটা কম। এ কারণে কাঁচা মরিচ, টমেটো, পেঁপেসহ কিছু সবজির দাম বেড়েছে। আগের মতোই চড়া লেবু ও শসার দাম। গতকাল প্রতি কেজি টমেটো বিক্রি হচ্ছে ৫০ থেকে ৬০ টাকায়। সপ্তাহ দুই আগে টমেটো বিক্রি হয়েছিল ২০-৩০ টাকায়। পেঁপে ও কাঁচা মরিচের দাম কেজিতে ২০ টাকার মতো বেড়েছে। গতকাল প্রতি কেজি পেঁপে ৬০ টাকা এবং মরিচ ৭০ থেকে ১২০ টাকা দরে বিক্রি হতে দেখা যায়। প্রতি কেজি করলা ৬০-৭০ টাকা, বরবটি ৩০-৪০ টাকা, ঢ্যাঁড়শ ৩০ টাকা, আলু ২০-২২ টাকা, মিষ্টি আলু ৩০ টাকা, লতি ৪০-৫০ টাকা ও পটোল ৬০ টাকায় বিক্রি হচ্ছে। কহি ৩০ টাকা, সজনে ডাটা ১২০ টাকা ও ধনেপাতা ৩০-৪০ টাকায় বিক্রি হচ্ছে। এ ছাড়া প্রতি কেজি বেগুন ৫০-৭০ টাকা ও শসা বিক্রি হচ্ছে ৩০-৪০ টাকায়। আর প্রতি হালি লেবু বিক্রি হচ্ছে ৩০-৪০ টাকায়। রাজধানীর কারওয়ানবাজারের সবজি বিক্রেতা আবুল বলেন, ক্রেতা না থাকায় শাক-সবজির দাম ১০ টাকা পর্যন্ত কমেছে। তবে কিছু সবাজির দাম বেড়েছে। দাম কমেছে মাংসের বাজারেও। প্রতি কেজি ব্রয়লার মুরগি ২০০ থেকে ২১০ টাকায় বিক্রি হচ্ছে। এক কেজি সোনালি মুরগি বিক্রি হয়েছে ২৮০ থেকে ৩১০ টাকায়। প্রতি কেজি গরুর মাংস বাজারভেদে বিক্রি হচ্ছে ৭০০ থেকে ৭৫০ টাকায়। বর্তমানে চাষের মাছের সরবরাহ কিছুটা কম। প্রতি কেজি চাষের চিংড়ি ৬৫০ থেকে ৭৫০ টাকা এবং নদীর চিংড়ি ৮০০ থেকে ১ হাজার ২০০ টাকায় বিক্রি হচ্ছে। এ ছাড়া কই, শিং, শোল, ট্যাংরা ও পুঁটির দাম বাড়তি। প্রতি কেজি চাষের রুই ৩০০-৩৫০ টাকা, তেলাপিয়া ২০০-২২০ টাকা ও পাঙাশ ২০০-২৫০ টাকায় বিক্রি হয়েছে। বাজারে আগের দামেই বিক্রি হচ্ছে ডিম। প্রতি ডজন লাল ডিম ১১৫-১২০ টাকা ও সাদা ডিম বিক্রি হচ্ছে ১১০-১১৫ টাকায়। আর প্রতি ডজন হাঁসের ডিম ১৮০-২০০ টাকা ও দেশি মুরগির ডিম ২২০ টাকায় বিক্রি হচ্ছে।

ময়মনসিংহে পুকুরে ডুবে কিশোরের মৃত্যু

ময়মনসিংহ প্রতিনিধি : ময়মনসিংহের আঞ্জুমান ঈদগাহ মাঠের পুকুরে ডুবে মো. রায়হান (১০) নামের এক কিশোরের মৃত্যু হয়েছে। রায়হান সদরের বোররচর ইউনিয়নের বোররচর গ্রামের মো. শাহ পরানের ছেলে। গত বৃহস্পতিবার রাত ৮টার দিকে পুকুর থেকে রায়হানের লাশ উদ্ধার করে ফায়ার সার্ভিসের ডুবুরি দল। বিষয়টি নিশ্চিত করে ময়মনসিংহ সদর ফায়ার স্টেশনের টিম লিডার মো. সারোয়ার হোসেন বলেন, সন্ধ্যায় পুকুরে গোসলে নেমে বেশি পানিতে গিয়ে ডুবে যায় রায়হান। সন্ধ্যা সোয়া ৭টার দিকে খোঁজাখুঁজির একপর্যায়ে পুকুরে রায়হানের লাশ পুকুরে ভাসতে দেখেন পরিবারের লোকজন। এমতাবস্থায় তাৎক্ষণিক ফায়ার সার্ভিসে কল দিলে ডুবুরিদল গিয়ে লাশটি উদ্ধার করে। এ বিষয়ে ময়মনসিংহ কোতোয়ালি মডেল থানার ওসি মো. সফিকুল ইসলাম বলেন, সদরের বোররচর গ্রাম থেকে ঈদ উপলক্ষে শহরে পরিবারের সঙ্গে বেড়াতে এসেছিল রায়হান। পরে গোসল করতে গিয়ে সে মারা যায়। এ পুকুরে ডুবে এর আগেও মৃত্যুর ঘটনা ঘটেছে। এ ঘটনায় থানায় অপমৃত্যু মামলা প্রক্রিয়াধীন।

৩০০ আসনে প্রার্থী দিতে প্রস্তুত এনসিপি: সারজিস

রংপুর প্রতিনিধি : জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ৩০০ আসনে প্রার্থী দিতে প্রস্তুত বলে জানিয়েছেন দলটির উত্তরাঞ্চল মুখ্য সংগঠক সারজিস আলম। শুক্রবার (৪ এপ্রিল) দুপুরে রংপুর নগরীর কেরামতিয়া মসজিদে জুম্মার নামাজ শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। সারজিস আলম বলেন, এনসিপি আত্মপ্রকাশ করেছে এক মাস হয়েছে। আমরা সর্বোচ্চ চেষ্টা করবো সৎ, যোগ্য ও দেশপ্রেমিক প্রার্থীদের মনোনয়ন দিতে। তিনি বলেন, বিগত এক যুগ ধরে বাংলাদেশে গণমানুষের রাজনীতি ছিল না। রাজনীতি ছিল টাকা দিয়ে মনোনয়ন কেনা এবং রাতের আধারে কারচুপির মাধ্যমে নির্বাচিত হয়ে সংসদে যাওয়া। উত্তরাঞ্চলের এই মুখ্য সংগঠক বলেন, এনসিপি যদি জনগণের চাওয়া অনুযায়ী কাজ করতে পারে, তাহলে জনগণ তাদের রায় দিয়ে সংসদে নিয়ে যাবে। সারজিস আলম বলেন, জুলাই-আগস্টে যে রক্তাক্ত নিথর দেহগুলো ছিল। সেগুলোকে সামনে রাখতে পারলে আমরা জুলাই অভ্যুত্থানের যে স্পিরিট সেটা থেকে কখনও বিচ্যুত হব না। তিনি বলেন, চলতি মাসেই জেলা ও উপজেলা কমিটি দেওয়া হবে। আমাদের অসংখ্য শুভাকাঙ্ক্ষী রয়েছে। তারা মনে করেন এই তরুণরা দেশের অভ্যুত্থানে নেতৃত্ব দিয়েছে এবং জেলা-উপজেলার নেতৃত্ব দেওয়ার দক্ষতা তাদের রয়েছে। এ সময় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন রংপুর জেলা কমিটির আহ্বায়ক ইমরান আহমেদ, মহানগর কমিটির আহ্বায়ক ইমতিয়াজ ইমতি, সদস্য সচিত রহমত আলীসহ আরও অনেক উপস্থিত ছিলেন।

টাঙ্গাইলে বৈদ্যুতিক খুঁটি মাথায় পড়ে আনসার সদস্যের মৃত্যু

টাঙ্গাইল প্রতিনিধি : টাঙ্গাইলের দেলদুয়ার উপজেলায় সড়ক দুর্ঘটনায় শফিউল্লাহ মিয়া (৪৭) নামে এক আনসার কমান্ডারের মৃত্যু হয়েছে। গতকাল শুক্রবার ভোরে এ দুর্ঘটনা ঘটে। নিহত শফিউল্লাহ মিয়া উপজেলার মৌলভীপাড়া গ্রামের মৃত হাবিবুল্লাহর ছেলে। তিনি কুমিল্লার মনোহরগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে নিরাপত্তার দায়িত্বে থাকা আনসার সদস্যদের প্লাটুন কমান্ডার (পিসি)। পারিবারিক সূত্রে জানা যায়, ঈদের ছুটিতে গত ২৮ মার্চ বাড়িতে এসেছিলেন শফিউল্লাহ। ছুটি শেষে গতকাল শুক্রবার কর্মস্থলে ফেরার কথা ছিল তার। গতকাল শুক্রবার ভোরে হাঁটতে বেরিয়েছিলেন তিনি। এসময় নিয়ন্ত্রণ হারিয়ে দ্রুতগতির একটি ট্রাক বৈদ্যুতিক খুঁটিতে ধাক্কা দিলে খুঁটিটি ভেঙে শফিউল্লাহর মাথায় পড়ে। এতে গুরুতর আহত হন তিনি। এ অবস্থায় শফিউল্লাহকে উদ্ধার করে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। দেলদুয়ার থানার উপপ?রিদর্শক (এসআই) মোহাম্মদ আলী বিষয়টি নিশ্চিত করেছেন।

ভোলায় গৃহবধূর ঝুলন্ত লাশ উদ্ধার

স্টাফ রিপোর্টার : ভোলার বোরহানউদ্দিন উপজেলায় রান্নাঘর থেকে সাথী বেগম (২৩) নামে এক গৃহবধূর ঝুলন্ত লাশ উদ্ধার করা হয়েছে। সাথী বেগম উপজেলার টবগী ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের মুলাইপত্তন গ্রামের মো. আব্দুর রহিমের স্ত্রী। গত বৃহস্পতিবার সন্ধ্যার দিকে তার লাশ উদ্ধার করা হয়। স্থানীয়রা জানান, সন্ধ্যার দিকে সাথীর শ্বশুরবাড়ির লোকজন রান্নাঘরে সাথীর ঝুলন্ত দেখতে পেয়ে ডাক-চিৎকার করেন। পরে তাকে উদ্ধার করে বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। তবে কি কারণে এমন ঘটনা তা তারা নিশ্চিত হতে পারেননি। বোরহানউদ্দিন থানার ওসি মো. সিদ্দিকুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, সাথী বেগম নামে এক গৃহবধূর ঝুলন্ত লাশ উদ্ধার করা হয়েছে। বিষয়টি তদন্তাধীন।

সময়ের পরিক্রমায় হারিয়ে যেতে বসেছে ঐতিহ্যবাহী গরুর গাড়ি। এক সময় দেশের বিভিন্ন অঞ্চলের মানুষের সংস্কৃতির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত ছিল গরুর গাড়ি। এই গাড়িকে কেন্দ্র করেই রচিত হয়েছিল 'ও কি গাড়িয়াল ভাই, কত রব আমি পন্থের দিকে চাইয়া রে' মতো জনপ্রিয় ভাওয়াইয়া গান। এখন সারা দিন চেয়ে থাকলেও গরুর গাড়ি চোখে পড়ে না। ছবিটি রংপুরের গঙ্গাচড়া জায়গায় থেকে তোলা।

দৌলতদিয়া ফেরিঘাটে যাত্রীর চাপ বাড়লেও নেই ভোগান্তি

রাজবাড়ী প্রতিনিধি : প্রিয়জনদের সঙ্গে ঈদ উদযাপন শেষে রাজধানী ঢাকায় ফিরছে মানুষ। ফলে রাজবাড়ী গোয়ালন্দের দৌলতদিয়া ফেরিঘাটে যাত্রী ও যানবাহনের চাপ বেড়েছে। তবে সড়কে ও ঘাট এলাকায় যানজট না থাকায় ভোগান্তি ছাড়াই গন্তব্যে যাচ্ছেন যাত্রীরা। গতকাল শুক্রবার সকালে দৌলতদিয়া ফেরিঘাটে গিয়ে দেখা যায়, ভোর থেকেই ঘাট এলাকায় যাত্রী ও যানবাহনের চাপ রয়েছে। তবে সড়কে কোনো ধরনের যানজট নেই। সানজিদা আক্তার, রাশেদুল ইসলাম মিয়াসহ কয়েকজন যাত্রী বলেন, ঈদ শেষে ঢাকায় যাচ্ছি। এবার ঈদের আগে যেমন ভোগান্তি ছাড়া বাড়ি গিয়েছিলাম, তেমনি ঈদ শেষে আবার ভোগান্তি ছাড়া ঢাকায়

৭-এর পাতায় দেখুন

চট্টগ্রামে সড়ক দুর্ঘটনায় নিহত বেড়ে ১১ আহত শিশু আরাধ্যকে ঢাকায় হস্তান্তর

চট্টগ্রাম প্রতিনিধি : চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের লোহাগাড়া উপজেলার চুনতি জাঙ্গালিয়া এলাকায় সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত তিন জনের মধ্যে আরও একজন মারা গেছেন। এ নিয়ে দুর্ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১১ জনে। গতকাল শুক্রবার বেলা ১১টা ৫ মিনিটে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তার নাম তসলিমা আক্তার প্রেমা (২০)। বর্তমানে এ ঘটনায় চমেক হাসপাতালে চিকিৎসাধীন আরও দুই জনের মধ্যে আইসিইউতে চিকিৎসাধীন সাত বছর বয়সী আরাধ্য বিশ্বাস ও হাসপাতালের বেডে আছেন দুর্জয় মণ্ডল (২৫)। এদিকে, আরাধ্য বিশ্বাসকে দুপুর সাড়ে ১২টায় উন্নত চিকিৎসার জন্য চট্টগ্রাম মেডিকেল থেকে ঢাকার স্কয়ার হাসপাতালে নিয়ে যাওয়া হচ্ছে। তার চিকিৎসার সমস্ত ভার নিয়েছে স্কয়ার ফার্মাসিউটিক্যালসের এমডি তপন চৌধুরী। এমনটাই জানানো হয়েছে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল থেকে। বুধবার সকালে চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের লেহাগাড়ার চুনতি জাঙ্গালিয়া এলাকায় বাসের সঙ্গে মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষ হয়। এ দুর্ঘটনায় মোট ১০ জন নিহত হন। আহত হন তিন জন। আহতদের মধ্যে গতকাল শুক্রবার আরও একজন মারা গেছেন। ভয়াবহ এ দুর্ঘটনায় মারা যান শিশু আরাধ্য বিশ্বাসের বাবা দিলীপ কুমার ও মা সাধনা রানী। তারা ঝিনাইদহের শৈলকূপা উপজেলার বোয়ালিয়া গ্রামের বাসিন্দা। বুধবার রাতেই স্বজনদের বুঝিয়ে দেওয়া হয় লাশ। গত বৃহস্পতিবার সকালেই সম্পন্ন হয়েছে তাদের শেষকৃত্য। অথচ একমাত্র মেয়ে আরাধ্য জানে না তার সঙ্গে আর কোনোদিন

৭-এর পাতায় দেখুন

খেলাফত আন্দোলনের আমির আতাউল্লাহ হাফেজ্জীর ইন্তেকাল

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ খেলাফত আন্দোলনের আমির ও হেফাজতে ইসলাম বাংলাদেশের সিনিয়র নায়েবে আমির মাওলানা আতাউল্লাহ হাফেজ্জী ইন্তেকাল করেছেন। গতকাল শুক্রবার বেলা সোয়া ১১টার দিকে কামরাঙ্গীরচর নুরিয়া মাদরাসায় মারা যান তিনি। তার বয়স হয়েছিল ৭৬ বছর। তিনি দীর্ঘদিন ধরে চিকিৎসাধীন ছিলেন। খেলাফত আন্দোলনের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক মুফতি সুলতান মহিউদ্দিন তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন। মাওলানা আতাউল্লাহ হাফেজ্জী স্ত্রী, দুই পুত্র ও এক কন্যাসন্তান রেখে গেছেন। তার জানাজার সময় এখনও নির্ধারণ হয়নি। আল্লামা আতাউল্লাহ হাফেজ্জী ছিলেন যুগশ্রেষ্ঠ বুজুর্গ মাওলানা মুহাম্মদ উল্লাহ হাফেজ্জী

৭-এর পাতায় দেখুন

বিশ্ব বাজারে করোনা মহামারির পর সর্বনিম্নের পথে জ্বালানি তেলের দাম

আন্তর্জাতিক ডেস্ক : করোনা মহামারির মাঝামাঝি সময়ের পর আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম সর্বনিম্নের পথে। মূলত দুইটি কারণে জ্বালানি তেলের দাম কমেছে। একটি হলো মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শুল্কারোপ। অন্যটি হলো ওপেক প্লাসের তেলের উৎপাদন বাড়ানোর ঘোষণা। শুক্রবার (৪ এপ্রিল) ব্যারেলপ্রতি তেলের দাম ২ দশমিক ২৯ ডলার বা ৩ দশমিক ৩ শতাংশ কমে ৬৭ দশমিক ৮৫ ডলারে দাঁড়িয়েছে। অন্যদিকে ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েটের দাম ২ দশমিক ৩২ ডলার বা ৩ দশমিক ৫ শতাংশ কমে ৬৪ দশমিক ৬৩ ডলারে দাঁড়িয়েছে। বুধবার (২ এপ্রিল) হাতেগোনা কয়েকটি দেশ ছাড়া বিশ্বের বেশিরভাগ দেশ ও অঞ্চলের ওপর পাল্টা শুল্ক আরোপ করেছে যুক্তরাষ্ট্র। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তার নির্বাচনী প্রচারণার সময় যুক্তরাষ্ট্রের বাণিজ্যিক অংশীদারদের ওপর এ ধরনের শুল্ক আরোপের ঘোষণা দিয়েছিলেন। দেশটির বাণিজ্য ঘাটতি কমানো এবং মার্কিন শিল্পকে

৭-এর পাতায় দেখুন

মীরসরাইয়ের পর্যটনস্পটগুলোতে দর্শনার্থীদের উপচে পড়া ভিড়

চট্টগ্রাম প্রতিনিধি : পবিত্র ঈদুল ফিতরের ছুটিতে চট্টগ্রামের মীরসরাইয়ের পর্যটনস্পটগুলোতে দর্শনার্থীদের আনাগোনায় মুখরিত হয়ে উঠেছে। সব বয়সী মানুষ ছুটছে প্রকৃতির সান্নিধ্য পেতে। ঈদ উপলক্ষে পর্যটনস্পটগুলোতে পর্যটকদের নিরাপত্তায় নেওয়া হয়েছে মোতায়েন করা হয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যও। এবার ঈদে লম্বা ছুটি পেয়ে ইচ্ছেমতো ঘুরে বেড়াচ্ছেন অনেকে। ঈদের দিন দুপুর থেকে উপজেলার ডজনখানেক পর্যটন স্পটে পর্যটকদের পদচারনায় মুখরিত ছিল। জানা গেছে, ঈদের ৯ দিনের একটানা লম্বা ছুটিতে উপজেলার ১২টি পর্যটনস্পট ভ্রমণপিপাসুদের কাছে অন্যতম আকর্ষণীয় হয়ে উঠছে। কক্সবাজার বা সিলেটের মতো না হলেও মীরসরাইয়ের সবুজ পরিবেশ, নির্মল হ্রদ, মনোরম ঝরনা, সমুদ্র সৈকত প্রকৃতিপ্রেমীদের কাছে টানছে। দর্শনার্থীরা দিন দিন এই উপজেলার বিভিন্ন দর্শনীয় স্থানের প্রতি আকৃষ্ট হচ্ছেন। মীরসরাইয়ে ১২টি পর্যটন স্পটের মধ্যে রয়েছে- দেশের দ্বিতীয় বৃহত্তম কৃত্রিম লেক মহামায়া সেচ প্রকল্প ও হ্রদ, মুহুরী প্রজেক্ট, ডোমখালী সমুদ্র সৈকত, শিল্পজোন সমুদ্র সৈকত, আরশী নগর ফিউচার পার্ক, আট স্তর বিশিষ্ট জলপ্রপাত খৈয়াছড়া ঝরনা, রূপসী ঝরনা, বাওয়াছড়া প্রকল্প, বোয়ালিয়া ঝরনা, জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চলের মেরিন ড্রাইভ সড়কের পাশে উপকূলীয় বন, হিলসডেল মাল্টি ফার্ম অ্যান্ড মধুরিমা রিসোর্ট ও মেলখুম ট্রেইল। এবার ঈদে এখানকার পর্যটনের স্পষ্টগুলো হয়ে উঠেছে লোকে লোকারণ্য। ঈদের চতুর্থ দিন বৃহস্পতিবার বিকালে মুহুরী প্রজেক্ট স্লুইস গেটে গিয়ে দেখা গেছে, পর্যটকদের পদচারণায় মুখরিত পুরো এলাকা। পর্যটকদের কেউ বাঁধের ওপর ছবি তুলছেন কেউবা ফেনী নদীতে নৌকা ভ্রমণ করছেন। পর্যটকদের জন্য বাড়তি আকর্ষণ ছিল ইঞ্জিনচালিত বড় নৌকায় করে নদী ভ্রমণ। এ ছাড়া বায়ু বিদ্যুৎ কেন্দ্রের নিচে গিয়ে ছবি তুলতে দেখা গেছে অনেককে। ঈদের দ্বিতীয় দিন আরশি নগর ফিউচার পার্কে গিয়ে দেখা গেছে, পর্যটকদের প্রচণ্ড ভিড়। এ যেন অন্যরকম আরশিনগর। সব বয়সী মানুষ সেখানে বেড়াতে এসেছেন। ছবি তুলছেন, গল্প করছেন। বিশেষ করে বেশী আনন্দ করতে দেখা গেছে শিশুদের। শিশুদের ভিন্ন ভিন্ন রাইডসে চড়তে দেখা গেছে। অনেকে শিশু বিভিন্ন জীবের আকৃতির সঙ্গে ছবি তুলছেন। মারুফ মডেল প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির

৭-এর পাতায় দেখুন

এবার ৬ মাত্রার ভূমিকম্পে কাঁপল জাপান

আন্তর্জাতিক ডেস্ক : মিয়ানমার-থাইল্যান্ডের পর এবার ভূমিকম্পে কেঁপে উঠেছে জাপান। ওসুমি উপদ্বীপের পূর্ব উপকূলে ৬ মাত্রার এ ভূমিকম্প আঘাত হেনেছে বলে জানিয়েছে দেশটির আবহাওয়া সংস্থা। সংবাদ সংস্থা সিনহুয়া এ নিয়ে সংবাদ প্রকাশ করেছে। জাপানের আবহাওয়া সংস্থা (জেএমএ) জানিয়েছে, বুধবার স্থানীয় সময় রাত ১১টা ৪ মিনিটে মিয়াজাকি প্রিফেকচারের দক্ষিণ অংশে ৪০ কিলোমিটার গভীরে এ ভূমিকম্প অনুভূত হয়। যার তীব্রতা ছিল রিখটার স্কেলে ৬ মাত্রার। তারা জানায়, ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল ৩১ ডিগ্রি উত্তর অক্ষাংশ এবং ১৩১.৫ ডিগ্রি পূর্ব দ্রাঘিমাংশে। তবে এ ভূমিকম্পের ফলে কোনো সুনামি সতর্কতা জারি করা হয়নি সংস্থাটি থেকে। ওসুমি উপদ্বীপ দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় প্রধান দ্বীপ কিউশুতে অবস্থিত। এর আগে মি

শেখ হাসিনা আমলের সব অসম চুক্তি

কমিটির এ সদস্য বলেন, তিস্তা নিয়ে কোনো কথা হবে না, কিসের আলোচনা! চুক্তি পূরণ করতে হবে ভারতকে। হাসিনার আমলে যেসব অসম চুক্তি হয়েছে, সব বাতিল করতে হবে। সীমন্ত হত্যা বন্ধ করতে হবে। এ সময় নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, নানারকম কথা বলা হচ্ছে। কিন্তু, এই সরকারকে নির্বাচন দিতে হবে। নির্বাচন না দিয়ে এই সরকারের কি করার আছে? নির্বাচিত ছিল না বলেই হাসিনাকে সরে যেতে হয়েছে। তিনি পালিয়েছেন। সেখানে ড. ইউনূসের নির্বাচন না করার তো কোনো কারণ নেই। মির্জা আব্বাস বলেন, কচু বাগানে শুকরের উপদ্রব শুরু হয়েছে। জারজ মিল্টন গালি দিয়েছে আব্বাসকে, সেটা সমর্থন দিয়েছে পিনাকী। জঘন্য ভাষায় গালি দেয়া কোনো ভদ্র লোকের মানায় না। তারা যা খুশি তাই করছে। এই পিনাকীরা সবাইকে ধরবে, ড. ইউনূসকেও তারা ধরবে। যারা ভারতকে ভালোবাসে, তারাই বাংলাদেশকে ভালো থাকতে দেবে না। তারা দেশের কোনো সরকারকে কখনোই স্থিতিশীল থাকতে দেবে না। বিএনপির সিনিয়র এ নেতা আরও বলেন, বিএনপি সংস্কার ও নির্বাচন দুটির পক্ষেই। তবে, যে সংস্কার জনগণের স্বার্থের বাইরে থাকবে, তা মেনে নেওয়া হবে না।

শেখ হাসিনার প্রত্যর্পণ চাইলো

(বিমসটেক) শীর্ষ সম্মেলন ২ থেকে ৪ এপ্রিল ব্যাংককে অনুষ্ঠিত হচ্ছে।

প্রয়োজনীয় সংস্কার হয়ে গেলে

হয়েছি। বিমসটেক সম্মেলনে যোগ দিতে পেরে আনন্দিত জানিয়ে প্রধান উপদেষ্টা বলেন, বিমসটেক অঞ্চলের আমাদের প্রতিবেশী দেশগুলোর নেতাদের সঙ্গে এটিই আমার প্রথম সরাসরি আলাপচারিতা। ১৯৯৭ সালে থাইল্যান্ডে শুরু হওয়ার পর থেকে বিমসটেক প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাওয়ার জন্য থাইল্যান্ড সরকারের প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাতে চাই। আমাদের আগমনের পর থেকে আমাকে এবং আমার প্রতিনিধিদলকে যে উষ্ণ অভ্যর্থনা এবং আতিথেয়তা প্রদান করা হয়েছে তার জন্য আমি গভীর কৃতজ্ঞতা জানাতে চাই। বিমসটেক সচিবালয়ে নেতৃত্ব দেওয়ার জন্য মহাসচিব, রাষ্ট্রদূত ইন্দ্র মণি পান্ডের প্রতিও আমার কৃতজ্ঞতা।

উপদেষ্টা-সমন্বয়কদের ফ্রি রুম বিষয়ে

আমাদের দৃষ্টিগোচর হয়েছে। যা সাংবাদিকতার নীতিমালার পরিপন্থী। এ ধরণের সংবাদ প্রকাশের আগে সংশ্লিষ্ট সাংবাদিক ও মিডিয়া হাউসের উচিত ছিল হোটেল কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা। তা না করে যে সংবাদ প্রকাশ করা হয়েছে, তার পরিপ্রেক্ষিতে আমরা স্পষ্টভাবে জানাতে চা, এ ধরনের প্রচারণা সম্পূর্ণ ভিত্তিহীন, বানোয়াট এবং এর কোনও সত্যতা নেই। এতে বলা হয়, মিথ্যা তথ্য প্রচারের মাধ্যমে আমাদের হোটেল, ইন্টারকন্টিনেন্টাল ঢাকার সুনাম ক্ষুণ্ণ করার এই প্রচেষ্টাকে আমরা তীব্র নিন্দা জানাই। আমরা এ বিষয়গুলোকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করছি। এ ধরনের মানহানিকর খবর ছড়ানোর জন্য দায়ী ব্যক্তি এবং প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনি পদক্ষেপ গ্রহণ করা হবে। আমরা আশা করি ভবিষ্যতে এ ধরণের সংবাদ পরিবেশন থেকে সংশ্লিষ্ট গণমাধ্যম বিরত থাকবে। উল্লেখ্য, সম্প্রতি সময়ে প্রকাশিত খবরে বলা হয়েছিলো রাজধানীর শাহবাগে অবস্থিত পাঁচ তারকা হোটেল ইন্টারকন্টিনেন্টাল ছয় মাসে অর্ধশত কোটি টাকারও বেশি লোকসান করেছে। আগের বছরের একই সময়ের তুলনায় হোটেলটির লোকসান বেড়ে দ্বিগুণ হয়েছে। প্রকাশিত খবরে আরও বলা হয়, সমন্বয়ক-উপদেষ্টাদের ১০টি রুম দখল করে দীর্ঘদিন থাকার কারণে সে রুমগুলো ভাড়া দিতে পারছে না হোটেল কর্তৃপক্ষ। গত জুলাইডিসেম্বরে কোম্পানিটি আয় করেছে ৬৭ কোটি টাকা। তার বিপরীতে সব ধরনের খরচ ও কর বাদ দেওয়ার পর ডিসেম্বর শেষে হোটেলটির লোকসানের পরিমাণ দাঁড়ায় প্রায় ৫১ কোটি টাকা।

ব্যবসা পরিচালনার নতুন নিয়মে

এজেন্সির নির্ভরশীল দেশের ৫ হাজারেরও বেশি লাইসেন্সধারী ট্রাভেল এজেন্সি। ফলে এক ট্রাভেল এজেন্সি অন্য ট্রাভেল এজেন্সির সঙ্গে টিকিট কেনাবেচা করতে না পারলে বন্ধ হয়ে যাবে দেশের ৫ হাজারের বেশি লাইসেন্সপ্রাপ্ত মাঝারি ও ছোট প্রতিষ্ঠান। কারণ কম টাকার ব্যাংক গ্যারান্টি থাকার কারণে বড় এয়ারলাইনসগুলোর টিকিট বিক্রির অথরিটি ওসব প্রতিষ্ঠানকে দেবে না। ফলে নতুন নিয়ম কার্যকর হলে বাজার নিয়ন্ত্রণ বড় ট্রাভেল এজেন্সিগুলোর হাতে চলে যাবে। আর টিকিট সংগ্রহের সুযোগ হারাবে কম পুঁজির এজেন্সিগুলো। স্বাভাবিকভাবেই বড় প্রতিষ্ঠানের সঙ্গে মাঝারি ও ছোট প্রতিষ্ঠানগুলো প্রতিযোগিতা করতে পারবে না। ফলে একচেটিয়া ব্যবসার সুযোগ তৈরি হবে এবং এর সুযোগ নেবে বিদেশি ট্রাভেল এজেন্সিগুলো। সূত্র আরো জানায়, ট্রাভেল এজেন্সি ব্যবসা করার জন্য আবশ্যিকভাবে ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশন আয়াটার স্বীকৃতি ও সদস্যপদ নিতে হবে। আয়াটা হচ্ছে একটি টিকিট সেলিং প্ল্যাটফর্ম। পৃথিবীতে দুই ধরনের ট্রাভেল এজেন্সি থাকে। আয়াটা এবং নন-আয়াটা ট্রাভেল এজেন্সি। তবে পৃথিবীর কোথাও ট্রাভেল এজেন্সির ব্যবসা করার জন্য আয়াটার মাধ্যমে টিকিট বিক্রি বাধ্যতামূলক নয়। সাধারণত বড় বড় ট্রাভেল এজেন্সিগুলো আয়াটার সদস্যপদ লাভ করে। কারণ আয়াটায় সব এয়ারলাইনসের টিকিট বিক্রির অথরিটি পেতে হলে কোটি কোটি টাকার ব্যাংক গ্যারান্টির পাশাপাশি কয়েক বছর অপেক্ষা করতে হয়। তাছাড়া আয়াটায় কম টাকার ব্যাংক গ্যারান্টিতে সব এয়ারলাইনসের টিকিট কাটার অনুমতি পাওয়া যায় না। একটি এজেন্সিকে আয়াটার সদস্যপদের জন্য আবেদন করতে হলে কমপক্ষে ৬ মাস ব্যবসা করতে হয়। পাশাপাশি সর্বনিম্ন ৩০ লাখ টাকার ব্যাংক গ্যারান্টিসহ আরো নানা কাগজপত্রের আয়াটার বাংলাদেশের কান্ট্রি ম্যানেজার বরাবর জমা দিতে হয়। সব কাগজপত্র ঠিক থাকলে ওই ৩০ লাখ টাকার গ্যারান্টিতে মাত্র ৩-৪টি এয়ারলাইনসের টিকিট কাটার অনুমতি পাওয়া যায়। ট্রাভেল এজেন্সি গ্যারান্টিকৃত অর্থের সর্বোচ্চ ৭০ শতাংশ অর্থাৎ ২১ লাখ টাকার টিকিট কিনতে পারে। এদিকে বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের তথ্যানুযায়ী, সরকার কর্তৃক নিবন্ধিত এজেন্সিগুলোর মধ্যে আয়াটার স্বীকৃতিপত্র নেই ৪৪৭৬টি প্রতিষ্ঠানের। ফলে নতুন নিয়ম কার্যকরের সঙ্গে সঙ্গে এই এজেন্সিগুলো আর টিকিট বিক্রি করতে পারবে না। তাতে টিকিটের সংকটের পাশাপাশি যাত্রীদের ভোগান্তি বাড়বে।

মিয়ানমারে বাংলাদেশ সেনাবাহিনীর

পরিচালনা করে। স্থানীয় প্রশাসন ও ফায়ার সার্ভিস বিভাগের সহযোগিতায় দলটি কয়েকটি বিধ্বস্ত ভবনে আটকে পড়া ব্যক্তিদের উদ্ধার কার্যক্রমে অংশগ্রহণ করে এবং একটি মৃতদেহ উদ্ধার করা হয়। এছাড়াও আজ বাংলাদেশ উদ্ধারকারী দলের সঙ্গে মিয়ানমারের পররাষ্ট্র মন্ত্রণালয়, ফায়ার সার্ভিস ও অন্যান্য ১৬ টি উদ্ধারকারী দেশের প্রতিনিধিদের একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

অপরদিকে, বাংলাদেশ সশস্ত্র বাহিনীর চিকিৎসা দল নেপিডো শহরের ৫০ শয্যা বিশিষ্ট যবুথিরি ও ১০০ শয্যা বিশিষ্ট লি ওয়ে হাসপাতালে চিকিৎসা সেবা দিয়েছে ভূমিকম্পে আহতদের। আইএসপিআর আরও জানিয়েছে, শনিবারও (৫ এপ্রিল) পুনরায় মিয়ানমার স্থানীয় প্রশাসন, ফায়ার সার্ভিসের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে উদ্ধার কার্যক্রম ও চিকিৎসা কার্যসেবা অব্যাহত থাকবে।

লুট হওয়া অস্ত্রের কিছু উদ্ধার হলেও

রাইফেল, এসএমজি (স্মল মেশিনগান), এলএমজি (লাইট মেশিনগান), পিস্তল, শটগান, গ্যাসগান, কাঁদানে গ্যাস লঞ্চার, কাঁদানে গ্যাসের শেল, কাঁদানে গ্যাসের স্প্রে, সাউন্ড গ্রেনেড ও বিভিন্ন বোরের গুলি। লুট হওয়া আগ্নেয়াস্ত্র-গোলাবারুদ উদ্ধারে গত ৪ সেপ্টেম্বর যৌথ অভিযান শুরু হয়। পুলিশ সদর দপ্তর বলছে, এই অভিযানে ৩ ডিসেম্বর পর্যন্ত ৪ হাজার ৩৩১টি আগ্নেয়াস্ত্র ও ৩ লাখ ৮৮ হাজার ৪৫৬টি গোলাবারুদ উদ্ধার করা হয়। তবে এখনো ১ হাজার ৪১৯টি আগ্নেয়াস্ত্র ও ২ লাখ ৬৩ হাজার ১৫৩টি গোলাবারুদ উদ্ধার করা যায়নি। মুন্সীগঞ্জের শ্রীনগর উপজেলার দোগাছি এলাকার এক্সপ্রেসওয়ের সার্ভিস লেন থেকে শাহিদা আক্তার (২২) নামের এক তরুণীর গুলিবিদ্ধ লাশ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় শাহিদার 'প্রেমিক' তৌহিদ শেখ ওরফে তন্ময়কে গ্রেফতার করা হয়। পুলিশ বলছে, তদন্তে বেরিয়ে আসে, ঢাকার ওয়ারী থানা থেকে লুট করা পিস্তল দিয়ে শাহিদাকে গুলি করে হত্যা করেন তৌহিদ। তার তথ্যের ভিত্তিতে হত্যায় ব্যবহৃত পিস্তলটি উদ্ধার করা হয়। ৫ ডিসেম্বর দুপুরে কুষ্টিয়া শহরের শিশুপার্কের পেছনের নালা পরিষ্কার করার সময় এক পরিচ্ছন্নতাকর্মী একটি শটগান, ছয়টি গুলি ও একটি গুলির খোসা পান। কুষ্টিয়া মডেল থানায় খবর দিলে পুলিশ এসে এগুলো নিয়ে যায়। কুষ্টিয়া মডেল থানা-পুলিশ জানিয়েছে, 'শটগান-গুলি কুষ্টিয়া জেলা পুলিশের। এটি লুট হয়েছিল।' পুলিশের তথ্য অনুযায়ী, ঢাকাসহ সারা দেশে ৪৬০টি থানায় হামলার ঘটনা ঘটেছে। ভাঙচুর, লুটপাট ও আগুন দেওয়ার ঘটনা ঘটেছে ১১৪টি থানা-ফাঁড়িতে। এর মধ্যে শুধু আগুন দেওয়া হয়েছে ৫৮টিতে। ঢাকা মহানগরে ১৩টি থানা আক্রান্ত হয়েছে। আন্দোলনের সময় সহিংসতার ঘটনায় নিহত হয়েছেন ৪৪ পুলিশ। কারা অধিদপ্তরের মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মো. মোতাহের হোসেন সম্প্রতি এক সংবাদ সম্মেলনে বলেন, জুলাই-আগস্ট ছাত্র-জনতার আন্দোলনের সময় দেশের বিভিন্ন কারাগার থেকে ২ হাজার ২০০ আসামি পালান। তাদের মধ্যে ১ হাজার ৫০০ জনকে গ্রেফতার করা হয়েছে। তবে এখনো ৭০০ আসামি পলাতক। তাদের মধ্যে জঙ্গি, ফাঁসির দণ্ডপ্রাপ্ত শীর্ষ সন্ত্রাসীর মতো অতি ঝুঁকিপূর্ণ ৭০ জন আসামি রয়েছেন। এর মধ্যে ২৭ জন জঙ্গি। এছাড়া গণভবনের দায়িত্বে থাকা এসএসএফ সদস্যদের বিভিন্ন ধরনের ট্যাকটিক্যাল গিয়ার, অস্ত্র, গোলাবারুদ, সাজসরঞ্জাম, বেতার যোগাযোগ ও অপারেশনাল সরঞ্জামাদির মজুত ছিল। এছাড়া জাতীয় সংসদ ভবনেও এসএসএফের অস্ত্র-গোলাবারুদ মজুত ছিল। ৫ আগস্ট জনতা গণভবন ও জাতীয় সংসদ ভবনে প্রবেশ করার পর সব অস্ত্র লুট হয়ে যায়। লুট হওয়া অস্ত্রের মধ্যে অত্যাধুনিক অ্যাসল্ট রাইফেল, স্নাইপার রাইফেল, ফ্ল্যাশ ব্যাং গ্রেনেড, অ্যান্টি-ড্রোন সিস্টেম, বেতার যোগাযোগের ডিভাইস ও বিপুল পরিমাণ গোলাবারুদসহ ৩২টি ভারী অস্ত্র এখনো উদ্ধার হয়নি। থানা ও সরকারি স্থাপনার বাইরে ব্যক্তিগত অস্ত্র লুটের ঘটনাও।

আজ ঢাকায় আসছে আইএমএফ

খনিজ সম্পদ বিভাগের বৈঠক হওয়ার কথা রয়েছে। বৈঠক শেষে ১৭ এপ্রিল সফররত আইএমএফের দল প্রেস ব্রিফিং করবে। তবে প্রেস ব্রিফিংয়ের আগে ১৭ এপ্রিল অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদের সঙ্গে আরও একটি বৈঠক করবেন বলে জানা গেছে।

রাজধানীতে ব্যাটারিচালিত

একটি বাসায় টিউশনি শেষে বাসায় ফিরছিলেন সুমি। বাসার কিছুটা দূরে রাস্তা পার হচ্ছিলেন। এসময় দ্রুতগামী একটি অটোরিকশার ধাক্কায় গুরুতর আহত হয়। পরে স্বজনরা উদ্ধার করে প্রথমে মুগদা হাসপাতালে নিয়ে যান। সেখান থেকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে মারা যায়। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পুলিশ ক্যাম্পের ইনচার্জ (পরিদর্শক) মো. ফারুক মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে জানান, রাতে স্বজনরা ওই নারীকে মুমূর্ষু অবস্থায় ঢাকা মেডিকেলে নিয়ে নিয়ে এলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। লাশ ময়নাতদন্তের জন্য মর্গে রাখা হয়েছে।

গাজায় ইসরায়েলি বর্বর হামলায়

তারা গাজা সিটিতে একটি হামাস কমান্ড ও নিয়ন্ত্রণ কেন্দ্র লক্ষ্য করে হামলা চালিয়েছে এবং বেসামরিক হতাহতের সংখ্যা কমানোর জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। তবে, আগের দিনও একই দাবিতে একটি জাতিসংঘ পরিচালিত আশ্রয়কেন্দ্রে হামলা চালানো হয়, যেখানে অন্তত ১৭ জন নিহত হন। হামাস এই হামলাকে নিরীহ মানুষের ওপর বর্বরোচিত গণহত্যা বলে বর্ণনা করেছে এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছে যে তারা যেন এই ধরনের আক্রমণ বন্ধ করতে উদ্যোগী হয়।

ইসরায়েলি বাহিনী (আইডিএফ) জানিয়েছে, ১৮ মার্চ যুদ্ধবিরতি ভঙ্গের পর থেকে তারা গাজায় ৬০০টিরও বেশি স্থানে হামলা চালিয়েছে এবং হামাসের সামরিক ও রাজনৈতিক শাখার ১২ জন শীর্ষ নেতাসহ ২৫০ জনের বেশি সদস্যকে হত্যা করেছে। এরই মধ্যে, ইসরায়েল উত্তর গাজার বাসিন্দাদের তাদের এলাকা ছেড়ে পশ্চিম ও দক্ষিণের আশ্রয়কেন্দ্রগুলোর দিকে যেতে নির্দেশ দিয়েছে। সামরিক বাহিনী হুঁশিয়ারি দিয়ে বলেছে, আমরা এই এলাকায় কঠোরভাবে অভিযান চালাবোড়্যা আরও প্রাণহানির আশঙ্কা বাড়িয়ে তুলেছে। গাজায় দিন দিন নিরাপদ আশ্রয় সংকুচিত হয়ে আসছে, যেখানে সাধারণ মানুষ শুধু বেঁচে থাকার জন্যই লড়াই করছে।

সাতদিনে যৌথবাহিনীর অভিযানে

অভিযানে তালিকাভুক্ত সন্ত্রাসী, চাঁদাবাজ, একাধিক মামলার আসামি, ছিনতাইকারী, কিশোর গ্যাং সদস্য এবং মাদক ব্যবসায়ীসহ মোট ৩৪১ জন অপরাধীকে হাতেনাতে গ্রেপ্তার করা হয়। আইএসপিআর আরও জানায়, গ্রেপ্তারদের কাছ থেকে ১৫টি অবৈধ আগ্নেয়াস্ত্র, ৫৩টি বিভিন্ন ধরনের গোলাবারুদ, মাদকদ্রব্য, সন্ত্রাসী কাজে ব্যবহৃত বিভিন্ন প্রকার দেশী অস্ত্র, চোরাই মোবাইল ফোন, সিম কার্ড, জাল নোট ও নগদ অর্থ উদ্ধার করা হয়। গ্রেপ্তারদের প্রয়োজনীয় জিজ্ঞাসাবাদ এবং আইনি কার্যক্রম সম্পন্নের জন্য সংশ্লিষ্ট এলাকার থানায় হস্তান্তর করা হয়েছে। আইএসপিআর বলছে, ঈদুল ফিতর উপলক্ষে ঈদযাত্রাকে নির্বিঘ্ন ও স্বস্তিদায়ক করতে গণপরিবহনের টার্মিনাল ও স্টেশনগুলোতে টহল, সচেতনতামূলক মাইকিং, কালোবাজারি রোধ ও টিকিটের সুষ্ঠু বণ্টন নিশ্চিত করেছে বাংলাদেশ সেনাবাহিনী। পাশাপাশি, মহাসড়কে বিকল্প রুট, পার্কিং ব্যবস্থা, ট্রাফিক নিয়ন্ত্রণ এবং রোড ব্লক প্রতিরোধে দিনরাত কাজ করেছে সেনা টহল দল, যা ঈদে ঘরমুখো মানুষের যাত্রাকে করেছে সহজ ও নিরাপদ। শিল্পাঞ্চলে সম্ভাব্য অস্থিরতা রোধে মালিক ও শ্রমিকদের সঙ্গে মতবিনিময় ও সমঝোতার মাধ্যমে বেতন-বোনাস পরিশোধ নিশ্চিত করেছে সেনাবাহিনী, ফলে শ্রমিকদের ঈদ উদযাপন হয়েছে শান্তিপূর্ণ ও আনন্দঘন। এছাড়া রোবাস্ট টহল, চেকপোস্ট, মাইকিং ও বিশেষ অভিযানের মাধ্যমে চুরি, ছিনতাই, সন্ত্রাস ও অসামাজিক কার্যকলাপ নিয়ন্ত্রণে রাখা হয়েছে। ধর্মীয় প্রতিষ্ঠান, ঈদগাহ, সরকারি- বেসরকারি গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোতেও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে বাংলাদেশ সেনাবাহিনীর এ ধরনের অভিযান অব্যাহত রয়েছে। সাধারণ জনগণকে যেকোনো সন্দেহজনক কার্যকলাপের বিষয়ে কাছের সেনা ক্যাম্পে তথ্য দেওয়ার জন্য অনুরোধ জানিয়েছে আইএসপিআর

বিমসটেকের চেয়ারম্যানের দায়িত্ব

কৌশলগত রোডম্যাপ। এটি সংগঠনটিকে টেকসই উন্নয়ন এবং গভীর অর্থনৈতিক একীকরণের দিকে পরিচালিত করবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, প্রধান উপদেষ্টা তার বক্তব্যে বিমসটেকের জন্য বাংলাদেশের দৃষ্টিভঙ্গি এবং অগ্রাধিকারগুলি তুলে ধরেন। তার সরকারের অটল প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে তিনি আশ্বস্ত করেন, বাংলাদেশ তার সব নাগরিকের সাংবিধানিক অধিকার সমুন্নত রাখার ক্ষেত্রে অবিচল। পররাষ্ট্র মন্ত্রণালয় আরও জানিয়েছে, ড. মুহাম্মদ ইউনূস মুক্ত বাজার এলাকা চুক্তি এফটিএ সংক্রান্ত বিমসটেক ফ্রেমওয়ার্ক চুক্তি বাস্তবায়নের জরুরি প্রয়োজনীয়তার ওপর জোর দেন এবং পরিবহন সংযোগ সম্পর্কিত বিমসটেক মাস্টার প্ল্যান বাস্তবায়নের গুরুত্বের ওপর জোর দেন। তিনি রাখাইন রাজ্যে স্থিতিশীলতা প্রতিষ্ঠায় মিয়ানমারকে সম্পৃক্ত করার জন্য বিমসটেককে আরও দৃশ্যমান এবং সক্রিয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান, যাতে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের তাদের ভূমিতে প্রত্যাবর্তনের জন্য একটি অনুকূল পরিবেশ তৈরি হয়। থাইল্যান্ডের প্রধানমন্ত্রীর কাছ থেকে সভাপতিত্ব গ্রহণের পর প্রধান উপদেষ্টা একটি অন্তর্ভুক্তিমূলক এবং কর্মমুখী বিমসটেকের প্রতি স্বীকৃতির বিবৃতি দেন। এর আগে সকালে প্রধান উপদেষ্টা থাই বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে প্রাতঃরাশের বৈঠক করেন।

ঈদযাত্রার সাতদিনে যমুনা সেতুতে

২৭ মার্চ সেতু দিয়ে ৩৫ হাজার ২২৭টি যানবাহন পারাপার হয়েছে। এরমধ্যে মোটরসাইকেল ৬ হাজার ১৯৫টি, হালকা যানবাহন ১১ হাজার ২০৪, বাস ৮ হাজার ১৬ এবং ট্রাক ৯ হাজার ৮১২টি সেতু পারাপার হয়েছে। ২৮ মার্চ সেতু দিয়ে ৪৮ হাজার ৩৩৫টি যানবাহন পারাপার হয়েছে। এরমধ্যে মোটরসাইকেল ৯ হাজার ১৬৩টি, হালকা যানবাহন ১৭ হাজার ২৭১, বাস ১২ হাজার ৬৭৫ এবং ট্রাক ৯ হাজার ২২৬টি সেতু পারাপার হয়েছে। ২৯ মার্চ যমুনা সেতু দিয়ে ৪৫ হাজার ৪৭৮টি যানবাহন পারাপার হয়েছে। এরমধ্যে মোটরসাইকেল ৮ হাজার ১৩৭টি, হালকা যানবাহন ১৬ হাজার ৯৪, বাস ১৩ হাজার ৫০৬ এবং ট্রাক ৭ হাজার ৭৪১টি সেতু পারাপার হয়েছে। ৩০ মার্চ ঈদের আগের দিন যমুনা সেতু দিয়ে ৩১ হাজার ৪৬৫টি যানবাহন পারাপার হয়েছে। এরমধ্যে মোটরসাইকেল ৪ হাজার ৯৭৮টি, হালকা যানবাহন ১১ হাজার ২০৬, বাস ১০ হাজার ৩৮৭ এবং ট্রাক ৪ হাজার ৮৯৪টি সেতু পারাপার হয়েছে। এ বিষয়ে যমুনা সেতু সাইট অফিসের নির্বাহী প্রকৌশলী আহসানুল কবীর পাভেল বলেন, ঈদযাত্রায় বঙ্গবন্ধু সেতুর দুই পাশে ১৮টি বুথ দিয়ে যানবাহন চলাচল করে। এরমধ্যে দুই পাশেই দুটি করে মোটরসাইকেলের জন্য আলাদা বুথ করা হয়। প্রতিবছর ঈদে এ মহাসড়ক দিয়ে উত্তরবঙ্গের লাখ লাখ মানুষ যাতায়াত করেন। টাঙ্গাইলের পুলিশ সুপার মিজানুর রহমান বলেন, মহাসড়কে যানজট নিরসনে পুলিশের প্রায় সাড়ে ৭শ সদস্য কাজ করেন। মহাসড়কে ৪ সেক্টর ভাগ করে ২৪ ঘণ্টাই পুলিশ সদস্য কাজ করেছেন। ১৯৯৮ সালে সেতুটি চালু হওয়ার পর থেকে কর্তৃপক্ষ টোল আদায় করে আসছে। বিগত সময়ে সেতুর টোল আদায় করে কমিউটার সিস্টেম নেটওয়ার্ক (সিএনএস)। সরকার পরিবর্তন হওয়ার পর ২৪ সালের শেষের দিক থেকে বর্তমানে চায়না রোড ব্রিজ করপোরেশন টোল আদায় করছে। দেশের দ্বিতীয় বৃহত্তম ঢাকা-টাঙ্গাইল-যমুনা সেতু মহাসড়ক। রাজধানী ঢাকার সঙ্গে সড়ক পথে উত্তরবঙ্গের একমাত্র যোগাযোগ মাধ্যম এ মহাসড়ক। এ সড়ক দিয়ে উত্তর ও দক্ষিণবঙ্গের ২৪টি জেলার যানবাহন চলাচল করে।

গরম নিয়ে দুঃসংবাদ দিলো

পারে এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে। ঢাকা, টাঙ্গাইল, ফরিদপুর, মানিকগঞ্জ, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, দিনাজপুর, নীলফমারী, মৌলভীবাজার, রাঙ্গামাটি, ফেনী, লক্ষ্মীপুর, যশোর ও চুয়াডাঙ্গা জেলার ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ বয়ে যাচ্ছে, যা অব্যাহত থাকতে পারে। শুক্রবার (৪ এপ্রিল) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম এবং সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বিদ্যুৎ চমকানো অথবা বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এ ছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আজ শনিবার (৫ এপ্রিল) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম এবং সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বিদ্যুৎ চমকানো অথবা বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এ ছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। সেই সাথে সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

ট্রাম্পের শুল্কারোপ: বিশ্ব বাণিজ্যে

এশিয়ার দেশগুলোর ওপর শুল্ক আরোপ করা হয়েছে সবচেয়ে বেশি। এতে হাজার হাজার কোম্পানি ও কারখানার পাশাপাশি অনেক দেশের ব্যবসায়িক মডেলই ভেঙে যাবে।

আশাঙ্কা করা হচ্ছে, বিশ্বের বৃহত্তম কোম্পানিগুলোর দ্বারা তৈরি কিছু সরবরাহ শৃঙ্খল তাৎক্ষণিকভাবে ভেঙে যাবে। এর অনিবার্য প্রভাব অবশ্যই তাদেরকে চীনের দিকে ঠেলে দেবে। হোয়াইট হাউসের একজন কর্মকর্তা স্পষ্টভাবে বলেছেন, এটি কোনও আলোচনা নয়, এটি একটি জাতীয় জরুরি অবস্থা। ট্রাম্পের এই নীতির মূল লক্ষ্যই হচ্ছে যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতিকে শূন্যে ফিরিয়ে আনা, যার ফলে বৈশ্বিক অর্থনীতি পুরো বদলে যাবে। পূর্ব এশিয়ার দেশগুলোর ওপর যেভাবে ৩০ থেকে ৪০ শতাংশ শুল্ক আরোপ করা হয়েছে তাতে খুব দ্রুতই পোশাক, খেলনা ও ইলেকট্রনিক্সের দাম হু হু করে বেড়ে যাবে। নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী প্রতিশোধমূলক শুল্ক আরোপ করেছেন ডোনাল্ড ট্রাম্প। যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতি কমানো এবং মার্কিন শিল্পকে সুরক্ষা দেওয়ার লক্ষ্যে এই শুল্ক আরোপ করা হয়েছে বলে দাবি করেছেন তিনি। তার কঠোর শুল্কনীতি থেকে ছাড় পায়নি বাংলাদেশসহ গোটা এশিয়া। মোটা দাগে শুল্ক আরোপ হয়েছে চীন, ভিয়েতনাম, কম্বোডিয়া থেকে শুরু করে ইরাক, শ্রীলঙ্কার মতো দেশগুলোর ওপরও।

আ. লীগকে নিষিদ্ধ করা বিএনপির

সঙ্গে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। তিনি লক্ষ্মীপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সাবেক সভাপতি। দলীয় নেতাকর্মীদের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগের বিষয়ে খায়ের ভূঁইয়া বলেন, 'চাঁদাবাজি ও অপ্রাসঙ্গিক বিষয়ে বিএনপি বা অঙ্গসংগঠনের নেতাকর্মী যাতে সাহস দেখাতে না পারে সেজন্য সর্তক করে দেওয়া হয়েছে। ইতিমধ্যে কিছু লোককে সর্তক করা হয়েছে, আবার কিছু লোককে দল থেকে বহিষ্কারও করা হয়েছে। লক্ষ্মীপুর প্রেসক্লাবের সভাপতি হোসাইন আহমদ হেলালের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন, রায়পুর উপজেলা বিএনপির আহ্বায়ক জেড এম নাজমুল ইসলাম মিঠু, সিনিয়র যুগ্ম আহ্বায়ক সালেহ আহমদ, সদস্য সচিব সফিকুল রহমান ভূঁইয়া, রায়পুর পৌর বিএনপির আহ্বায়ক এ বি এম জিলানি ও সদস্য সচিব সফিকুল আলম আলমাস প্রমুখ।

মাদারীপুরে আগুনে পুড়ল ২ বাড়ি, ১৮ দোকান ও তিন গোডাউন

স্টাফ রিপোর্টার : মাদারীপুরে আগুনে পুড়েছে ১৮ দোকান, দুই বাড়ি ও তিন গোডাউন। এতে কয়েক কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি ব্যবসায়ীদের। গত বৃহস্পতিবার দিনগত রাত সাড়ে ৩টার দিকে শহরের বাণিজ্যিক এলাকা পুরাণবাজারে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, রাত সাড়ে ৩টার দিকে সৌরভ হার্ডওয়্যারের দোকান থেকে প্রথমে আগুনের সূত্রপাত হয়। মুহূর্তেই আগুন চারদিকে ছড়িয়ে পড়ে। এ সময় স্থানীয় মিজানুর রহমানের মালিকানাধীন বাড়ি ও ১৫ দোকান ও শহিদ খানের বাড়ি ও তার মালিকানাধীন তিন দোকান (হার্ডওয়ার) ও তিন গোডাউন পুড়ে ছাই হয়ে গেছে। মাদারীপুর ফায়ার সার্ভিসের সহকারী পরিচালক শফিকুল ইসলাম জানান, খবর পেয়ে মাদারীপুর, কালকিনি ও টেকেরহাট ফায়ার সার্ভিসের ছয়টি ইউনিট প্রায় সাড়ে তিন ঘণ্ট

রাজধানীতে ফিরতে শুরু

ঠিকঠাক ভাবেই ফিরে আসতে পেরেছি। গাড়িতেও বিগত বছরগুলোর মতন অতিরিক্ত যাত্রীর চাপ ছিল না। ফরিদপুর থেকে ঢাকায় ফিরলেন সৌরভ। তিনি বলেন, রাস্তায় কোথাও কোন ভোগান্তি ছিল না। কোন সমস্যা ছাড়ায় ঢাকায় ফিরে আসতে পেরেছি। তিনি বলেন, আগে যাতায়াতের সময় ফেরিঘাটে ঘণ্টার পর ঘণ্টা বসে থাকতে হতো। তবে বিগত বছরগুলোতে টিকিট পেতে যে ভোগান্তি হতো এবার সেই ভোগান্তি নেই। শ্যামলী পরিবহনের চালকের সহকারী মো.আবির আহমেদ বলেন, যাত্রী আছে তবে খুব বেশি তা না। টুকটাক যাত্রী আছে। আশাক রা যায় আগামীকাল যাত্রীর চাপ বাড়বে। তিনি বলেন, বাসে মোটামুটি সব সিটেই যাত্রী ছিল। কিন্তু আগে যেমন যাত্রীর চাপে একাধিক গাড়ি ছেড়ে এসেছে এবার তেমনটা নেই। আবার গাড়িতেও অতিরিক্ত যাত্রী নেই। হানিফ পরিবহনে চালকের সহকারী মো. আলমগীর হোসেন বলেন, এখনো ছুটি শেষ হয়নি এ জন্য যাত্রী কম। তাছাড়া এবার লম্বা ছুটি তাই একবারে যাত্রীর চাপ নেই। কেউ আজ আসছে কেউ কাল আসবে আবার কেউ দুইদিন আগেই চলে আসছে। তবে আগামীকাল কিছুটা যাত্রীর বাড়বে।

জেল খেটে দেশে ফিরলেন ১০ সৌদি

করেছিলাম। সৌদি থেকে ফিরে আসা ওপর এক প্রবাসী দাবি করেন, সৌদির জেলে ১১৯ জন বন্দি ছিলেন। সেখান থেকে ২ জন বাদে বাকি সবাই দেশে ফেরত এসেছেন। বাকি দুই জন পাসপোর্ট সমস্যার কারণে আসতে পারেননি বলেও জানান তিনি। ফিরে আসা প্রবাসী কুমিল্লার মো. জামিল হোসেন জানান, আমরা যা করেছি ঘরোয়াভাবে করেছি, সৌদি আরবের আইন লঙ্ঘন করি নাই। সৌদি সরকার আমাদের বন্দি করেছে ঠিকই, কিন্তু সেটা আওয়ামী লীগের লোকজনের ইন্ধনে। আমরা যারা ফিরে এসেছি সবাই ঠিকাদারি ব্যবসায়ী। আমরা বিএনপির সমর্থক। অন্তর্বর্তী সরকারের কাছে আবেদন আমাদের সৌদি নিষেধাজ্ঞা উঠিয়ে যেন সে দেশে আবার যাওয়ার ব্যবস্থা করে দেয়। আমাদের লাখ লাখ টাকার জিনিসপত্র সেখানে রয়ে গেছে। এ সময় সরকারের সহযোগিতা নিয়ে তারা কর্মস্থলে ফিরে যাওয়ার কথাও জানান।

মাদারীপুরে কুপিয়ে মাছচাষির হাত

সদস্য ও আহত ইউনুসের চাচা সহিদ সরদার বলেন, ইউনুস আমার বংশের ছেলে। তার বাড়ি আমার বাড়ির কাছাকাছি। পূর্ব শত্রুতার জেরে এ হামলার হয়ে থাকতে পারে। কালকিনি থানার ওসি সোহেল রানা জানান, বিষয়টি নিয়ে পুলিশ কাজ করছে।

খেলাফত আন্দোলনের আমির

হুজুর রহ.-এর ছোট ছেলে। মাওলানা আতাউল্লাহ হাফেজ্জী বাংলাদেশ খেলাফত আন্দোলনের আমির, হেফাজতে ইসলাম বাংলাদেশের নায়েবে আমির, জামিয়া নুরিয়া ইসলামিয়ার পরিচালক এবং আম্বরশাহ শাহি জামে মসজিদের প্রধান খতিব ছিলেন।

চট্টগ্রামে সড়ক দুর্ঘটনায় নিহত বেড়ে

দেখা হবে না বাব-মার। এমনকি মা-বাবা যে বেঁচে নেই তাও জানে না আরাধ্য। তার ভরসা এখন বৃদ্ধ দাদু দুলাল বিশ্বাস। বন্ধু ও নিকট আত্মীয়দের সঙ্গে মাইক্রোবাসে বুধবার ভোরে ঢাকা থেকে কক্সবাজার সমুদ্র সৈকতে যাওয়ার পথে লোহাগাড়ার চুনতি জাঙ্গালিয়া এলাকায় সড়ক দুর্ঘটনায় মারা যান দিলীপ, তার স্ত্রী সাধনা রানী ও সাধনার বড় ভাইসহ ১০ জন। চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ফাঁড়ির এসআই নুরুল আলম আশিক জানান, লোহাগাড়ায় দুর্ঘটনায় আহত তিন জনের মধ্যে গতকাল শুক্রবার একজন মারা গেছেন। শিশু আরাধ্য বিশ্বাসের উন্নত চিকিৎসার জন্য ঢাকার স্কয়ার হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। বর্তমানে দুর্জয় মণ্ডল নামে আরও এক যুবক চিকিৎসাধীন আছেন।

সড়কে বসলো গতিরোধক: এদিকে চট্টগ্রাম লোহাগাড়ার চুনতি জাঙ্গালিয়ায় দুর্ঘটনাস্থলে বসানো হয়েছে ৫-৬টি গতিরোধক (স্পিড ব্রেকার)। মুক্তিযুদ্ধবিষয়ক উপদেষ্টার নির্দেশে সড়ক ও জনপথ বিভাগ এসব গতিরোধক বসিয়েছে। পাশাপাশি সড়কের পাশে বসানো খুঁটিতে উড়ছে লাল নিশানা। ঈদের ছুটিতে তিনদিনে এই এলাকায় সড়ক দুর্ঘটনায় ১৬ জনের মৃত্যু হয়, আহত হন অনেকে। চট্টগ্রাম সড়ক ও জনপথ বিভাগ দক্ষিণ এর উপপ্রকৌশলী আবু হানিফ বলেন, দুর্ঘটনা রোধে ৭-৮ ইঞ্চি উচ্চতার এসব গতিরোধক বসানো হয়েছে। দোহাজারী থানার ওসি শুভ রঞ্জন চাকমা বলেন, কক্সবাজার থেকে চট্টগ্রামমুখী সড়কের জাঙ্গালিয়া তুলনামূলক ঢালু এবং ডান দিকে বাঁক আছে। ফলে এখানে দ্রুতগতির গাড়ি বিপরীত দিক থেকে আসা গাড়ি দেখার পর গতি কমানোর সুযোগ পায় না। এই গতিরোধকের কারণে গাড়ির গতি নিয়ন্ত্রিত হবে, দুর্ঘটনা কমবে। তবে স্থানীয় বাসিন্দারা বলছেন, এই এলাকার মহাসড়কের একপাশে চুনতি অভয়ারণ্য, আরেক পাশে সংরক্ষিত বনাঞ্চল। ডাকাতিপ্রবণ এলাকা জাঙ্গালিয়া। এখানে অপরিকল্পিত গতিরোধকের কারণে সমস্যা বাড়তে পারে। লোহাগাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. ইনামুল হাছান বলেন, দোহাজারী থেকে চুনতি পর্যন্ত পুরো সড়কটি সরু। দুই লেনের মহাসড়কে মাত্র ১৬ ফুট প্রশস্ত। ঈদের আগে দোহাজারী থেকে কেরানীহাট পর্যন্ত ৭ কিলোমিটার সড়কের দুইপাশে ৫ ফুট করে মোট ১০ ফুট প্রশস্ত করা হয়। জাঙ্গালিয়ার ওই অংশে সড়ক উঁচু-নিচু ও আঁকাবাঁকা। মহাসড়কের ওই অংশে কয়েক কিলোমিটার সড়কের বাঁক অপসারণ করে সোজা করা যায় কি-না সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

দৌলতদিয়া ফেরিঘাটে যাত্রীর চাপ

যাচ্ছি। সড়ক ও নৌপথ কোথাও ভোগান্তি নেই। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশনের (বিআইডব্লিউটিসি) দৌলতদিয়া ঘাট শাখার ব্যবস্থাপক মোহাম্মদ সালাহউদ্দিন বলেন, গত কয়েকদিনের তুলনায় আজ সকাল থেকে যাত্রী ও যানবাহনের চাপ বেড়েছে। তবে কোনো প্রকার যানজট বা ভোগান্তি নেই। এই নৌরুটে ছোট-বড় মিলিয়ে ১৭টি ফেরি দিয়ে যানবাহন ও যাত্রী পারাপার হচ্ছে।

বিশ্ব বাজারে করোনা মহামারির পর

সুরক্ষা দেওয়ার লক্ষ্যে এমন কঠোর পদক্ষেপ নেওয়ার কথা জানিয়েছেন তিনি। তবে বিশ্লেষকরা বলছেন, ট্রাম্পের এই পদক্ষেপ যুক্তরাষ্ট্রের দীর্ঘদিনের বাণিজ্য অংশীদারদের সঙ্গে সম্পর্কের অবনতি ঘটাতে পারে এবং বৈশ্বিক বাণিজ্যযুদ্ধে নতুন উত্তেজনা সৃষ্টি করতে পারে। হোয়াইট হাউজের রোজ গার্ডেনে দেওয়া এক ভাষণে ট্রাম্প বলেন, দশকের পর দশক ধরে আমাদের দেশ লুটপাট, শোষণ এবং নিপীড়নের শিকার হয়েছে, তা বন্ধ করার সময় এসেছে। তার ঘোষণা অনুযায়ী, বিশ্বের বিভিন্ন দেশের পণ্যের ওপর সর্বনিম্ন ১০ শতাংশ থেকে সর্বোচ্চ ৫০ শতাংশ পর্যন্ত শুল্ক বসানো হয়েছে। সেক্ষেত্রে যুক্তরাষ্ট্রের প্রতিদ্বন্দ্বী চীনের পণ্য আমদানির ওপর ৩৪ শতাংশ, বাংলাদেশের ওপর ৩৭ শতাংশ, ভারতের ওপর ২৬ শতাংশ, জাপানের ওপর ২৪ শতাংশ এবং ইউরোপীয় ইউনিয়নের ওপর ২০ শতাংশ শুল্ক আরোপ করা হয়েছে।

ট্রাম্প আরও জানান, তিনি অন্যান্য দেশগুলোর তুলনায় যুক্তরাষ্ট্রকে শোষণের হাত থেকে রক্ষার জন্যই এই শুল্ক বসিয়েছেন এবং তা তাদের আমদানি শুল্কের অর্ধেক মাত্র। যুক্তরাষ্ট্রের এমন ঘোষণার পরই তেলের দাম কমে যায়। তাছাড়া ওপেক প্লাস জানিয়েছে, তারা তেলের উৎপাদন বাড়িয়ে দৈনিক চার লাখ ১১ হাজার ব্যারেলে উন্নীত করবে।

মীরসরাইয়ের পর্যটনস্পটগুলোতে

শিক্ষার্থী আয়াত বিন মাঈন বলেন, আমার বাবার সঙ্গে এখানে বেড়াতে এসেছি। কয়েকটি রাইডসে চড়েছি, আমার অনেক ভালো লেগেছে। ডোমখালী সমুদ্র সৈকতে ছুটে যাচ্ছেন মানুষ। অপরূপ সৌন্দর্যে ঘেরা একস্থান ডোমখালী। ঝাউবন, লাল কাঁকড়ার চর, উত্তাল সাগরে নৌকা ভেসে বেড়ানো, জেলেদের মাছ ধরার দৃশ্য, হরিণের পদচিহ্ন সবই দেখতে ছুটে যাচ্ছেন সব বয়সী মানুষ। শুধু দিনে নয়, রাতেও সাগর পাড়ে দেখা মেলে অসংখ্য মোটরসাইকেল ও প্রাইভেটকারের। রাতে বিশাল সমুদ্রের গর্জন কান পেতে শুনে সেখানে ছুটে যান তরুণরা। উপজেলার আরেক কৃত্রিম লেক বাওয়াছড়ায় যাচ্ছেন লোকজন। ঈদের ছুটিতে ঘরে বসে না থেকে সবাই যাচ্ছেন এই স্পটে। বাওয়াছড়া লেক স্থানীয়ভাবে নীলাম্বর লেক নামেও পরিচিত। এখানে দুই পাশের সুউচ্চ পাহাড় থেকে পানির অবিরাম লেকে গড়গড়িয়ে পড়ার দৃশ্য ও শব্দ পর্যটকদের সব ক্লান্তি মুহূর্তেই দূর করে দেবে। উপজেলার ঝরনাগুলো রাস্তার মুখে দাঁড়ানো গাড়ি দেখে বোঝা যাচ্ছে কী পরিমাণ ভ্রমণপিপাসু লোকজন ঝরনায় ছুটে গেছেন। যদিও বর্ষা মৌসুমের মতো পানি এখন নেই। তারপরও ঝরনায় আনন্দের কমতি নেই। এভাবে মীরসরাই প্রতিটি পর্যটন স্পটে ছুটে যাচ্ছেন মানুষ। কয়েকটি স্পটে শুধুমাত্র ইজারার কারণে টিকিট সংগ্রহ করে যেতে হয়। বেশির ভাগ পর্যটনস্পট উন্মুক্ত। কুমিল্লা থেকে ঘুরতে আসা মিনহাজ উদ্দিন বলেন, মীরসরাইয়ের সব ঝরনা মোটামুটি দেখা হয়ে গেছে। শুধু বোয়ালিয়া ঝরনা ঘুরতে পারিনি। এবার ঈদের ছুটিতে এখানে ঘুরতে এলাম। খুব ভালো লাগছে, আমরা একটি বাস ভাড়া করে এসেছি। আমাদের গ্রুপে প্রায় ২৮ জন রয়েছে।

মীরসরাই উপজেলার ধুম থেকে মহামায়া ঘুরতে আসা এক নবদম্পতি বলেন, এবার প্রথম এসেছি, খুব ভালো লাগছে। এখানে যে কেউ বারবার আসতে চাইবে। মীরসরাই উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও উপজেলা প্রশাসক মাহফুজা জেরিন বলেন, ঈদের ছুটি থাকায় এবার পর্যটক বেড়েছে। মীরসরাইয়ের বিনোদন কেন্দ্রগুলোতে সারা বছর পর্যটক কমবেশি থাকেন। ঈদের সময় পর্যটকদের বাড়তি চাপ পরিলক্ষিত হয়। ঝরনায় বিশেষ সতর্কতার সঙ্গে গাইড নিয়ে পর্যটকদের আসা-যাওয়া করার জন্য ইজারাদারদের বলা হয়েছে। গাইড ছাড়া কেউ যেন ঝরনা যেতে না পারেন, সে বিষয়েও সংশ্লিষ্টদের নির্দেশনা দেওয়া আছে। পর্যটকদের নিরাপত্তায় আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা নিয়োজিত রয়েছে।

এবার ৬ মাত্রার ভূমিকম্পে কাঁপল

পড়ে, সেতু ভেঙে পড়ে এবং বাঁধ ভেঙে যায়। ফলে অনেক মানুষ ধ্বংসস্তূপের মাঝে চাপা পড়ে। একই সময় থাইল্যান্ডে ভূমিকম্প হয়। যাতে মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ১৭ জনে। তারা সবাই রাজধানী ব্যাংককের বাসিন্দা। বেশিরভাগই একটি বহুতল ভবন ধসে মারা গেছেন। সেখানে এখনও নিখোঁজ রয়েছেন ৮০ জন। ৩০ তলা এই ভবনটি নির্মাণাধীন থাকায় বহু নির্মাণ কর্মী ধ্বংসস্তূপের নীচে আটকা পড়েছেন। বড় বড় খনন যন্ত্র, কুকুর ও থার্মাল ইমেজিং ড্রোনের মাধ্যমে আটকে পড়াদের সন্ধান ও উদ্ধারের চেষ্টা চালাচ্ছেন উদ্ধার কর্মীরা।

পবিত্র ঈদুল ফিতরের পঞ্চম ও

ঘোরা হয়নি। আমরা ছোটবেলার বন্ধু। এখন বিশ্ববিদ্যালয়ের পড়ছি। একটু দূরে বেড়াতে এসেছি। আড্ডা দিলাম একসঙ্গে। এখন কোথাও খাওয়া দাওয়া করবো। তারপর বাড়ি যাবো। মিরপুর ১১ নাম্বার থেকে এসেছেন পরিবহন শ্রমিক রনি আহমেদ। তার স্ত্রী, দুই মেয়ে ও এক ভাতিজা তার সঙ্গে এসেছেন। নয়াবাজার থেকে দুই ছেলে ও স্ত্রীকে নিয়ে সকাল সাড়ে ১০টায় চিড়িয়াখানায় প্রবেশ করেন জ্ঞানেন্দ্রনাথ কুন্ড। বেলা সাড়ে ১২টায় বের হয়ে যান তারা। তিনি বলেন, প্রচণ্ড গরম-আবার সঙ্গে ছোট বাচ্চা, পুরোটা ঘুরতে পারিনি। এদিকে, চিড়িয়াখানায় নতুন প্রাণী না থাকায় বেশিক্ষণ ঘোরার আগ্রহ পাননি অনেকে। তারা বলছেন, ওই একই প্রাণী। তিন বছর আগেও এগুলো দেখেছি। বরং এবার প্রাণির সংখ্যা কম, অনেক খাঁচা খালি। দেখার কিছুই নেই।

মাদারীপুরে ১২ মামলার আসামি গ্রাম

কর্মকর্তা, জেলা প্রশাসক, পুলিশ বিভাগসহ বিভিন্ন দফতরে লিখিত অভিযোগ দেয় বেশ কয়েকজন ভুক্তভোগী। গ্রাম পুলিশের ক্ষমতার দাপটে এমন ঘটনা একাধিকবার ঘটায় বলে জানিয়েছেন একাধিক ভুক্তভোগী। কয়েকবার তাকে সতর্ক করা হলেও কোন প্রতিকার মিলছিল না। মাদারীপুর সদর মডেল থানার ওসি মোকছেদুর রহমান জানান, গ্রেপ্তার কামাল সরদারের বিরুদ্ধে বিভিন্ন ধারায় অন্তত একডজন মামলা রয়েছে। তাকে গ্রেপ্তার দেখানো হয়েছে।

মাধবপুরে মাদক ও চোরাই মোবাইলসহ মাদক ব্যবসায়ী আটক

স্টাফ রিপোর্টার : হবিগঞ্জের মাধবপুর উপজেলার হরিতরা এলাকায় অভিযান চালিয়ে ভারতীয় গাঁজা, ইয়াবা, বিপুল পরিমাণ চোরাই মোবাইল ও দেশীয় অস্ত্রসহ কুখ্যাত মাদক ব্যবসায়ী মোহাম্মদ হোসেন(৩০)কে গ্রেফতার করেছে সেনাবাহিনী। সে উপজেলার বাঘাসুরা ইউনিয়নের হরিতলা গ্রামের মৃত শহীদ মিয়ার ছেলে। সেনা ক্যাম্পের প্রেস বিজ্ঞপ্তিতে জানা যায় গতকাল বৃহস্পতিবার সকাল পনে ৯টার দিকে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে মাধবপুর সেনা ক্যাম্পের একটি আভিযানিক দল হরিতলা গ্রামের মোহাম্মদ হোসেনের বাড়ীতে অভিযান চালিয়ে নগদ ৫ লক্ষ ৫১ হাজার ৯'শ টাকা, ২ কেজি ভারতীয় গাঁজা, ২১ টি এন্ড্রয়েড মোবাইল, ৪৮টি বাটন মোবাইল. ৩ টি পাওয়ার ব্যাংক, ১টি ক্যামেরা, ২টা দা, ১টি কুড়াল ইয়াবার প্যাকেট জব্দ করেন। পরে ধৃত ব্যক্তিকে মাধবপুর থানার ডিউটি অফিসার এস.আই সুমনের কাছে সোর্পদ করেন। থানার অফিসার ইনচার্জ মোঃ আব্দুল্লা আল মামুন এ ব্যাপারে থানায় মামলা দায়ের করা হয়েছে। ধৃত আসামীকে হবিগঞ্জ কোডের মাধ্যমে জেল হাজতে প্রেরন করা হয়েছে।

ইন্দুরকানী মডেল মাধ্যমিক বিদ্যালয় ৭৫ বছর পূর্তি আনুষ্ঠান

স্টাফ রিপোর্টার : পিরোজপুরের ইন্দুরকানীতে উপজেলা সদরের ইন্দুরকানী মেহেউদ্দিন মডেল মাধ্যমিক বিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি প্লাটিনাম জয়ন্তী উৎসব অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটি ছিল প্রাক্তন ও বর্তমান শিক্ষক ও ছাত্র - ছাত্রীদের মিলন মেলা। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বরিশালের বিভাগীয় কমিশনার (আতিরিক্ত সচিব) মোঃ রায়হান কাওসার। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, গত জুলাই ছাত্র আন্দোলনে ছাত্রদের সরকারের বিরুদ্ধে ক্ষোভ ও উত্তেজনা কাছ থেকে দেখিছি। তিনি তরুন প্রজন্ম সহ ছাত্র- ছাত্রীদের নৈতিক শিক্ষা দেওয়ার আহবান জানান। যাতে ভবিষ্যতে দেশ ও দেশের বাইরে তারা নেতৃত্ব দিতে পারে। এ বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীরা দেশের ও দেশের বাইরে ভাল অবস্থানে রয়েছেন। তাদের কে অনুসরণ করে ভবিষ্যৎ ছাত্র-ছাত্রীদের পথ চলার আহবান জানান। ১৫ বছরে দেশে কোন স্বাধীনাতা চিল না, ছিলনা কথা বলার অধিকার। এগুলে শিক্ষিত লোকেরা করেছে। তাই তরুন দের দেশ গড়া কাজে এগিয়ে আসেতে হবে। গতকাল বৃহস্পতিবার ইন্দুরকানী মেহেউদ্দিন মডেল মাধ্যমিক বিদ্যালয় মাঠে বর্নাঢ্য আনুষ্ঠানে প্লাটিনাম জয়ন্তী অনুষ্ঠানের সভাপতি এ্যাড, আকতারুজ্জামান সগীরের সভাপতিত্বে ও সাধারন সম্পাদক এ্যাড তারিকুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাবেক সচিব মোস্তা গাউছুল হক, অতিরিক্ত সচিব এম, এ মান্নান হাওলাদার, পিরোজপুর জেলা বিএনপির আহবায়ক ও শিক্ষক নেতা অধ্যক্ষ আলমগীর হাসেন, অধ্যাপক শহানাজ পারভীন কাজল, প্রকৌশলী মোস্তাফিজুর রহমান, অধ্যক্ষ এম এ কালাম, উপজেলা বিএনপির আহবায়ক ফরিদ হোসেন, সদস্য সচিব মোঃ আলমগীর কবির মান্নু, উপজেলা জামায়েতের আমীর মাওলানা আলী হোসেন, বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ জাহাঙ্গীর আলম দুলাল, প্রবাসী জাহাঙ্গির কবির, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ফায়জুল কবির তালুকদার, সাবেক শিক্ষক হারুন-অর রশিদ প্রমুখ। অনুষ্ঠান শুরুতে বিভাগীয় কমিশনার কেক কেটে অনুষ্ঠনটি উদ্ধোধন করেন।

শ্রমিকদের ঐক্যবদ্ধ থাকার আহবান জানালেন সাবেক এম.পি সামসুজ্জোহা খান

স্টাফ রিপোর্টার : নওগাঁর ধামইরহাটে শ্রমিক ফেডারেশনের আওতাভুক্ত নওগাঁ জেলা ট্রাক, ট্যাংকলড়ী, কভার্ডভ্যান পরিবহন শ্রমিক ইউনিয়ন (২৬৫০) এর শ্রমিক সম্মেলন ২০২৫ অনুষ্ঠিত হয়েছে। ৩ এপ্রিল দুপুর ২ টায় টিএনটি মোড়ে সংগঠনের প্রতিষ্ঠাতা ও সিনিয়র দলিল লেখক মো. হানিফুল ইসলামের সভাপতিত্বে শ্রমিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে কেন্দ্রীয় বিএনপির কৃষি বিষয়ক সম্পাদক ও সাবেক এমপি মো. সামসুজ্জোহা খান জোহা শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দকে ঐক্যবদ্ধ থাকার আহবান জানান। উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক জাহাঙ্গীর আলম লিটনের সঞ্চালনায় সম্মেলনে উপস্থিত ছিলেন নওগাঁ জেলা মহিলা দলের ভারপ্রাপ্ত সভাপতি সামিনা পারভীন পলি, সহ-সভাপতি ও সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান মাজেদা বেগম, নওগাঁ জেলা ট্রাক, ট্যাংকলড়ী, কভার্ডভ্যান পরিবহন শ্রমিক ইউনিয়নের সদস্য সচিব মো. কামরুজ্জামান কামরু, উপজেলা বিএনপি'র সাবেক সম্পাদক এম এ ওয়াদুদ, উপজেলা বিএনপি নেতা মো. হানজালা, উপজেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য শামীম কবির মিল্টন, পৌর বিএনপির সভাপতি মো. সহিদুর রহমান সরকার, সাধারণ সম্পাদক মো. আনারুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আব্দুর রহমান মীর, সাবেক সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান, কেন্দ্রীয় ছাত্রদলের সাবেক সহ-সম্পাদক আল আমিন, ধামইরহাট প্রেস ক্লাবের সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক রাজু, নওগাঁ জেলা ট্রাক, ট্যাংকলড়ী, কভার্ডভ্যান পরিবহন শ্রমিক ইউনিয়ন (২৬৫০) এর ধামইরহাট শাখার সভাপতি মো. দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক মেহেদী হাসান, শ্রমিক নেতা আবু বক্কর, সাবেক সম্পাদক আব্দুর রউফ প্রমুখ উপস্থিত ছিলেন।

চিরিরবন্দরে মিনি ম্যারাথন অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার : দিনাজপুরের চিরিরবন্দরে প্রথমবারের মতো মিনি ম্যারাথন দৌড় অনুষ্ঠিত হয়েছে। গত বুধবার ঈদের তৃতীয় দিন সকাল সাড়ে ৬টায় স্টুডেন্ট এসোসিয়েশন অব চিরিরবন্দরের (স্যাক) আয়োজনে এবং ডাঃ আজগার আলী মেমোরিয়াল হাসপাতাল ও ফ্যাশন ফ্যাক্টরি লিমিটেডের সহযোগিতায় উপজেলার স্টেশন চত্বর সংলগ্ন কেন্দ্রীয় শহীদ মিনার হতে সাড়ে ৭ কিলোমিটার এ মিনি ম্যারাথন দৌড় অনুষ্ঠিত হয়। এ মিনি ম্যারাথন প্রতিযোগিতায় প্রথম স্থান লাভ করেন বীরগঞ্জ উপজেলার মোঃ হানিফ, দ্বিতীয় স্থান লাভ করেন পার্বতীপুর উপজেলার রবিউল ইসলাম এবং তৃতীয় স্থান লাভ করেন একই উপজেলার জুয়েল। স্টুডেন্ট এসোসিয়েশন অব চিরিরবন্দরের (স্যাক) প্রতিষ্ঠাতা সভাপতি ও দুদক কর্মকর্তা হাবিবুর রহমান লাবু, থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. আঃ ওয়াদুদ, ফ্যাশন ফ্যাক্টরি লিঃর এমডি রুকুনুজ্জামান রোকন, রুপালী ব্যাংক লিঃর অফিসার মোঃ আখতারুজ্জামান, স্টুডেন্ট এসোসিয়েশন অব চিরিরবন্দরের (স্যাক) সকল সদস্য, শিক্ষক, ব্যবসায়ী, খেলোয়াড়, ছাত্রসহ শতাধিক দৌড়বিদ এ মিনি ম্যারাথনে অংশগ্রহণ করেন। প্রধান বিচারকের দায়িত্ব পালন করেন চিরিরবন্দর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও ক্রীড়া ব্যাক্তিত্ব মোরশেদ উল আলম। শেষে সকল ফিনিসার দৌড়বিদকে মেডেল ও বিজয়ীদের সম্মানী প্রদান করা হয়।

চাটমোহরের ঢাবিয়ানদের ঈদ পুনর্মিলনী

স্টাফ রিপোর্টার : ঢাকা বিশ্বদ্যিালয়ের প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রীদের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গত মঙ্গলবার বিকেল ৩টায় উপজেলার মথুরাপুর ভিলেজ ক্যাফেতে ঢাকা ইউনিভার্সিটি স্টুডেন্টস এ্যাসোসিয়েশন অব চাটমোহর (ডুসাক) এর আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডুসাক সভাপতি আব্দুল্লাহ আল মূসা। ডুসাক সাধারণ সম্পাদক মামুন সরকারের সঞ্চালনায় অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রাক্তন শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয় জীবনের স্মৃতিচারণ করেন এবং বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিক নির্দেশনা মূলক বক্তব্য রাখেন। ব্রিগেডিয়ার জেনারেল লুৎফর রহমান পলাশ পিএসসি, যুগ্ম সচিব এম আব্দুর রহিম, সহযোগি অধ্যাপক ড.আকরাম হোসাইন (নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়), মেজর জাহাঙ্গীর আলম, আয়কর কর্মকর্তা এম এ হাশেম, সহকারি অধ্যাপক আলামিন হোসেন (বিসিএস শিক্ষা), সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ মনিরুজ্জামান (বিসিএস শিক্ষা), ব্যাংক কর্মকর্তা সুলতান মাহমুদ বাবুল, বিসিআইসি'র প্রশাসনিক কর্মকর্তা ইমতিয়াজ হোসাইন, চারু শিল্পী মিলন রবসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান অনেক শিক্ষার্থী এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। পূনর্মিলনী শেষে ডুসাকের নতুন আংশিক কমিটি ঘোষণা করেন ব্রিগেডিয়ার জেনারেল লুৎফর রহমান। নতুন কমিটিতে আলমাস হুসাইনকে সভাপতি ও আসিফুল ইসলাম অনন্তকে সাধারণ সম্পাদক করা হয়েছে। নতুন কমিটিকে আগামি ১৫ কার্য দিবসের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি করার নির্দেশনা দেওয়া হয়।

চাটমোহরে মতিউর ও মাসুম স্মরণে ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার : পাবনার চাটমোহরে ঈদের পরের দিন গত মঙ্গলবার মরহুম মতিউর রহমান চৌধুরী ও ইমাম মাসুম ইকবাল স্মরণে ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। স্থানীয় আরসিএন এন্ড বিএসএম মডেল পাইলট উচ্চ বিদ্যালয় মাঠ বালুচরে এই ম্যাচের উদ্বোধন করেন চাটমোহর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা বিএনপি'র সাবেক সাধারণ সম্পাদক হাসাদুল ইসলাম হীরা। এসময় ডাঃ এম এ জলিল, সাবেক পৌর কাউন্সিলর মোঃ মাহাতাব হোসেন, চাটমোহর প্রেসক্লাবের সভাপতি হেলালুর রহমান জুয়েল, সাবেক সভাপতি রকিবুর রহমান টুকুন, মোঃ জিয়াউর রহমান, শাফি খোন্দকার, হাসানুজ্জামান সবুজসহ অন্যরা উপস্থিত ছিলেন। ম্যাচ শুরুর আগে মরহুম মতি ও মাসুমের রুহের মাগফেরাত কামনা করে মোনাজাত করা হয়।

চাটমোহরে পাঁচ দিনব্যাপী বাসন্তী পূজা উৎসব

স্টাফ রিপোর্টার : পাবনার চাটমোহর পৌর সদরের দোলবেদীতলা শ্রী শ্রী বলরামদেব মন্দিরে গতকাল বৃহস্পতিবার থেকে শুরু হয়েছে শ্রী শ্রী বাসন্তি পূজা উৎসব। এদিন বাসন্তী দূর্গাদেবীর আমন্ত্রণ ও অধিবাসের মধ্য দিয়ে পূজার আনুষ্ঠানিকতা শুরু হয়েছে। বাসন্তী পূজা উৎসবে রয়েছে পুষ্পাঞ্জলি, ধর্মীয় আলোচনা, সপ্তমী বিহীত পূজা, নবমী সন্ধিপূজা, সন্ধপূজা, নবমী পূজা, বিভিন্ন প্রতিযোগিতা ও প্রতিমা বিসর্জন।

চাটমোহরে স্কাউটার মিলনমেলা অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার : পাবনার চাটমোহরে নবীন-প্রবীণ স্কাউটার মিলনমেলা অনুষ্ঠিত হয়েছে। চাটমোহর উপজেলা স্কাউটস এর হারানো ঐতিহ্য ফিরিয়ে আনার লক্ষ্যে স্মার্ট স্কাউটস টীম চাটমোহর এ মিলন মেলার আয়োজন করে। পার্শ্বডাঙ্গা ইউনিয়ন উচ্চ বিদ্যালয় স্কাউট দল ও বড়াল মুক্ত স্কাউট দলের সহযোগিতায় ঈদের দ্বিতীয় দিন গত মঙ্গলবার পার্শ্বডাঙ্গা ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ে স্কাউটদের মিলনমেলা উৎসবে রূপ নেয়। স্কাউটার মিলন মেলায় ঈশ্বরদীর মোঃ নওশাদ আলী (এল.টি) ২০১৯ সালের শ্রেষ্ঠ স্কাউট লিডার, বাংলাদেশ স্কাউটস রাজশাহী অঞ্চলের সাবেক উপ কমিশনার ও পাবনা জেলা স্কাউটস কমিশনার মির্জা আলী নাসির, আরিফুল হায়দার, এনামুল হক, জাহিদ হাসান, জাহাঙ্গীর আলম রানা, নজরুল ইসলাম মিলন, রশিদ নিউটন, শিক্ষক ও সাংবাদিক মো. নূরুল ইসলাম, আব্দুস সাত্তার, আব্দুস সবুর, সেকেন্দার আলী, মুকুল হোসেন, জুবায়ের হোসেন, আব্দুর রাজ্জাকসহ বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন অঞ্চলের প্রতিনিধি উপস্থিত ছিলেন।

শার্শায় প্রাইভেটকারের ধাক্কায় চাচা-ভাতিজার মৃত্যু

স্টাফ রিপোর্টার : যশোরের শার্শায় দ্রুতগতির একটি প্রাইভেটকারের ধাক্কায় মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে চাচা-ভাতিজার মৃত্যু হয়েছে। গত বুধবার রাত ১১টার দিকে যশোর-বেনাপোল মহাসড়কের শার্শা মিনি স্টেডিয়ামের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- শার্শা উপজেলার বৃত্তিবারীপোতা গ্রামের খলিলুর রহমানের ছেলে রাসেল হোসেন (২০), একই গ্রামের বিল

সম্পাদকীয়

শিল্পের টিকে থাকার লড়াই: গ্যাস সংকট ও মূল্য বৃদ্ধির চ্যালেঞ্জ

শিল্পের টেকসই প্রবৃদ্ধি যে কোনো দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম প্রধান চালিকা শক্তি। কিন্তু বাংলাদেশে শিল্প খাত বর্তমানে মারাত্মক সংকটের মুখে পড়েছে, যার প্রধান কারণ গ্যাসের সংকট ও মূল্য বৃদ্ধির প্রস্তাব। নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের অভাবে শিল্পকারখানাগুলো ৩০ থেকে ৪০ শতাংশ পর্যন্ত উৎপাদন কমাতে বাধ্য হয়েছে, যা শিল্প খাতের টিকে থাকার জন্য হুমকিস্বরূপ। তার ওপর নতুন করে গ্যাসের ট্যারিফ বৃদ্ধির প্রস্তাব শিল্পোদ্যোক্তাদের আরও গভীর অনিশ্চয়তার মধ্যে ফেলে দিয়েছে। বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) ১৬ হাজার কোটি টাকার ঘাটতি পূরণে নতুন ও প্রতিশ্রুত গ্রাহকদের জন্য গ্যাসের মূল্য বৃদ্ধির প্রস্তাব দিয়েছে। এতে করে বিদ্যমান শিল্পপ্রতিষ্ঠানের উৎপাদন ব্যয় আরও বাড়বে এবং প্রতিযোগিতার বাজারে দেশি শিল্প উদ্যোক্তারা পিছিয়ে পড়বেন। শিল্প মালিকদের আশঙ্কা, এতে কর্মসংস্থান কমে যাবে, যা দেশের অর্থনৈতিক স্থিতিশীলতাকে নড়বড়ে করে তুলবে। গাজীপুর, আশুলিয়া, সাভার, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, ভালুকা ও নরসিংদীসহ দেশের প্রধান শিল্পাঞ্চলে গ্যাসের সংকট প্রকট আকার ধারণ করেছে। বিশেষ করে সিরামিক ও স্টিল শিল্পে উৎপাদন ৫০ শতাংশ পর্যন্ত কমে গেছে। নতুন বিনিয়োগ ও উদ্যোক্তা কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে, যার ফলে বিদেশি বিনিয়োগও উল্লেখযোগ্য হারে কমেছে। শিল্প মালিকরা মনে করেন, গ্যাসের মূল্য বৃদ্ধির পরিবর্তে সরকারের উচিত সিস্টেম লস কমানো এবং গ্যাস সরবরাহে দক্ষতা বৃদ্ধি করা। বর্তমানে তিতাস গ্যাসের সিস্টেম লস ১৩.৫৩ শতাংশ, যা যথাযথ ব্যবস্থাপনার মাধ্যমে কমানো সম্ভব। এছাড়া বিদ্যুৎ উৎপাদনে বিকল্প জ্বালানি বিশেষ করে কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রগুলোকে পূর্ণ সক্ষমতায় পরিচালনা করা জরুরি। এলএনজি আমদানিতে দ্বৈত ভ্যাট ও উৎসে কর প্রত্যাহার করেও গ্যাসের মূল্য নিয়ন্ত্রণ করা যেতে পারে। একদিকে শিল্প উৎপাদন হ্রাস পাচ্ছে, অন্যদিকে ব্যয় বেড়ে যাওয়ায় দেশীয় বাজারে প্রতিযোগিতা আরও কঠিন হয়ে পড়ছে। ২০২৩ সালে শিল্প জিডিপি প্রবৃদ্ধি কমে ৩.৫৭ শতাংশে দাঁড়িয়েছে। এর পাশাপাশি বেসরকারি খাতে ঋণ প্রবৃদ্ধি কমে ৭.২৮ শতাংশে নেমে এসেছে এবং সরাসরি বিদেশি বিনিয়োগ ছয় মাসে ৭১ শতাংশ কমেছে। কর্মসংস্থানের ওপর এই সংকটের প্রভাবও গভীর, ২০২৩ সালের জুলাই-সেপ্টেম্বরে বেকারত্ব ৪.৪৪ শতাংশ বেড়ে দাঁড়িয়েছে ২৬.৬ লাখে। কর্মসংস্থান ও অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখার জন্য বর্তমান পরিস্থিতিতে নতুন শিল্পপ্রতিষ্ঠান স্থাপনের উদ্যোগ গ্রহণের পরিবর্তে শিল্পের কার্যক্রম সংকুচিত করার নীতির দিকে এগোনো হচ্ছে। শিল্প ও ব্যবসার স্থিতিশীলতা রক্ষায় সরকারকে অবশ্যই বিকল্প উপায় খুঁজতে হবে। গ্যাস সরবরাহের সক্ষমতা বৃদ্ধি, অপচয় হ্রাস, বিদ্যমান সম্পদের সঠিক ব্যবহার এবং দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সংকট মোকাবিলা করা সম্ভব। অন্যথায়, গ্যাসের মূল্য বৃদ্ধির ফলে শিল্প খাত আরও দুর্বল হয়ে পড়বে এবং সামগ্রিক অর্থনীতি এক গভীর সঙ্কটের মুখে পড়বে।

শিশু ধর্ষণ: সমাজের জন্য লজ্জাজনক ব্যাধি

বাংলাদেশে শিশু ধর্ষণের ঘটনা এক ভয়াবহ এবং উদ্বেগজনক পর্যায়ে পৌঁছেছে, যা শুধু একটি নৃশংস অপরাধ নয়, বরং এটি আমাদের সমাজের মানসিকতার একটি গভীর সংকটের প্রতিফলন। সম্প্রতি মাগুরার ৮ বছরের শিশুটির ধর্ষণ ও হত্যার ঘটনা সারা দেশে ক্ষোভের সৃষ্টি করেছে। কিন্তু এই একক ঘটনাটি কোনোমতেই নতুন নয়–প্রতিদিনই এমন হৃদয়বিদারক ঘটনা ঘটছে, এবং বিশেষজ্ঞদের মতে, শিশুদের বড় একটি অংশ আত্মীয়স্বজন, প্রতিবেশী ও পরিচিতদের দ্বারা ধর্ষণের শিকার হচ্ছে। এটি এমন এক সমস্যা, যা ক্রমশ আমাদের সমাজকে গভীর অন্ধকারে ধাবিত করছে।পত্রপত্রিকার খবরাখবর অনুযায়ী, ২০১৭ থেকে ২০২৪ সাল পর্যন্ত আট বছরে ৯ হাজার ৬৭৭ শিশুর সহিংসতার শিকার হওয়ার ঘটনা সামনে এসেছে। এর মধ্যে ৪ হাজার ৮০১ শিশু ধর্ষণের শিকার হয়েছে এবং ২৪০ শিশুর ধর্ষণের পর হত্যা করা হয়েছে। এ পরিসংখ্যান থেকে স্পষ্ট যে, ধর্ষণের শিকার শিশুদের মধ্যে অনেকের বয়স ৬ বছরের কম, যা অত্যন্ত উদ্বেগজনক। এই ধর্ষণের ঘটনা শুধু শহর বা শহরতলির মধ্যেই সীমাবদ্ধ নয়, বরং গ্রামের প্রত্যন্ত অঞ্চলেও এমন ঘটনা ঘটছে–যেমন পঞ্চগড়ে তিন বছরের শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে। এছাড়া, সৎ বাবা, চাচা, প্রতিবেশী–এ ধরনের পরিচিত লোকজনই অধিকাংশ ক্ষেত্রে শিশু ধর্ষণের ঘটনায় জড়িত। এসব অপরাধীরা তাদের দায়িত্ববোধ ভুলে শিশুদের শিকার করতে, কখনো খাদ্যের লোভ দেখিয়ে, কখনো ভয় দেখিয়ে তাদের প্রতি যৌন নিপীড়ন চালাচ্ছে। এমনকি শিশুদের শিকার করার জন্য পর্নোগ্রাফির সহজলভ্যতা, যা সমাজে ছড়িয়ে পড়েছে, তাদেরকে আরও উদ্দীপ্ত করছে। এটি একটি সামাজিক অবক্ষয়ের প্রতিফলন, যার শিকার নিরীহ শিশু। ধর্ষণের বিরুদ্ধে আইনগত ব্যবস্থাপনার দিকে তাকালে, সমাজের বৃহৎ অংশের মধ্যে যে ধারণা রয়েছে, তাতে ভুক্তভোগী শিশুটির চেয়ে অপরাধী অনেক সময় পার পেয়ে যায়। পুলিশি তদন্তের দক্ষতার অভাব, অপরাধীকে শাস্তির আওতায় আনার প্রক্রিয়ায় গলদদ্র, এবং সবচেয়ে বড় কথা, সামাজিকভাবে ভিকটিম ব্লেমিং–এগুলি শিশু ধর্ষণের মতো গুরুতর অপরাধের পুনরাবৃত্তিকে উৎসাহিত করে। এখন প্রশ্ন আসে–কীভাবে এই ভয়াবহ পরিস্থিতি থেকে মুক্তি পাওয়া সম্ভব? একদিকে যেমন আমাদের আইন প্রণয়নের ক্ষেত্রে কঠোর পদক্ষেপ নিতে হবে, তেমনি অপরাধী শনাক্তকরণের ক্ষেত্রে পুলিশের দক্ষতা বাড়ানোর পাশাপাশি, তদন্ত প্রক্রিয়া যেন দ্রুত ও সুষ্ঠুভাবে পরিচালিত হয়, তা নিশ্চিত করতে হবে। অপরাধীদের শাস্তি দ্রুত কার্যকর করতে হলে সমাজের ভিকটিম ব্লেমিং সংস্কৃতিকে পরিহার করতে হবে। আমাদের শিশুদের নিরাপত্তার জন্য সামাজিক সচেতনতা, নিয়মিত শিক্ষা এবং মনস্তাত্ত্বিক সহায়তার ব্যবস্থা অত্যন্ত জরুরি। শিশু ধর্ষণের মতো অপরাধ শুধু আইন ও আদালতের মধ্যে সীমাবদ্ধ নয়, বরং এটি একটি সামাজিক রোগ। আমাদের সমাজের সাংস্কৃতিক ও মানসিক উন্নতি ঘটাতে হবে, যাতে কোনো শিশুই আর শিকার না হয়। এই ভয়াবহ পরিস্থিতি থেকে বেরিয়ে আসতে হলে সমাজের সকল স্তরে, বিশেষ করে পরিবার, স্কুল এবং মসজিদ বা মন্দিরের মতো ধর্মীয় প্রতিষ্ঠানগুলোতে শিশুদের নিরাপত্তা নিয়ে শিক্ষা ও সচেতনতা বাড়ানোর উদ্যোগ নিতে হবে। শিশুদের জন্য একটি নিরাপদ পৃথিবী, তাদের অধিকার সুরক্ষিত রাখা আমাদের সকলের দায়িত্ব।

অস্থির চালের বাজারে সাধারণ মানুষের দুশ্চিন্তা

চালের দামের ঊর্ধ্বগতি সাধারণ মানুষের জীবনে এক অসহনীয় চাপ সৃষ্টি করেছে। গত কয়েক মাসে চালের দাম ক্রমাগত বেড়ে চলেছে। সাধারণ মোটা চালও ৫০ টাকার নিচে পাওয়া যাচ্ছে না। বিক্রেতারা বলছেন, নতুন ধান না ওঠা পর্যন্ত চালের দাম কমার কোনো সম্ভাবনা নেই। চালের দাম বাড়ার পেছনে বিভিন্ন কারণ উঠে এসেছে। মিল মালিকরা জানাচ্ছেন, স্থানীয় বাজারে ধানের দাম বাড়ায় তাদের উৎপাদন খরচ বেড়েছে। অন্যদিকে, আমদানিকারকরা বলছেন, ডলারের দাম বেড়েছে, এলসি খোলার জটিলতা এবং আমদানি করা চালের চাহিদা কম থাকায় তাদের জন্য আমদানি লাভজনক নয়। সরকার জিটুজি ভিত্তিতে পাকিস্তান ও মায়ানমার থেকে চাল আমদানির উদ্যোগ নিলেও বেসরকারি খাতে আমদানি কমে যাওয়ার প্রভাব বাজারে স্পষ্ট। খাদ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, গত নভেম্বর থেকে চলতি মার্চ পর্যন্ত ব্যবসায়ীরা অনুমোদিত ১৬ লাখ ৭৫ হাজার টন চালের মধ্যে মাত্র ১৭ শতাংশ আমদানি করেছেন। আমদানি স্বল্পতা এবং দেশীয় উৎপাদনের চাপে দাম নিয়ন্ত্রণে আনা যাচ্ছে না। সরকারের দাবি, আমনের ভালো ফলন এবং সরকারি পর্যায়ে আমদানি ও মজুদ বাজার স্থিতিশীল রাখতে সাহায্য করছে। কিন্তু বাস্তবে এর কোনো ইতিবাচক প্রভাব খুচরা বাজারে দেখা যাচ্ছে না। টিসিবি এবং ওএমএসের মাধ্যমে কম দামে চাল বিতরণের উদ্যোগ থাকলেও তা সীমিত পরিসরে কাজ করছে।

চালের দামের ঊর্ধ্বগতি শুধু একটি পণ্যের দাম বাড়ার বিষয় নয়, এটি দেশের সামগ্রিক মূল্যস্ফীতির সঙ্গে জড়িত। ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) তথ্য অনুযায়ী, গত এক বছরে চিকন চালের দাম ১৪.৬০ শতাংশ এবং মাঝারি মানের চালের দাম ১৩.৮৯ শতাংশ বেড়েছে। এই মূল্যস্ফীতি কম-মধ্যম আয়ের মানুষের জন্য জীবনযাত্রাকে আরও কঠিন করে তুলছে। বিশেষ করে রোজার মাসে, যখন পরিবারগুলোর খরচ বাড়ে, তখন এই দাম বৃদ্ধি তাদের জন্য একটি অতিরিক্ত বোঝা। চালের বাজারে স্থিতিশীলতা না আসা পর্যন্ত সাধারণ মানুষের স্বস্তি ফিরবে না। এই অস্থিরতা শুধু পারিবারিক খরচের ওপর চাপ সৃষ্টি করছে না, সামাজিক অসন্তোষও বাড়াচ্ছে। সরকার, ব্যবসায়ী ও কৃষকদের সমন্বিত প্রচেষ্টার মাধ্যমে এই সংকট মোকাবিলা করা সময়ের দাবি। নতুন ধান না ওঠা পর্যন্ত অপেক্ষা করা যদি একমাত্র সমাধান হয়, তবে সে সময় পর্যন্ত সাধারণ মানুষের দুশ্চিন্তা দূর করতে বিকল্প উদ্যোগ অবশ্যই নিতে হবে।

ট্রাম্পের হঠকারিতায় বাড়ছে বিশ্ব সংকট

আসিফ আহমেদ

পৃথিবী স্বার্থের কষাঘাতে বন্দি। আর সেই স্বার্থ যদি মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় স্বার্থ হয় তাহলে তো বলার অপেক্ষা রাখে না। স্বার্থবিরোধী যে কোনো পরিস্থিতি মানবসমাজে মেনে নেওয়া অসহনীয়। আর এমন চিন্তা থেকে ক্ষমতার মসনদে বসেই ডোনাল্ড ট্রাম্পের একের পর এক আকস্মিক সিদ্ধান্ত বিশ্ববাসীকে হতবাক করে দিয়েছে, দিচ্ছে। ট্রাম্প যে জনসমর্থনের মধ্য দিয়ে ক্ষমতায় অধিষ্ঠিত হলেন এখন সে সমর্থনের ওপর অনেকখানি ভাটা পড়তে চলেছে। মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট হিসেবে শপথ গ্রহণের পূর্বেই ট্রাম্পের রাশিয়া-ইউক্রেন যুদ্ধ থামানোর ব্যাপারে শান্তি উদ্যোগ এবং মধ্যপ্রাচ্যে ইহুদিবাদী ইসরাইল ও গাজার যুদ্ধবিরতি ঘোষণা বিশ্বমহলে কিছুটা শান্তির পূর্বাভাস এনে দিয়েছিল। কিন্তু তিন সপ্তাহের কিছুটা বেশি সময় আগে হোয়াইট হাউসে প্রেসিডেন্ট হিসেবে শপথ নেওয়ার পর থেকে ট্রাম্পের কিছুটা পাগলামি চোখে পড়ছে। বিগত বাইডেন প্রশাসনের আমলে দুনিয়াজুড়ে যে সংকট বা টানাপোড়েন তৈরি হয়েছিল। মনে হচ্ছে এখন সেই সংকটেরই পুনরাবৃত্তি হতে চলেছে। ক্ষমতা গ্রহণের শুরুতেই ট্রাম্পের অন্তর্ভুক্তিমূলক এবং আমেরিকা ফার্স্ট নীতি থেকে কিছুটা সরে আসার ইঙ্গিত বিশ্বমহলে বেশ বাহবা কুড়িয়েছিল। সবাই ভেবেছিল বিশ্বজুড়ে যুদ্ধবিগ্রহ সংঘর্ষ ও দখলদারিত্বের ইতি হবে এবার। বছর তিনেক পূর্বে সাম্রাজ্যবাদে অনড় অবিচল জো বাইডেনের যুদ্ধবাজি মনোভাবের কারণেই শান্তিকামী বিশ্বে ২০২১ সালে ইসরায়েল-ফিলিস্তিন ও ২০২২ সালে রাশিয়া- ইউক্রেন দ্বন্দ্বের সূত্রপাত হয়েছিল। এই দুই যুদ্ধের দীর্ঘমেয়াদি প্রভাব বিশ্বের গতিশীলতায় বিঘ্ন ঘটিয়েছে নানাভাবে। আমরা দেখেছি বাইডেন প্রশাসন যুক্তরাষ্ট্রকে বিশ্বের এক নম্বর পরাশক্তির অবস্থানে ধরে রাখতে যেভাবে তাঁর সামরিক ও আধিপত্যবাদী কৌশল প্রয়োগ করেছে, প্রথম দফার রাষ্ট্র পরিচালনায় ট্রাম্প সেবিবেচনায় ভিন্ন পথে হেঁটেছিলেন। পূর্ব দিগন্তে চীনের অপ্রতিরোধ্য উত্থান ঠেকানো এবং মধ্যপ্রাচ্যে ইরানের ক্রমে ক্রমে শক্তিশালী হয়ে মাথা তুলে দাঁড়ানোকে যুক্তরাষ্ট্রের জন্য ক্ষমতাধর রাজনীতিকরা যেখানে অশনিসংকেত বলে মনে করেন, সেখানে অন্যান্য রিপাবলিকান দলীয় প্রেসিডেন্টের তুলনায় ডোনাল্ড ট্রাম্পের দৃষ্টিভঙ্গি ছিল বরাবরই ভিন্ন। বিশ্বের তথ্যাভিজ্ঞমহলের মতে, ট্রাম্প একজন কট্টর পুঁজিবাদী ব্যবসায়ী। তিনি রাজনীতি কিংবা কূটনীতির চেয়েও তাঁর ব্যবসায়িক স্বার্থকে বেশি প্রাধান্য দিয়ে থাকেন। ট্রাম্প দ্বিতীয় দফায় তার এই রাষ্ট্রপরিচালনা শুরু করেছেন অনুরূপ ঘোষণা দিয়ে। তিনি মনে করেন একটি শক্তিশালী অর্থনীতিই যুক্তরাষ্ট্রের সামরিক শক্তি, উন্নয়ন বা সমৃদ্ধি এবং কর্মসংস্থান সৃষ্টির চালিকাশক্তি হিসেবে কাজ করবে, যুদ্ধবিগ্রহ কিংবা সংঘাত-সংঘর্ষ নয়। মুখে স্বীকার না করলেও প্রকৃত অর্থে ট্রাম্প শেতাঙ্গের শ্রেষ্ঠত্ববাদে বিশ্বাসী। ট্রাম্প কখনো কোনো প্রথাগত রাজনীতি কিংবা প্রশাসনিক অভিজ্ঞতা নিয়ে প্রতিদ্বন্দ্বিতামূলক ক্ষমতার বলয়ে প্রবেশ করেননি। কিন্তু কেন এতো অল্প সময়েই ট্রাম্প সমালোচনার কবলে, কেন ট্রাম্পের মধ্যে উচ্চাভিলাষী দখলদারিত্বের প্রভাব পরিলক্ষিত হচ্ছে, কেন ট্রাম্প বৈশ্বিক বাণিজ্য যুদ্ধের জন্য তড়িঘড়ি করে প্রস্তুতি নিচ্ছে– এসব প্রশ্নে উদ্বিগ্ন বিশ্বরাজনীতির গবেষকরা। চলতি বছরের ১ ফেব্রুয়ারি কানাডা, মেক্সিকোর ওপর ২৫ শতাংশ এবং চিনের পণ্যের ওপর ১০ শতাংশ শুল্ক কর আরোপ করে ট্রাম্প প্রশাসন। ডোনাল্ড ট্রাম্প দাবি করেন যে, কানাডা ও মেক্সিকো সীমান্তে অবৈধ অভিবাসন এবং চীনের মাদক চোরাচালান ঠেকাতে যথার্থ পদক্ষেপ হিসেবে এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কট্টরপন্থি এই বাণিজ্য দ্বন্দ্বে হোয়াইট হাউসের অনড় অবস্থানে বৈশ্বিক প্রবৃদ্ধিতে মন্দাভাব ও বেগবান প্রতিযোগী বিশ্ব কিছুটা স্থবির হতে শুরু করে। বাণিজ্যে যুক্তরাষ্ট্রের বিধিনিষেধ আরোপের ফলে আসন্ন যে বিশ্বসংকট তার মুখে যেন পড়তে না হয় সেজন্য ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো ও মেক্সিকোর প্রেসিডেন্ট ক্লডিয়া শেইনবাউমের সঙ্গে কয়েক দফা ফোনালাপ এবং বন্ধুপ্রতিম আলোচনার মধ্যে দিয়ে ট্রাম্প কানাডা ও মেক্সিকোর ওপর আরোপিত শুল্ক কর ৩০ দিনের জন্য স্থগিত করেন। তবে মেক্সিকো ও কানাডা সীমান্তে ট্রাম্প সেনারা পুরোপুরি সক্রিয় হয়ে চলমান পরিস্থিতি পর্যবেক্ষণ করছে। প্রতিবেশী কানাডা ও মেক্সিকোকে ছেড়ে কথা বললেও চিনের বিষয়ে কেমন সিদ্ধান্ত নেবে সে বিষয়টি ধোঁয়াশার মধ্যে ছিল। তবে এরই মধ্যে গত ৪ ফেব্রুয়ারি থেকে চীনের আমদানিকৃত পণ্যের ওপর এই শুল্ক কর কার্যকর করেছে ট্রাম্প প্রশাসন। এছাড়াও আমরা ইতোমধ্যে দেখেছি প্রেসিডেন্ট ট্রাম্প যুক্তরাষ্ট্রের সঙ্গে নতুন নতুন ভূখণ্ড যুক্ত করার কথা বলছেন। একই মুখে তিনি আবার বিদেশী কোনো রাষ্ট্রের বিষয়ে হস্তক্ষেপ বা চিরস্থায়ী যুদ্ধে জড়াবেন না এমনটিও বলছেন। ট্রাম্পের এই দ্বিমুখী অস্পষ্ট কথা বৈশ্বিক স্থিতিশীলতাকে হুমকির মুখে ফেলছে। হঠাৎ করেই তিনি বলে বসলেন, তিনি চান যুক্তরাষ্ট্র গাজা উপত্যকার নিয়ন্ত্রণ নিয়ে নিক এবং এর পুনর্গঠন করুক। আপাত তাঁর এই বক্তব্য আকস্মিক মনে হলেও আসলে মোটেই তা নয়। ট্রাম্প প্রশাসনের সম্প্রসারণবাদী আকাক্সক্ষার প্রতিফলন হচ্ছে তাঁর এই বক্তব্য। ডোনাল্ড ট্রাম্প এবার বিধ্বস্ত গাজা বাসিকে জোরপূর্বক গাজা থেকে সরিয়ে একটি ভালো, সুন্দর ও বিপন্মুক্ত ভূমিতে পুনর্বাসনের পরিকল্পনা নিয়ে এসেছে। ট্রাম্পের এই স্বেচ্ছাচারী পরিকল্পনা আদতে কোনো যৌক্তিক সিদ্ধান্ত না হলেও ইহুদি জায়োনবাদী নেতা বেনিয়ামিন নেতানিয়াহু এমন হঠকারিতাকে যুগান্তকারী বলে প্রশংসা করেন। বলা যায় ট্রাম্পের এই গাজা সম্প্রসারণ নীতির অন্তরালে স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার স্বপ্ন সূর্য চিরতরে স্তিমিত যাওয়ার ইঙ্গিত। এ কারণেই ফিলিস্তিনের রাজনীতি বিশ্লেষকরা মনে করছেন, ট্রাম্পের এমন পরিকল্পনা যদি বাস্তবায়িত হয় তবে তা হবে মধ্যপ্রাচ্যের চলমান আগুনে ঘি ঢালার শামিল। আমরা জানি গত ১৫ মাসের ব্যবধানেই দখলদার ইসরায়েলি আগ্রাসনের মুখে গাজায় প্রাণ হারিয়ে ৪৭ হাজার মানুষ, লাখ লাখ মানুষ অঙ্গহানি ও বাস্তুহারা হয়ে পড়েছে। বলাবাহুল্য, গাজা উপত্যকার দক্ষিণ রাফার অবস্থা তো শোচনীয়। ট্রাম্প শপথ নিয়েই মধ্যপ্রাচ্যের 'অন্তহীন যুদ্ধের' বেড়াজাল থেকে নিজেকে সরিয়ে নেওয়ার ঘোষণা দিলেও তা যে ছিল সাজানো মিথ্যা নাটক তা আর বিশ্বমহলে বুঝতে বাকি নেই। ফিলিস্তিন ও রাশিয়া সংকট মোকাবিলায় ট্রাম্পের পরিকল্পিত নীতির যথোপযুক্ত বাস্তবায়ন করতে হলে হোয়াইট হাউসের নীতিনির্ধারকদের অবশ্যই গাজায় দীর্ঘমেয়াদি সেনা মোতায়েন করতে হবে। একবার গাজায় মার্কিন সেনা প্রবেশ করলেই যুক্তরাষ্ট্র হবে ইসলামিক সশস্ত্র গোষ্ঠীগুলোর হামলার লক্ষ্যবস্তু। ইরানের নেতৃত্বাধীন জোট শক্তিগুলোর জন্যও তা হবে আকাক্সিক্ষত আশীর্বাদ। লেবাননের হিজবুল্লাহ থেকে শুরু করে ইয়েমেনের হুতি ও সিরিয়ান মরুভূমিতে নতুন করে সংগঠিত হওয়া ইসলামিক স্টেটও তখন আর নীরব দর্শকের ভূমিকায় থাকবে না। এছাড়াও চীনের ওপর যুক্তরাষ্ট্রের আক্রমণাত্মক শুল্ক করের বোঝা ব্রিকস অধিভুক্ত রাষ্ট্রগুলোকে কিছুটা ভীতসন্ত্রস্ত করলেও চীনের পাল্টা করারোপ বৈশ্বিক বাণিজ্যের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব ফেলবে, বিশ্ব বাজারে ঘাটতি সৃষ্টি করবে। এভাবে বিশ্ব পরিস্থিতি আরও বেশি বিশৃঙ্খল হবে। ভুল সিদ্ধান্তের খেসারতে বিশ্বজুড়ে মার্কিনিদের নব্য উপনিবেশবাদী ডালপালা এবার কাটা পড়বে কিনা সেই দুশ্চিন্তার ভাঁজই এখন পশ্চিমাদের কপালে।

লেখক : শিক্ষার্থী, রাজশাহী বিশ্ববিদ্যালয়

ট্রাম্প প্রশাসনের সম্প্রসারণবাদী আকাক্সক্ষার প্রতিফলন হচ্ছে তাঁর এই বক্তব্য। ডোনাল্ড ট্রাম্প এবার বিধ্বস্ত গাজা বাসিকে জোরপূর্বক গাজা থেকে সরিয়ে একটি ভালো, সুন্দর ও বিপন্মুক্ত ভূমিতে পুনর্বাসনের পরিকল্পনা নিয়ে এসেছে। ট্রাম্পের এই স্বেচ্ছাচারী পরিকল্পনা আদতে কোনো যৌক্তিক সিদ্ধান্ত না হলেও ইহুদি জায়োনবাদী নেতা বেনিয়ামিন নেতানিয়াহু এমন হঠকারিতাকে যুগান্তকারী বলে প্রশংসা করেন। বলা যায় ট্রাম্পের এই গাজা সম্প্রসারণ নীতির অন্তরালে স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার স্বপ্ন সূর্য চিরতরে স্তিমিত যাওয়ার ইঙ্গিত। এ কারণেই ফিলিস্তিনের রাজনীতি বিশ্লেষকরা মনে করছেন, ট্রাম্পের এমন পরিকল্পনা যদি বাস্তবায়িত হয় তবে তা হবে মধ্যপ্রাচ্যের চলমান আগুনে ঘি ঢালার শামিল। আমরা জানি গত ১৫ মাসের ব্যবধানেই দখলদার ইসরায়েলি আগ্রাসনের মুখে গাজায় প্রাণ হারিয়ে ৪৭ হাজার মানুষ, লাখ লাখ মানুষ অঙ্গহানি ও বাস্তুহারা হয়ে পড়েছে। বলাবাহুল্য, গাজা উপত্যকার দক্ষিণ রাফার অবস্থা তো শোচনীয়। ট্রাম্প শপথ নিয়েই মধ্যপ্রাচ্যের 'অন্তহীন যুদ্ধের' বেড়াজাল থেকে নিজেকে সরিয়ে নেওয়ার ঘোষণা দিলেও তা যে ছিল সাজানো মিথ্যা নাটক তা আর বিশ্বমহলে বুঝতে বাকি নেই

পূর্বাভাস নেই প্রস্তুতিতেই মুক্তি

ড. হারুন রশীদ

বাংলাদেশ যে ভূমিকম্প ঝুঁকিতে বিজ্ঞানীদের এই কথা আবারো প্রমাণিত হলো। আবারও ভূমিকম্পে কাঁপলো দেশ। এদিন রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ভূমিকম্প অনুভূত হয়েছে। দুপুর ১২টা ২৫ মিনিটে এ ভূমিকম্প অনুভূত হয়। রিখটার স্কেলে এই ভূমিকম্পের মাত্রা ছিল ৭। এর উৎপত্তিস্থল ছিল বাংলাদেশের পাশের দেশ মিয়ানমারের মান্দালয়। ঢাকা থেকে উৎপত্তিস্থলের দূরত্ব ৫৯৭ কিলোমিটার। এদিকে যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক জরিপ সংস্থা ইউএসজিএস বলছে, ভূমিকম্পটির মাত্রা ছিল ৭ দশমিক ৭। এর উৎপত্তিস্থল মিয়ানমারের সাগাইং থেকে ১৬ কিলোমিটার উত্তরউত্তর-পশ্চিমে। ভূমিকম্পটির উৎপত্তি ১০ কিলোমিটার গভীরে। বিশেষজ্ঞরা বলেন, 'একসময় পৃথিবীর সব স্থলভাগ একত্রে ছিল। পৃথিবীর উপরিভাগের প্লেটগুলো ধীরে ধীরে আলাদা হয়ে গেছে। এই প্লেটগুলোকেই বিজ্ঞানীরা বলেন টেকটোনিক প্লেট। এগুলো একে অপরের সঙ্গে পাশাপাশি লেগে থাকে। কোনো কারণে এগুলোর মধ্যে সংঘর্ষ হলেই তৈরি হয় শক্তি। এই শক্তি সিসমিক তরঙ্গ আকারে ছড়িয়ে পড়ে। যদি তরঙ্গ শক্তিশালী হয়, তাহলে সেটি পৃথিবীর উপরিতলে এসে পৌঁছায়। আর সেখানে পৌঁছানোর পর শক্তি অটুট থাকলে সেটা ভূত্বককে কাঁপিয়ে তোলে। এই কাঁপুনিই ভূমিকম্প।' ভূমিকম্পে মিয়ানমারে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। সংকট মোকাবেলায় দেশটিতে জরুরি অবস্থা জারি করা হয়েছে। বাংলাদেশে এবারের ভূমিকম্পে বড় ধরনের ক্ষয়ক্ষতি না হওয়াটা স্বস্তির বিষয়। তবে পূর্বাপর ঘটনা আমলে নিলে স্বস্তির কোনো কারণ নেই। ছোট ছোট কম্পনে বড় ধরনের ভূমিকম্প যেন আমাদের ঘাড়ে নিঃশ্বাস ফেলছে- এমন আশঙ্কা বিশেষজ্ঞদের। বাংলাদেশ ভূমিকম্প ঝুঁকিতে রয়েছে- এটি বিশেষজ্ঞরা জোর দিয়েই বলছেন। এজন্য আমাদের করণীয় এবং প্রস্তুতির কথাটিও বারবার উচ্চারিত হয়েছে। এই কলামেই অনেকবার ভূমিকম্প মোকাবেলায় করণীয় নিয়ে বিশদ লেখা হয়েছে। কিন্তু আমরা তো ঘাড়ে এসে না পড়লে সেটির দিকে নজর দেই না। ফলে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় আমাদের উদাসীনতার বিষয়টি স্পষ্ট। কিন্তু ভূমিকম্প এমন একটি দুর্যোগ যার পূর্বাভাস জানার সুযোগ কম। ফলে ভূমিকম্পজনিত ক্ষয়ক্ষতি থেকে বাঁচতে হলে সম্ভাব্য সব ধরনের প্রস্তুতি রাখাই হচ্ছে উত্তম। প্রকৃতি আমাদের বার বার সতর্ক করছে। কিন্তু আমরা সাবধান হচ্ছি না। ফলে ভয়াবহ ক্ষয়ক্ষতির আশঙ্কা আমাদের ঘিরে রাখছে। আতঙ্কগ্রস্ত করে তুলছে। ভূমিকম্পপ্রবণ অঞ্চল হওয়ায় বাংলাদেশ রয়েছে মারাত্মক ঝুঁকিতে। বিল্ডিং কোড মেনে না চলা, বন উজাড়, পাহাড় কেটে ধ্বংস করাসহ নানা উপায়ে আমরা যেন ভূমিকম্প নামক মহাবিপদকে ডেকে আনছি। প্রকৃতি আমাদের বার বার সতর্ক করছে। কিন্তু আমরা সাবধান হচ্ছি না। ফলে ভয়াবহ ক্ষয়ক্ষতির আশঙ্কা আমাদের ঘিরে রাখছে। আতঙ্কগ্রস্ত করে তুলছে। ভূমিকম্পপ্রবণ অঞ্চল হওয়ায় বাংলাদেশ রয়েছে মারাত্মক ঝুঁকিতে। বিল্ডিং কোড মেনে না চলা, বন উজাড়, পাহাড় কেটে ধ্বংস করাসহ নানা উপায়ে আমরা যেন ভূমিকম্প নামক মহাবিপদকে ডেকে আনছি। এক পরিসংখ্যানে জানা গেছে, সারাদেশে ঝুঁকিপূর্ণ ভবনের সংখ্যা লক্ষাধিক। একই সঙ্গে পার্শ্ববর্তী দেশগুলোতে ভূমিকম্পের কারণে সৃষ্ট ভূকম্পনেও বাংলাদেশের ক্ষয়ক্ষতি হতে পারে বলেও বিশ্লেষকরা বলছেন। এক্ষেত্রে নতুন ভবন নির্মাণে সরকারি তদারকি আরও বাড়ানো প্রয়োজন। রাজধানীতে দিন দিন বাড়ছে আকাশচুম্বী অট্টালিকার সংখ্যা। অল্প জায়গায় এত বড় বড় স্থাপনা ভূমিকম্পের ঝুঁকি আরও বাড়িয়ে দিচ্ছে। শুধু তাই নয়, বিল্ডিং কোড না মেনে তৈরি করা হচ্ছে ভবন। এতে স্বল্পমাত্রার কম্পনেই ভেঙে পড়তে পারে অনেক ভবন। এছাড়া ভূমিকম্প-পরবর্তী দুর্যোগ মোকাবিলায়ও প্রয়োজনীয় প্রস্তুতি নিতে হবে। তৈরি করতে হবে স্বেচ্ছাসেবক বাহিনী। জনসচেতনতার জন্য চালাতে হবে ব্যাপক প্রচারণা। সবচেয়ে বড় কথা হচ্ছে, প্রাকৃতিক দুর্যোগ ভূমিকম্প রোধ করা সম্ভব নয়, তবে আমরা নিজেরাই যেন ক্ষয়ক্ষতির ঝুঁকি না বাড়াই সে বিষয়ে সতর্ক থাকার কোনো বিকল্প নেই। ভে

ভূমিকম্পের পর আন্তর্জাতিক সাহায্যের আবেদন মিয়ানমার জান্তার

আন্তর্জাতিক ডেস্ক : মিয়ানমারে গতকাল শুক্রবার শক্তিশালী ভূমিকম্প আঘাত হানার পর দেশটির ক্ষমতাসীন জান্তা সরকার ছয়টি অঞ্চলে জরুরি অবস্থা জারি করেছে। পাশাপাশি বিরল ঘটনা হিসেবে ক্ষমতাসীন সরকার আন্তর্জাতিক সাহায্যেরও আবেদন জানিয়েছে। খবর এএফপির। মিয়ানমারের মধ্যাঞ্চলে গতকাল শুক্রবার ৭.৭ মাত্রার ভূমিকম্প আঘাত হানার পর ক্ষমতাসীন জান্তা সরকারের প্রধান মিন অং হ্লাইংকে রাজধানী নেইপেড়ুর একটি হাসপাতালে আহতদের দেখতে যেতে দেখা গেছে বলে জানিয়েছেন এএফপির প্রতিবেদক। এ সময় জান্তা সরকারের মুখপাত্র জাউ মিন তুন বার্তা সংস্থা এএফপিকে বলেন, 'আমরা আন্তর্জাতিক সম্প্রদায়কে যতো দ্রুত সম্ভব মানবিক সহায়তা পাঠানোর আবেদন জানাচ্ছি।' এদিকে, ভূমকম্পে হতাহতের সংখ্যা সম্পর্কে এখনো কোনো ধারণা করা যাচ্ছে না। তবে, উল্লেখ করার মতো ঘটনা হলো আন্তর্জাতিক অঙ্গণ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়া মিয়ানমারের সামরিক জান্তা সরকার সাহায্যের জন্য আবেদন করেছে। প্রাকৃতিক দুর্যোগের ঘটনা ছাড়া এ ধরনের আবেদন সাধারণত দেশটি করে করে না। আর তাই সাহায্যের আবেদনের কারণে মনে করা হচ্ছে ক্ষয়ক্ষতি ও হতাহতের ঘটনা বেশ বড় মাপের হতে পারে। এক বিবৃতিতে জান্তা সরকার জানায় দেশের ছয়টি সবচেয়ে ক্ষতিগ্রস্ত এলাকায় জরুরি অবস্থা জারি করা হয়েছে। এই অঞ্চলগুলো হলো- সাগাইং, মান্দালয়, মাগওয়ে, উত্তর-পূর্বাঞ্চলীয় শান রাজ্য, নেইপেড়ু এবং বাগো। সরকারের মুখপাত্র জাউ মিন তুন আরও জানান, মান্দালয়, নেইপেড়ু ও সাগাইং অঞ্চলে আহতদের জন্য রক্ত দান করা খুব প্রয়োজনীয় হয়ে পড়েছে।

ভূমিকম্পে মিয়ানমারে ধসে পড়ল ব্রিটিশ আমলের সেতু

আন্তর্জাতিক ডেস্ক : শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে মিয়ানমারে। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৭ দশমিক ৭। শক্তিশালী এই কম্পনে দেশটির ইরাবতী নদীতে ব্রিটিশ আমলে নির্মিত ৯১ বছরের পুরনো একটি সেতু ধসে পড়েছে। মিয়ানমার-ভিত্তিক সংবাদমাধ্যম দ্য ইরাবতী জানিয়েছে, শক্তিশালী ভূমিকম্পে মিয়ানমারের মান্ডালায়, নাইপিদো ও অন্যান্য কয়েকটি এলাকায় ভবন ধসে পড়ে। ভূমিকম্পটির কেন্দ্রস্থল ছিল সাগাইং শহরে। ভয়াবহ এই ভূমিকম্পে ঔপনিবেশিক আমলে নির্মিত ৯১ বছর বয়সি আভা সেতু ভেঙে পড়ে, যা পুরাতন সাগাইং সেতু নামেও পরিচিত। মান্ডালায় এবং সাগাইং অঞ্চলের মধ্যে ইরাবতী নদীতে ব্রিটিশরা এই সেতু নির্মাণ করেছিল। বার্তাসংস্থা এএফপি মিয়ামারের রাজধানী নাইপিদো থেকে জানিয়েছে, ভূমিকম্পের তীব্রতায় রাস্তাঘাট স্তব্ধ হয়ে গেছে এবং ভবন থেকে ছাদের টুকরো ভেঙে পড়েছে। সংবাদমাধ্যম আল জাজিরা বলছে, গতকাল শুক্রবার স্থানীয় সময় দুপুর ১২টা ৫০ মিনিটের দিকে মিয়ানমারে প্রথম ভূমিকম্প আঘাত হানে। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৭ দশমিক ৭।

বৃষ্টিতে দক্ষিণ কোরিয়ার দাবানল নিয়ন্ত্রণে স্বস্তি

আন্তর্জাতিক ডেস্ক : রাতভর বৃষ্টিপাতের ফলে দক্ষিণ কোরিয়ায় গত কয়েক দশকের মধ্যে সবচেয়ে ভয়াবহ দাবানল নিয়ন্ত্রণে সাহায্য করেছে। প্রায় এক সপ্তাহ ধরে চলা ভয়াবহ দাবানলে মৃতের সংখ্যা বেড়ে ২৮ জনে দাঁড়িয়েছে। কর্তৃপক্ষ গতকাল শুক্রবার এই খবর জানিয়েছে। সিউল থেকে এএফপি এ খবর জানায়। দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের বেশ কয়েকটি এলাকায় দাবানলে বিস্তীর্ণ এলাকায় বিধ্বস্ত হয়েছে। একটি প্রাচীন মন্দির ধ্বংস হয়েছে এবং প্রায় ৩৭ হাজার মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে। আগুনের কারণে রাস্তাঘাট বন্ধ হয়ে গেছে এবং যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে পড়েছে। যার ফলে বাসিন্দারা আতঙ্কে পালিয়ে যেতে বাধ্য হচ্ছেন। কারণ, যানজটে আটকে থাকা গাড়িগুলোর ওপর আগুনের গোলা পড়ায় জনসাধারণ এলাকা ছেড়ে পালাতে বাধ্য হচ্ছেন। প্রবল বাতাস এবং অতি-শুষ্ক আবহাওয়ার কারণে আগুনের তীব্রতা বৃদ্ধি পেয়েছে। দক্ষিণ কোরিয়া ২০২৪ সালে রেকর্ড তাপমাত্রার অভিজ্ঞতা অর্জনের পর কয়েক মাস ধরে এই অঞ্চলে গড়ের চেয়ে কম বৃষ্টিপাত হচ্ছে।

যুক্তরাষ্ট্র সাহায্য না করলে এক সপ্তাহও টিকবে না ইসরায়েল: ইরানের স্পিকার

আন্তর্জাতিক ডেস্ক: যুক্তরাষ্ট্র যদি ইসরায়েলকে সাহায্য না করত, তবে ইহুদিবাদী শাসন এক সপ্তাহও টিকত না বলে হুঁশিয়ারি হিয়েছেন ইরানের পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ-বাকের কালিবাফ। গতকাল শুক্রবার কুদস দিবসে তেহরান বিশ্ববিদ্যালয়ে এক ভাষণে তিনি বলেন, ফিলিস্তিনি প্রতিরোধ কেবল ইসরায়েলের বিরুদ্ধেই নয়, বরং মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধেও লড়াই করছে। যদি ফিলিস্তিন এবং প্রতিরোধ ফ্রন্ট কেবল ইহুদিবাদী শাসনব্যবস্থার মুখোমুখি হত, তবে নিশ্চিত থাকুন যে এই শাসনব্যবস্থা এক সপ্তাহও টিকতে পারত না। তিনি বলেন, মানবতাকে নিপীড়ন করেই আধিপত্যবাদী ব্যবস্থা টিকে আছে এবং ইহুদিবাদী শাসনব্যবস্থা হলো আমেরিকার অপরাধী হত্যাযন্ত্র।

কালিবাফ আরও বলেন, মার্কিন যুক্তরাষ্ট্র ইসরায়েলের সাহায্যে এগিয়ে এসেছিল এবং দুষ্ট শাসনব্যবস্থা টিকিয়ে রাখতে সহায়তা করেছিল। অন্যান্য সরকারও অবশ্যই ইসরায়েলকে সমর্থন করেছিল, যার মধ্যে ব্রিটেন রয়েছে। ইরানের পার্লামেন্ট স্পিকার মার্কিন হুমকির কথা উল্লেখ করেন এবং সেই হুমকি পূরণের বিরুদ্ধে সতর্ক করেন। তিনি বলেন, যদি তারা ইরানকে হুমকি দেয়, তাহলে 'গানপাউডারের মতো' এই অঞ্চলে আমেরিকার মিত্ররা এবং মার্কিন ঘাঁটিগুলো অনিরাপদ হয়ে উঠবে। কালিবাফ ইরানকে লেখা মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চিঠির কথা উল্লেখ করে বলেন, এতে ইরানের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহারের বিষয়ে কোনো যুক্তিসঙ্গত কথা বলা হয়নি। চিঠিতে আমেরিকার মনোভাব ধমক দেওয়ার মতো। কিন্তু আপনি ইরানি জাতিকে ধমক দিতে বা প্রতারণা করতে পারবেন না। তিনি বলেন, চাপ এবং হুমকির মধ্যে আলোচনার অর্থ হবে অন্য পক্ষের দাবির কাছে নতি স্বীকার করা, 'যা হবে যুদ্ধের সূচনা, যা কোনও জাতি মেনে নেবে না।' ১২ মার্চ সংযুক্ত আরব আমিরাতের একজন দূতের মাধ্যমে ট্রাম্প ইরানকে একটি চিঠি পাঠিয়েছিলেন। গত বুধবার ওমানের মাধ্যমে ট্রাম্পের চিঠির জবাব জানিয়েছে তেহরান। ইরান জানিয়েছে, যতক্ষণ পর্যন্ত তেহরানের ওপর 'সর্বোচ্চ চাপ' এবং সামরিক হুমকি থাকবে, ততক্ষণ পর্যন্ত তারা যুক্তরাষ্ট্রের সাথে সরাসরি আলোচনা হবে না।

রাজধানী দখলের ঘোষণা সুদানের সেনাবাহিনীর, পালালো বিদ্রোহীরা

আন্তর্জাতিক ডেস্ক : প্রায় দুই বছর পর সুদানের রাজধানী খার্তুম নিয়ন্ত্রণে নেওয়ার দাবি করেছে দেশটির সেনাবাহিনী। তাদের দাবি, রাজধানী থেকে বিদ্রোহী র্যাপিড সাপোর্ট ফোর্সেস (আরএসএফ) যোদ্ধাদের সম্পূর্ণভাবে হটিয়ে দেওয়া হয়েছে। গত বৃহস্পতিবার রাতে সামরিক বাহিনীর মুখপাত্র নাবিল আবদুল্লাহ এক বিবৃতিতে বলেন, আমাদের বাহিনী আজ খার্তুম এলাকায় 'দাগলো সন্ত্রাসী' মিলিশিয়ার শেষ ঘাঁটিগুলো সম্পূর্ণভাবে পরিষ্কার করেছে। ২০২৩ সালের এপ্রিল থেকে সেনাবাহিনীর বিরুদ্ধে লড়াই চালিয়ে আসছে আরএসএফ, যার নেতৃত্বে রয়েছেন মোহামেদ হামদান দাগলো। এর একদিন আগেই সেনাপ্রধান আবদেল ফাত্তাহ আল-বুরহান খার্তুমের পুনরুদ্ধার করা প্রেসিডেন্সিয়াল প্যালেসের ভেতর থেকে ঘোষণা দেন, রাজধানী আরএসএফ-মুক্ত হয়েছে। প্রায় দেড় বছর ধরে একের পর এক পরাজয়ের পর সুদানের সেনাবাহিনী পাল্টা অভিযানে যায় এবং কেন্দ্রীয় সুদানের মধ্য দিয়ে অগ্রসর হয়ে রাজধানীতে প্রবেশ করে।

এক ভূমিকম্পে কাঁপলো ৬ দেশ

আন্তর্জাতিক ডেস্ক : মিয়ানমারে পরপর দুটি ভূমিকম্প হয়েছে গতকাল শুক্রবার উৎপত্তিস্থলে প্রথম ভূমিকম্পটির মাত্রা ছিল ৭ দশমিক ৭। বাংলাদেশসহ দক্ষিণ-পূর্ব এশিয়ার ছয়টি দেশে এর প্রভাব অনুভূত হয়েছে। এই ভূমিকম্পের প্রভাবে এদিন দুপুর ১২টা ২১ মিনিটে কেঁপে উঠে রাজধানীসহ বাংলাদেশের বিভিন্ন স্থান। যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস) জানিয়েছে, ভূমিকম্পটির উৎপত্তিস্থল মিয়ানমারের সাগাইং থেকে ১৬ কিলোমিটার উত্তরউত্তরপশ্চিমে। ভূপৃষ্ঠ থেকে ১০ কিলোমিটার গভীরে ভূমিকম্পটির উৎপত্তি। ইউএসজিএস জানিয়েছে, স্থানীয় সময় দুপুর ১২টা ২০ মিনিটে আঘাত হানা ভূমিকম্পের প্রভাব পড়েছে বাংলাদেশ, ভারত, লাওস, মিয়ানমার, থাইল্যান্ড এবং চীনে। আল জাজিরার এক প্রতিবেদনে বলা হয়েছে, মিয়ানমারে পরপর দুটি ভূমিকম্প আঘাত হেনেছে। এর একটি ৭ দশমিক ৭ মাত্রার, অন্যটি ৬ দশমিক ৪ মাত্রার। মিয়ানমারে থেকে এর উৎপত্তি হয়। তবে থাইল্যান্ডসহ অন্যান্য অঞ্চলে অনুভূত হওয়ার খবর পাওয়া গেছে। **মিয়ানমার** মিয়ানমারের স্থানীয় সময় দুপুর ১২টা ২০ মিনিটে শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ইউএসজিএস জানিয়েছে, ভূমিকম্পটি ৭ দশমিক ৭ মাত্রার এবং এর গভীরতা ছিল ভূঅভ্যন্তরের ১০ কিলোমিটার (৬.২ মাইল) গভীরে। প্রথম বার আঘাত হানার পর আরেকটি শক্তিশালী আফটারশক অনুভূত হয়। বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, ভূমিকম্পের তীব্রতায় রাস্তাঘাট ফাটল দেখা গেছে এবং ভবনের টুকরো খসে পড়েছে। ইরাবতী নদীতে ব্রিটিশ ঔপনিবেশিক আমলে নির্মিত একটি সেতু ভেঙে পড়েছে। ভয়াবহ ভূমিকম্পে ভেঙে পড়ে ৯১ বছরের পুরোনো আভা সেতু, যা পুরোনো সাগাইং সেতু নামেও পরিচিত। মিয়ানমারের ফায়ার সার্ভিসের একজন কর্মকর্তা রয়টার্স সংবাদ সংস্থাকে বলেছেন, 'আমরা হতাহত এবং ক্ষয়ক্ষতির পরিমাণ যাচাই করার জন্য ইয়াঙ্গুনে অনুসন্ধান শুরু করেছি এবং ঘুরে দেখছি। এখনও পর্যন্ত আমাদের কাছে কোনো তথ্য নেই।' **থাইল্যান্ড** মিয়ানমারে উৎপন্ন ভূমিকম্প থাইল্যান্ডে আঘাত হানে। রাজধানী ব্যাংককে কম্পনে নির্মাণাধীন একটি ৩০ তলা সরকারি অফিস ভবন ধসে পড়েছে। সেখানে কর্মরত অন্তত ৪৩ জন শ্রমিক ভেতরে আটকা পড়েছেন বলে জানিয়েছে স্থানীয় পুলিশ ও মেডিকেল কর্তৃপক্ষ। উত্তর ও মধ্য থাইল্যান্ডের বিভিন্ন এলাকায়ও ভূমিকম্প অনুভূত হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ প্রচারিত একটি ভিডিওতে ভবনগুলো কাঁপতে দেখা গেছে। আতঙ্কে লোকজন রাস্তায় ছোটাছুটি করেন। দুপুরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্প আঘাত করে ব্যাংককে। ভূমিকম্পের প্রভাবে কয়েক সেকেন্ডের মধ্যে উত্তর ব্যাংককের ওই ভবনটি ধসে পড়ে।

২৪ ঘণ্টায় গাজায় ইসরায়েলি হামলায় ঝরল আরও ৪০ প্রাণ

আন্তর্জাতিক ডেস্ক : গত ২৪ ঘণ্টায় ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা ভূখণ্ডে ইসরায়েলি বর্বর হামলায় আরও ৪০ ফিলিস্তিনি নিহত হয়েছেন। এতে করে উপত্যকাটিতে নিহতের মোট সংখ্যা ৫০ হাজার ২০০ ছাড়িয়ে গেছে। গতকাল শুক্রবার এই তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম আলজাজিরা। সংবাদমাধ্যমটি বলছে, গাজার মধ্যাঞ্চলে একটি ব্যস্ত বাজারে ইসরায়েলি হামলায় সাত ফিলিস্তিনি নিহত হয়েছেন। এতে করে গত ২৪ ঘণ্টায় যুদ্ধবিধ্বস্ত এই অঞ্চল জুড়ে ৪০ জনেরও বেশি লোকের মৃত্যু হলো। গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, ২০২৩ সালের অক্টোবর থেকে গাজার বিরুদ্ধে ইসরায়েলের যুদ্ধে কমপক্ষে ৫০ হাজার ২০৮ জন ফিলিস্তিনি নিহত এবং আরও ১ লাখ ১৩ হাজার ৯১০ জন আহত হয়েছেন। গাজার সরকারি মিডিয়া অফিস ইসরায়েলি আগ্রাসনে ফিলিস্তিনিদের প্রাণহানির সংখ্যা আপডেট করে ৬১ হাজার ৭০০ জনেরও বেশি উল্লেখ করে জানিয়েছে, ধ্বংসস্তূপের নিচে নিখোঁজ হাজার হাজার ফিলিস্তিনিকে মৃত বলে ধরে নেওয়া হচ্ছে। জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি সতর্ক করে দিয়েছে, গাজায় হাজার হাজার ফিলিস্তিনি তীব্র ক্ষুধা ও অপুষ্টির মুখোমুখি হচ্ছে। অন্যদিকে জাতিসংঘের ফিলিস্তিনি শরণার্থী সংস্থা জানিয়েছে, তিন সপ্তাহেরও বেশি সময় ধরে কোনও সাহায্য গাজা ভূখণ্ডে প্রবেশ করেনি। এই

পরিস্থিতিতে গাজাজুড়ে ইসরায়েলি সেনাবাহিনীর হামলায় হতাহতের ঘটনা অব্যাহত রয়েছে। আল জাজিরা আরবির সাংবাদিক এবং ফিলিস্তিনি তথ্য কেন্দ্রের তথ্য অনুসারে, গাজা শহরের জেইতুন এলাকায় আওয়াদ পরিবারের বাড়িতে ইসরায়েলি যুদ্ধবিমান বোমা হামলায় তিনজন নিহত এবং আরও কয়েক ডজন আহত হয়েছেন।

বিনোদন

প্রকাশ পেলো 'ফাইনাল ডেস্টিনেশন : ব্লাডলাইনস' ট্রেলার

বিনোদন ডেস্ক : দীর্ঘ এক দশকের অপেক্ষার পর অবশেষে মুক্তি পেতে চলেছে জনপ্রিয় হরর ফ্র্যাঞ্চাইজির নতুন ছবি 'ফাইনাল ডেস্টিনেশন : ব্লাডলাইন'। সম্প্রতি ওয়ার্নার ব্রাদার্স ছবিটির অফিসিয়াল ট্রেলার প্রকাশ করেছে, যা ইতোমধ্যেই ভক্তদের মধ্যে ব্যাপক সাড়া ফেলেছে। নতুন ছবির গল্পে দেখা যাবে কলেজ শিক্ষার্থী স্টেফানি লুইসকে (ক্যাটলিন সান্তা জুয়ানা), যিনি বারবার ভয়াবহ দুঃস্বপ্নের শিকার হচ্ছেন। দুঃস্বপ্নে আতঙ্কিত হয়ে তিনি বাড়ি ফিরে যান এবং জানতে পারেন তার দাদি একসময় মৃত্যুকে ফাঁকি দিয়েছিলেন। সেই ঘটনার জেরে পুরো লুইস পরিবার এখন মৃত্যুর লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছে। ট্রেলারে অন্যতম আলোচিত দৃশ্য হলো কুখ্যাত লগ ট্রাক দৃশ্যটি, যা আগের ছবিতে দর্শকদের মনে গভীর দাগ কেটেছিল। নতুন ট্রেলারে দেখা যায়, সিনেমার চরিত্ররা প্রথমে সেই ট্রাক থেকে রক্ষা পেলেও সিরিজের নিয়ম অনুযায়ী, মৃত্যুকে একবার ফাঁকি দিলে তা আর কাউকে সহজে মুক্তি দেয় না।

শিগগিরই বিয়ের পিঁড়িতে বসছেন প্রভাস

বিনোদন ডেস্ক : দক্ষিণী তারকা প্রভাসের ব্যক্তিগত জীবনে বহু নারীর সঙ্গে নাম জড়িয়েছিল। একই ইন্ডাস্ট্রিজের অভিনেত্রী আনুষ্কা শেঠির সঙ্গে তার বিয়ের গুঞ্জনও উঠেছিল। আবার শুটিং সেট থেকে কৃতি শ্যাননের সঙ্গেও প্রেমে নাম জড়িয়েছিল তার। যদিও কোনো সম্পর্ক থেকেই সদুত্তর আসেনি। সবকিছু উড়িয়ে এবার বিয়ের পিঁড়িতে বসছেন প্রভাস। যদিও বছর খানেক ধরেই শোনা যাচ্ছিল তার বিয়ের কথা। তাই তো বরের বেশে দেখতে বহুদিন ধরে অপেক্ষা করছেন তার অনুরাগীরা। অবশেষে তাদের সেই ইচ্ছাই পূরণ হতে চলেছে। পরিবারের পছন্দ করা মেয়েকেই বিয়ে করছেন প্রভাস। তবে তিনি নাকি তারকা অঙ্গনের কেউ নন! শোনা যাচ্ছে, হায়দেরাবাদের এক প্রভাবশালী ব্যবসায়ীর মেয়েই হতে যাচ্ছেন নায়কের পাত্রী। এক ঘনিষ্ঠ সূত্র জানিয়েছে, প্রভাসের বিয়ের প্রস্তুতিও নাকি অনেকটা এগিয়ে রেখেছে তার পরিবার। এর আগেও প্রভাসের বিয়ে নিয়ে নানা রকমের গুঞ্জন ছড়িয়েছে। কিন্তু প্রভাসের বয়সের কথা মাথায় রেখে অনুরাগীদের ধারণা, এবার সত্যিই বিয়ের পিঁড়িতে বসছেন। যদিও অভিনেতার পক্ষ থেকে এখনো কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

শাকিবের জন্মদিনে শুভেচ্ছা জানালেন অপু-বুবলী

বিনোদন ডেস্ক : সুপারস্টার শাকিব খানের জন্মদিন ছিলো গতকাল। ১৯৮৩ সালের এই দিন নারায়ণগঞ্জে জন্মগ্রহণ করেন তিনি। তার প্রকৃত নাম মাসুদ রানা। চলচ্চিত্রে অভিনয় করতে এসে নাম বদলে হয়েছেন শাকিব খান। ১৯৯৯ সালে নির্মাতা সোহানুর রহমান সোহান পরিচালিত 'অনন্ত ভালোবাসা' সিনেমায় অভিনয়ের মাধ্যমে চলচ্চিত্রে অভিষেক হয় শাকিব খানের। তারপর কয়েক বছর কেটে গেলেও ২০০৭ সালে 'কিং খান' হিসেবে তারকা খ্যাতি লাভ করা শুরু করেন তিনি। এরপর অভিনয়ের মাধ্যমে জায়গা করে নিয়েছেন দর্শকহৃদয়ে। আর এর বাইরে ব্যক্তিজীবনে ভালোবেসে চিত্রনায়িকা অপু বিশ্বাস ও শবনম ইয়াসমিন বুবলীকে বিয়ে করেছিলেন। দুই নায়িকারই সন্তানের বাবা হয়েছেন তিনি। কিন্তু কারো সঙ্গেই স্থায়ী হয়নি সংসার। বর্তমানে অপু বিশ্বাস-বুবলী দুজনই অতীত শাকিবের কাছে। তাই বলে কী তার ওপর থেকে ভালোবাসা কমেছে সাবেক দুই স্ত্রীর? মোটেও নয়। এ জন্যই তো এবার শাকিব খানের জন্মদিনে তাকে শুভেচ্ছায় ভাসালেন অপু-বুবলী। গতকাল শুক্রবার শাকিব খানের জন্মদিন উপলক্ষ্যে সামাজিকমাধ্যম ফেসবুকে সিনেমার দৃশ্যে দুজনার একটি ফ্রেম পোস্ট করে ভালোবাসার ইমোজি দিয়ে অপু বিশ্বাস লিখেছেন, 'শুভ জন্মদিন জীবন্ত মেগাস্টার শাকিব খান।' এরপরই হ্যাশট্যাগ দিয়ে লিখেছেন- 'আমার শাহরুখ খান।' অন্যদিকে সাবেক স্বামীর প্রতি ভালোবাসার কথা জানাতে বাদ রাখেন চিত্রনায়িকা শবনম বুবলীও। এ নায়িকা ফেসবুকে লিখেছেন- 'শুভ জন্মদিন বাংলা চলচ্চিত্র ইন্ডাস্ট্রির মহারাজা শাকিব খান।'

এর মাঝে জুড়ে দিয়েছেন ভালোবাসার ইমোজি। প্রসঙ্গত, দুর্দান্ত অভিনয়ের মাধ্যমে এ পর্যন্ত চারবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছেন শাকিব খান। এবার বাংলা ছাড়িয়ে ওপার বাংলার টালিউড ইন্ডাস্ট্রিতে বেশ জনপ্রিয় তিনি। শাকিব খান অভিনীত উল্লেখযোগ্য সিনেমাগুলো হচ্ছে? 'জানের জান', 'অনন্ত ভালোবাসা', 'ঠেকাও মাস্তান', 'স্বপ্নের বাসর', 'মুখোশধারী', 'ও প্রিয়া তুমি কোথায়', 'প্রাণের মানুষ', 'সাহসী মানুষ চাই', 'বস্তির রানী সুরিয়া', 'খুনি শিকদার', 'আমার স্বপ্ন তুমি', 'সিটি টেরর', 'পিতার আসন', 'ডাক্তার বাড়ি', 'আমার প্রাণের স্বামী', 'তুই যদি আমার হইতি রে', '১ টাকার বউ', 'প্রিয়া আমার প্রিয়া', 'মাই নেম ইজ সুলতান', 'ডেয়ারিং লাভার', 'দুই পৃথিবী', 'প্রিয়তমা', 'রাজকুমার' ও 'দরদ'।

হিন্দি ধারাবাহিক প্রযোজনা করতে চলেছেন প্রসেনজিৎ

বিনোদন ডেস্ক : 'খাকি: দ্য বেঙ্গল চেপ্টার'-এ দারুণ অভিনয় করেছেন প্রসেনজিৎ চ্যাটার্জি। তার অভিনয়ের প্রশংসায় পঞ্চমুখ সিনেপ্রেমীরা। সেই চর্চার মধ্যেই 'টলিউড ইন্ডাস্ট্রি'কে নিয়ে আরও একটি বড় খবর প্রকাশ্যে এল। কী সেই খবর? এবার হিন্দি ধারাবাহিক প্রযোজনা করতে চলেছেন প্রসেনজিৎ। ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদনে বলা হয়, বাংলা ধারাবাহিক প্রযোজনার সঙ্গে যুক্ত রয়েছেন প্রসেনজিৎ। তার সংস্থা এনআইডিয়াজের প্রযোজনার তালিকায় রয়েছে 'মহানায়ক', 'আলোর কোলে', 'অমরসঙ্গী'র মতো জনপ্রিয় ধারাবাহিক। বর্তমানে ছোটপর্দায় চলছে তার প্রযোজিত 'মিত্তির বাড়ি' ধারাবাহিকটি। পাশাপাশি এবার হিন্দি ধারাবাহিকের প্রযোজক হিসাবে দেখা যাবে তাকে। 'কভি নিম নিম কভি শহদ শহদ' নামে একটি ধারাবাহিক প্রযোজনা করছেন তিনি। প্রতিবেদনে আরও বলা হয়, বাংলা টেলিভিশনের অন্যতম সফল ধারাবাহিক

সাহেব ভট্টাচার্য ও সুস্মিতা দে অভিনীত 'কথা'র হিন্দি রিমেক হতে চলেছে প্রসেনজিৎ প্রযোজিত এই নতুন মেগা। যদিও প্রসেনজিতের সংস্থার তরফে এই বিষয়ে আনুষ্ঠানিক ঘোষণা হয়নি এখনও। নতুন ধারাবাহিকটিতে অভিনয় করতে দেখা যাবে 'কুমকুম ভাগ্য' খ্যাত আরবার কাজি ও আফিয়া তয়বালিকে।

উল্লেখ্য, বাংলা টেলিভিশনের একাধিক সফল প্রযোজক ইতোপূর্বে বলিউডে হিন্দি ধারাবাহিক প্রযোজনায় নাম লিখিয়েছেন। তাদের মধ্যে রয়েছে লীনা গঙ্গোপাধ্যায়, শৈবাল বন্দ্যোপাধ্যায়, সুশান্ত দাস, স্নেহাশিস চক্রবর্তী প্রমুখ। তারা যথেষ্ট সাফল্যও পেয়েছেন। এবার সেই তালিকায় নাম লেখালেন প্রসেনজিৎ চট্টোপাধ্যায়ও।

অবশেষে পর্দায় আসছে 'কৃষ-ফোর'

বিনোদন ডেস্ক : বলিউডের জনপ্রিয় সিনেমা ফ্র্যাঞ্চাইজি 'কৃষ'। গত অর্ধ যুগের বেশি সময় ধরে এর চতুর্থ কিস্তি 'কৃষ-ফোর' নিয়ে বহু জল্পনা-কল্পনা হয়েছে। কয়েক দিন আগে জানা যায়, সিনেমাটির বাজেট দাঁড়িয়েছে ৭০০ কোটি রুপি। কিন্তু কেউ ঝুঁকি নিতে চাচ্ছেন না। ফলে আটকে আছে সিনেমাটির কাজ। সব জটিলতা উড়িয়ে নতুন ঘোষণা দিলেন এই সুপারহিরো সিনেমার পরিচালক রাকেশ রোশান। গতকাল শুক্রবার হৃতিকের বাবা রাকেশ মাইক্রোব্লগিং সাইট এক্সে (টুইটার) একটি পোস্ট দেন। তাতে তিনি জানান, 'কৃষ-ফোর' পরিচালনাও করবেন হৃতিক। এটি প্রযোজনা করবে যশরাজ ফিল্মস। রাকেশ রোশান লেখেন, "২৫ বছর আগে আমি তোমাকে (হৃতিক) অভিনেতা হিসেবে লঞ্চ করেছিলাম। আজ ২৫ বছর পর দুই চলচ্চিত্র নির্মাতা আদি (আদিত্য চোপড়া) এবং আমি তোমাকে পরিচালক হিসেবে লঞ্চ করছি; আমাদের সবচেয়ে উচ্চাকাঙ্ক্ষী 'কৃষ-ফোর' সিনেমা এগিয়ে নেওয়ার জন্য। তোমাদের এই নতুন জার্নির সাফল্য কামনা করছি, আশীর্বাদ রইল।" ২০০৩ সালে মুক্তি পায় এ ফ্র্যাঞ্চাইজির প্রথম সিনেমা 'কই মিল গ্যায়া'।

মুক্তির আগেই চলছে 'সিকান্দার' দাপট

বিনোদন ডেস্ক : আসছে ঈদে বলিউডে মুক্তি পাচ্ছে সালমান খানের অ্যাকশন সিনেমা 'সিকান্দার'। আগামী ৩০ মার্চ ভারতের প্রেক্ষাগৃহে দেখা যাবে ছবিটি। তবে মুক্তির আগেই যেন দাপট দেখিয়ে দিলো সালমান! ইতোমধ্যে ছবিটির বড় সংখ্যক অগ্রিম বুকিং সেরে ফেলেছে দর্শকেরা। ভারতীয় গণমাধ্যমের খবর, ইতোমধ্যেই ৯.৩০ কোটি রুপির অগ্রিম বুকিং সম্পন্ন হয়েছে 'সিকান্দার'-এর। খুব তাড়াতাড়ি যে তা ১০ কোটির ঘরে পৌঁছে যাবে, তা বলার অপেক্ষা রাখে না। গত বুধবার থেকে অগ্রিম টিকিট বুকিং শুরু হয়েছে। সিনেপ্রেমীদের চোখও বক্স অফিসের দিকে। হিসাব বলছে, টু-ডি শো-এর বিক্রি এখন ছুঁয়েছে ৩.৯৫ কোটি। আইম্যাক্স স্ক্রিনিংয়ের সংখ্যা করলে সেটাও প্রায় ৩.৯৮ কোটি। তবে মহারাষ্ট্র, দিল্লিতে বেশি ব্যবসা করতে চলেছে 'সিকান্দার'। উল্লেখ্য, ছবিটি কতটা ব্যবসা করবে, তা অনেকাংশে নির্ভর করে টিকিটের দামের ওপর। বড় শহরগুলোতে টিকিটের দাম তুলনামূলক অনেকটাই বেশি। টিকিটের চাহিদায় দাম কোথাও ২ হাজার ছুঁয়েছে, কোথাও তা ১৯০০।

শাকিবের জন্মদিনে মুক্তি পেলো 'চাঁদ মামা'

বিনোদন ডেস্ক : সুপারস্টার শাকিব খানের জন্মদিন ছিলো গতকাল। আর তার জন্মদিনেই প্রকাশ হয়েছে ঈদে মুক্তির অপেক্ষায় থাকা আলোচিত 'বরবাদ' সিনেমার আইটেম গান 'চাঁদ মামা'। যাতে শাকিব খানের সঙ্গে পর্দা কাঁপিয়েছেন কলকাতার জনপ্রিয় নায়িকা নুসরাত জাহান। গানটি লিখেছেন এবং সুর, সংগীত করেছেন প্রীতম হাসান, কণ্ঠ দিয়েছেন প্রীতম ও দোলা। গত মঙ্গলবার প্রীতম হাসানের ইউটিউব চ্যানেলে নতুন গানটির প্রমো প্রকাশিত হয়েছে। মাত্র কয়েক সেকেন্ডের প্রমোতে শাকিব খানের সঙ্গে নুসরাতকে দেখে চমকে গেছে দুই বাংলার দর্শক।

আসন্ন ঈদুল ফিতরে মুক্তির দৌড়ে থাকা সিনেমাগুলোর মধ্যে সবচেয়ে আলোচিত নাম মেগাস্টার শাকিব খানের 'বরবাদ' সিনেমাটি। কিং খানের এই সিনেমা নিয়ে বরাবরের মতো দর্শকদের আগ্রহ তুঙ্গে। একদিন পেরোতেই দর্শক জনপ্রিয়তায় 'চাঁদ মামা' গানের প্রমো ফেসবুক, ইউটিউব এবং ইনস্টাগ্রাম মিলিয়ে ৩ মিলিয়নের বেশি ভিউ সংখ্যা ছাড়িয়েছে। 'চাঁদ মামা'র আগে নাকাব সিনেমায় শাকিবের সঙ্গে অভিনয় করতে দেখা গিয়েছিল নুসরাতকে। সে সিনেমার দীর্ঘ ১০ বছর পর আইটেম গানে ধরা দিয়েছেন এ জুটি। প্রমো দেখে নেটিজেনদের মন্তব্য, 'তুফান' সিনেমায় কলকাতার অভিনেত্রী মিমি চক্রবর্তীর সঙ্গে শাকিবের 'উরাধুরা' গানকে জনপ্রিয়তায় ছাঁড়িয়ে যাবে 'চাঁদ মামা'। প্রীতম হাসানের কথা, সুর ও সংগীতায়জনে 'চাঁদ

লাল সাদা মিষ্টি আলু নিজের খেত থেকে তুলে ঝুড়ি ভর্তি করে বিক্রি করতে যাচ্ছেন কৃষক। সাপছড়ি মধ্যপাড়া, রাঙামাটি।

পটুয়াখালীতে বাড়ছে মাশরুম চাষ

পটুয়াখালী প্রতিনিধি : পুষ্টিগুণে ভরপুর মাশরুম এখন পটুয়াখালীর মানুষের নিত্য খাদ্য তালিকায় জায়গা করে নিচ্ছে। উচ্চমাত্রার আঁশ, ভিটামিন বি, সি ও ডি, কোলেস্টেরল নিয়ন্ত্রণকারী উপাদান এবং পটাশিয়ামসমৃদ্ধ এই খাদ্য রক্তচাপ ও হৃদরোগের ঝুঁকি কমাতে সহায়তা করে। তাই স্বাস্থ্য সচেতন মানুষদের কাছে মাশরুমের কদর বাড়ছে, বিশেষ করে পবিত্র রমজান মাসে ইফতারির উপকরণ হিসেবে এর চাহিদা বৃদ্ধি পেয়েছে। বর্তমানে পটুয়াখালীতে প্রতি কেজি মাশরুম ৩০০ টাকায় বিক্রি হচ্ছে। অল্প জায়গায় ও স্বল্প বিনিয়োগে চাষ করা সম্ভব হওয়ায় নতুন উদ্যোক্তারা মাশরুম চাষে আগ্রহী হচ্ছেন। শুধু শহরেই নয়, গ্রামাঞ্চলেও মাশরুম চাষ ছড়িয়ে পড়ছে। সদর উপজেলার শিক্ষক জাহাঙ্গীর হোসেন মানিক তার বাড়ির একাংশে মাশরুম চাষ শুরু করেন। প্রথমে শখের বসে তিনি চাষ শুরু করলেও বর্তমানে এটি তার জন্য একটি লাভজনক উদ্যোগে পরিণত হয়েছে। তিনি জানান, কৃষি বিভাগের সহায়তায় প্রশিক্ষণ গ্রহণ করে চাষের কৌশল শিখেছেন। বর্তমানে প্রতিদিন তার খামার থেকে তাজা মাশরুম সংগ্রহ করছেন স্থানীয় ক্রেতারা। পটুয়াখালী শহরের বাসিন্দা আনোয়ার হোসেন বলেন, আমি কয়েক মাস ধরে নিয়মিত মাশরুম খাচ্ছি। রমজান মাসেও ইফতারির বিভিন্ন পদে মাশরুম রাখছি। তাজা মাশরুম পেতে আমি সরাসরি খামার থেকে সংগ্রহ করি। পটুয়াখালী সদর উপজেলা কৃষি কর্মকর্তা মো. মোস্তাফিজুর রহমান বলেন, মাশরুম চাষকে জনপ্রিয় ও লাভজনক করতে সরকার প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা দিচ্ছে। নতুন উদ্যোক্তারা যাতে সহজে চাষ শুরু করতে পারেন, সেজন্য উন্নত জাতের বীজ, প্রশিক্ষণ ও বাজারজাতকরণে সহায়তা দিচ্ছে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। সংশ্লিষ্টরা মনে করছেন, ভবিষ্যতে মাশরুম চাষ এ অঞ্চলের অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন আনবে। বাজারের চাহিদা বৃদ্ধি এবং সরকারি সহযোগিতার ফলে পটুয়াখালীতে মাশরুম চাষ আরও সম্প্রসারিত হবে বলে আশা করছেন সংশ্লিষ্টরা।

১০ বছর ধরে ফ্রিতে ডেকে তোলেন সেহরির ফেরিওয়ালা আবদুল্লাহ

লালমনিরহাট প্রতিনিধি : প্রায় ১০ বছর ধরে রমজান মাসে সাইকেলে মাইক বেঁধে ঘুরে ঘুরে সেহরি খাওয়ার জন্য মুসলমান ধর্মালম্বী মানুষদের ডেকে তোলেন লালমনিরহাটের হাতীবান্ধার সেহরির ফেরিওয়ালা আবদুল্লাহ। তার মাইকিং শুনে ঘুম থেকে জেগে ওঠে সেহরি খায় তিস্তা চরসহ পাঁচ গ্রামের মানুষ। তবে এর জন্য কোনও টাকা নেন না তিনি। শুধু তাই নয়, এলাকায় কেউ মৃত্যুবরণ করলে ফ্রি মাইকিং করেন তিনি। এমন কাজের মধ্যদিয়ে পুরো এলাকায় সবার খুবই পছন্দের মানুষ হয়ে উঠেছেন আবদুল্লাহ। আবদুল্লাহ উপজেলার সানিয়াজন ইউনিয়নের নিজ শেখ সুন্দর গোনাপাড়া গ্রামের মৃত আব্দুল হামিদের ছেলে। স্থানীয় বাসিন্দা আল ইমরান বলেন, প্রতিবার রমজান মাসে সেহরির সময় আবদুল্লাহ আমাদের ডেকে দেন। এর ফলে আমরা সঠিক সময় ঘুম থেকে ওঠে সেহরি করতে পারি। এ বিষয়ে জানতে চাইলে আবদুল্লাহ বলেন, সম্মানির জন্য এ কাজ করি না। সৃষ্টিকর্তার সন্তুষ্টি ও সওয়াবের জন্যই এই কাজ করছি। ২০১৫ সাল থেকে রমজানের সেহরির সময় মাইকিং শুরু করি। গত ১০ বছর ধরে সেহরির সময় কোনোদিন আমি মাইকিং বাদ দেইনি। আল্লাহর রহমতে অসুস্থতা কিংবা বৈরী আবহাওয়া কোনোকিছুই আমাকে বিরত রাখতে পারেনি। যতদিন বেঁচে আছি কাজটি যেন করতে পারি এটাই প্রার্থনা। এ বিষয়ে সানিয়াজান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল হাসেম তালুকদার বলেন, দীর্ঘদিন ধরে আবদুল্লাহ এই কাজটি করছে। তার কারণে এলাকার ধর্মপ্রাণ মুসলমানেরা খুবই উপকৃত হচ্ছে। তার এই কাজকে আমি সাধুবাদ জানাই।

রানীক্ষেত রোগে ক্ষতির মুখে পোল্ট্রি খামারিরা

মৌলভীবাজার প্রতিনিধি : মৌলভীবাজারের পোল্ট্রি মুরগি খামারগুলোতে ছড়িয়ে পড়েছে রানীক্ষেত রোগের প্রকোপ। প্রায় তিনটি উপজেলার খামারে মরছে হাজার হাজার মুরগি। এতে করে চরম আতঙ্কিত হয়ে পড়েছেন ব্যবসায়ীরা। ফার্ম মালিকরা জানান, তারা বিভিন্ন ধরনের ওষুধ প্রয়োগ করেও রোগটি প্রতিরোধ করতে পারেননি। ফলস্বরূপ, জেলার পোল্ট্রি ফার্মগুলোতে মারাত্মক আকারে এই রোগ ছড়িয়ে পড়েছে। রোগের কারণে মুরগিগুলো প্রথমে ঝিমুনি দেখাতে শুরু করে এবং পরে একে একে মারা যায়। রাজনগর উপজেলার জনতা পোল্ট্রি এবং সদর উপজেলার বর্ষিজোড়া পোল্ট্রি ফার্মে একদিনে প্রায় ২ হাজার ৫শ মোরগ মারা গেছে। একই দিনে আরও ৪ হাজার মুরগি আক্রান্ত হয়েছে বলে ধারণা করা হচ্ছে। পোল্ট্রি ফার্ম মালিকরা জানিয়েছেন, গত এক সপ্তাহে মৌলভীবাজার সদর উপজেলায় প্রায় ২০ হাজার মুরগি মারা গেছে। পোল্ট্রি ব্যবসায়ী মো. সায়েম জানান, গত মাসের মধ্যে তার দুটি ফার্মে প্রায় ১০ হাজার মুরগি মারা গেছে। এবারের ভাইরাসের কারণে যে ক্ষতি হয়েছে তা অপূরণীয়। আমরা করোনায়ও এমন ক্ষতির সম্মুখীন হয়নি। এবারের রোগের কারণে ব্যাপক ক্ষতির শিকার হয়েছি।

অপর ফার্ম মালিক, খালেদ আহমেদ জানান, তার দুটি ফার্মে প্রায় আট হাজার বয়লার এবং লেয়ার মুরগির বাচ্চা উঠেছিল। রোজা ও ঈদে বিক্রি করে তিনি কিছু আয় করার পরিকল্পনা করেছিলেন। কিন্তু এখন তার প্রায় এক হাজার মুরগি মারা গেছে। জেলা প্রাণিসম্পদ বিভাগের কর্মকর্তা মো. আশরাফুল আলম খান বাংলানিউজকে বলেন, রোগটির লক্ষণ দেখে ধারণা করা হচ্ছে এটি রানীক্ষেত। এটি এক ধরনের সংক্রামক ভাইরাস। যা মুরগিদের ভেতর দ্রুত ছড়ায়। মৌলভীবাজার জেলার সদর, রাজনগর এবং শ্রীমঙ্গল উপজেলায় এ রোগের প্রাদুর্ভাব ঘটেছে।

সকালে মেঠো পথে সাইকেল চালানো শিখছে শিশুটি। বলরামপুর, রংপুর।

কালীগঞ্জ থেকে গ্রেফতার ১

কালীগঞ্জ, ঝিনাইদহ প্রতিনিধি : বগুড়ার শেরপুরে প্রতারনার মাধ্যমে ৩৯৮ বস্তা আটা ও একটি ট্রাক আত্মসাৎ মামলার মূল রহস্য উদঘাটন করেছে পুলিশ। এ ঘটনায় অভিযান চালিয়ে আত্মসাৎকৃত মালামালসহ দুই আসামিকে গ্রেফতার করা হয়েছে। এ সময় প্রায় ১৯ হাজার ৯০০ কেজি আটা ও প্রায় ১১ লাখ টাকা মূল্যের একটি ট্রাক উদ্ধার করা হয়েছে। শেরপুর থানা সূত্রে জানা যায়, ২৬ মার্চ উপজেলার গড়েরবাড়ী গ্রামের বাসিন্দা কাওছার আহম্মেদ থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। তিনি পেশায় একজন ট্রাক মালিক। অভিযোগে তিনি উল্লেখ করেন, তার মালিকানাধীন ঢাকা মেট্রো-ট-১৬-৮৭০১ রেজিস্ট্রেশন নম্বরের একটি ট্রাক চালক বেলাল হোসেন ও হেলপার মোস্তফার কাছে ভাড়ায় পরিচালনার জন্য দেন। ২৪ মার্চ দুপুরে দড়িমুকন্দ বাজার থেকে জনৈক শামীম শেখের কাছ থেকে ৩৯৮ বস্তা আটা লোড করে নন্দীগ্রাম কোয়ালিটি ফিড মিলে পৌঁছে দেওয়ার কথা ছিল। কিন্তু তারা মালামাল গন্তব্যে না পৌঁছে আত্মসাৎ করে আত্মগোপনে চলে যায়। ওই ঘটনায় ভুক্তভোগী কাওছার আহম্মেদ বাদী হয়ে শেরপুর থানায় একটি মামলা দায়ের করেন। মামলাটি প্রেক্ষিতে তথ্যপ্রযুক্তির সহায়তা এবং গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ২৭ মার্চ রাত ৩টা ৩০ মিনিটে ঝিনাইদহ কালীগঞ্জ শহরের মোবারকগঞ্জ চিনিকলের সামনে পাকা রাস্তার ওপর থেকে ২ আসামিকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলেন বেলাল হোসেন (৪০), পিতা মৃত গনি শেখ এবং মোঃ মোস্তফা (৩৮), পিতা আজগর হাজী, দুজনেই বগুড়ার শেরপুর উপজেলার বাসিন্দা। গ্রেফতারের সময় আসামিদের দখল হতে ৩৯৮ বস্তা আটা ও আত্মসাৎ করা ট্রাকটি উদ্ধার করা হয়। উদ্ধারকৃত প্রতিটি বস্তার ওজন ৫০ কেজি করে মোট ওজন ১৯, ৯০০ কেজি। আটার বাজারমূল্য আনুমানিক ৬ লাখ ৩৬ হাজার ৮০০ টাকা এবং ট্রাকের মূল্য প্রায় ১১ লাখ টাকা। এ বিষয়ে শেরপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) সফিকুল ইসলাম বলেন, অভিযোগ পাওয়ার পরই আমরা গুরুত্বের সঙ্গে তদন্ত শুরু করি। তথ্য প্রযুক্তি এবং সোর্সের দেওয়া তথ্যের ভিত্তিতে সফল অভিযানে মালামাল উদ্ধারসহ আসামিদের গ্রেফতার করা সম্ভব হয়েছে।

পিরোজপুরের পুলিশ সুপারের সাংবাদিকদের সঙ্গে ইফতার ও মতবিনিময়

পিরোজপুর প্রতিনিধি : পিরোজপুর প্রেস ক্লাবের সাংবাদিকদের সঙ্গে ইফতার ও মতবিনিময় করেছেন পিরোজপুরের পুলিশ সুপার খান মোহাম্মদ আবু নাসের। গত বৃহস্পতিবার সন্ধ্যায় জেলা পুলিশের আয়োজনে প্রেসক্লাব মিলায়তনে এ মতবিনিময় সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। ইফতার পূর্ব মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন পিরোজপুর প্রেসক্লাব সভাপতি এস এম রেজাউল ইসলাম শামীম। সঞ্চালনা করেন পিরোজপুর প্রেস ক্লাবের সাধারণ সমপাদক এস এম তানভীর আহমেদ। ওই সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পিরোজপুরের পুলিশ সুপার খান মোহাম্মদ আবু নাসের। তিনি বলেন, সাংবাদিকরা জাতির বিবেক হিসেবে কাজ করে থাকেন। পিরোজপুরের সাংবাদিকরা সব সময় বস্তুনিষ্ঠ সাংবাদিকতা করেন, যা দেশের জেলা পর্যায়ের সাংবাদিকদের জন্য একটা উদাহরণ হতে পারে। অন্যায় ও অপরাধ নির্মূলে পিরোজপুরের পুলিশ ও সাংবাদিকরা একসাথে কাজ চালিয়ে যাবেন। এ সময় আরো বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) শেখ মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) নাসরিন জাহানসহ অন্যান্য সাংবাদিকরা।

কালিগঞ্জে দুস্থদের ঈদসামগ্রী ও খাদ্য সহায়তা প্রদান

কালিগঞ্জ, সাতক্ষীরা প্রতিনিধি : পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দরিদ্র অসহায় পরিবারকে ঈদসামগ্রী ও খাদ্য সহায়তা প্রদান করেছে সাতক্ষীরার কালিগঞ্জের ঐতিহ্যবাহী সাংবাদিক সংগঠন রিপোর্টার্স ক্লাব। রিপোর্টার্স ক্লাবের কার্যালয়ে দুস্থ পরিবারের সদস্যদের মাঝে এ ঈদসামগ্রী ও খাদ্যদ্রব্য বিতরণ করা হয়। রিপোর্টার্স ক্লাবের সভাপতি সহকারী অধ্যাপক নিয়াজ কওছার তুহিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বেচ্ছাসেবী সংগঠন কালিগঞ্জ আলোর পথিক ফাউন্ডেশনের সভাপতি, রংধনু কমপ্লেক্সের নির্বাহী পরিচালক ও ধুলিয়াপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি এস এ এম আশিক। রিপোর্টার্স ক্লাবের কার্যনির্বাহী সদস্য এমডি আরাফাত আলীর সঞ্চালনায়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কালিগঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ও বড়শিমলা কারবালা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক গাজী মিজানূর রহমান, বিশিষ্ট সমাজসেবক শেখ আব্দুর রহমান প্রমুখ। এ সময় বক্তব্য রাখেন গোবিন্দকাটি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও রিপোর্টার্স ক্লাবের সদস্য আবু হাসান, বিশিষ্ট ব্যবসায়ী ও রিপোর্টার্স ক্লাবের সদস্য শের আলী, সিনিয়র সদস্য রফিকুল ইসলাম, মীম ইসলাম প্রমুখ। বিগত বছরের ন্যায় এবারও অনেকগুলো দুস্থ পরিবারকে খাদ্য সহায়তা দিয়ে তাদের সাথে ঈদ আনন্দ ভাগাভাগির চেষ্টা করা হয়েছে জানিয়ে রিপোর্টার্স ক্লাবের সভাপতি সহকারী অধ্যাপক নিয়াজ কওছার তুহিন বলেন, শুধুমাত্র রিপোর্টার্স ক্লাবের কার্যনির্বাহী কমিটি ও সাধারণ সদস্যদের প্রদত্ত অর্থে এ উদ্যোগ বাস্তবায়ন করা হয়েছে। ইফতার মাহফিল ও বিভিন্ন অনুষ্ঠানের নামে কিছু সংগঠন চাঁদাবাজি ও ধান্ধাবাজি করে জনমনে সাংবাদিকদের সম্পর্কে যে বিরূপ মনোভাবের সৃষ্টি করছে রিপোর্টার্স ক্লাব বরাবরই তার বিপক্ষে অবস্থান করে থাকে। আগামীতেও এ ধারা অব্যাহত থাকবে বলে জানান তিনি। ঈদসামগ্রী ও খাদ্য সহায়তা প্রদান অনুষ্ঠানে রিপোর্টার্স ক্লাবের সহ-সভাপতি আহাদুজ্জামান আহাদ, শেখ সাদেকুর রহমান, সাংগঠনিক সম্পাদক শেখ শাওন আহমেদ সোহাগ, দপ্তর সম্পাদক জামাল উদ্দীন, সদস্য আবু বক্কর সিদ্দীক, মোখলেসুর রহমান মুকুল।

মহাসড়কে মাটরসাইকেলের দীর্ঘ সারি

টাঙ্গাইল প্রতিনিধি : যমুনা সেতু-ঢাকা মহাসড়কে যানবাহনের চাপ বাড়লেও স্বাভাবিক গতিতেই চলাচল করছে গাড়ি। তবে মহাসড়কে গণপরিবহনের পাশাপাশি ব্যক্তিগত গাড়ি ও মোটরসাইকেল অনেক বেশি চলাচল করছে। গত ২৪ ঘণ্টায় গত বৃহস্পতিবার রাত ১২টা থেকে যমুনা সেতু দিয়ে ৬ হাজার ১৯৫টি মোটরসাইকেল পারাপার হয়েছে। এতে টোল আদায় হয়েছে তিন লাখ নয় হাজার ৭৫০ টাকা। মহাসড়ক সংশ্লিষ্টরা জানান, ঈদের দিন-ক্ষণ যতই ঘনিয়ে আসছে মহাসড়কে যানবাহনের চাপ ততই বাড়ছে। তবে স্বাভাবিক গতিতেই যানবাহন চলাচল করছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের(বাসেক) যমুনা সেতু সাইট অফিস সূত্রে জানা যায়, গত ২৪ ঘণ্টায় এ সেতু দিয়ে ৩৫ হাজার ২২৭টি যানবাহন পারাপার হয়েছে। এতে টোল আদায় হয়েছে দুই কোটি ৬৫ লাখ ৩৭ হাজার ৫০০ টাকা। বাসেক'র যমুনা সেতু সাইট অফিসের নির্বাহী প্রকৌশলী আহসানুল কবির পাভেল জানান, ঈদযাত্রায় যমুনা সেতুর দুই পাশে নয়টি করে মোট ১৮টি বুথ দিয়ে যানবাহন পারাপার হচ্ছে। এছাড়া দুই পাশেই মোটরসাইকেলের জন্য আলাদা দুটি করে বুথ রয়েছে। এতে নির্বিঘ্নে মানুষ যাতায়াত করতে পারছেন।

গজারিয়ায় মহাসড়কে ফিল্মি স্টাইলে ছিনতাই

গজারিয়া, মুন্সীগঞ্জ প্রতিনিধি : ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মুন্সীগঞ্জের গজারিয়ায় প্রকাশ্য দিবালোকে দেশীয় অস্ত্র ঠেকিয়ে একটি মাইক্রোবাসে ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। এ সময় ছিনতাইকারীদের বাধা দিতে গিয়ে আহত হয়েছেন মাইক্রোবাসটির দুই যাত্রী। আহতরা হলেন মাইক্রোবাস যাত্রী তাহেরা বেগম (৬৫) ও আব্দুস সালাম (১৮)। তারা সবাই নোয়াখালীর সোনাইমুড়ি উপজেলার বাসিন্দা বলে জানা গেছে। ঘটনার প্রত্যক্ষদর্শী মাইক্রোবাস যাত্রী হানিফ মিয়া বলেন, আমার ছোট ভাই হুমায়ুন কবির সৌদি আরব প্রবাসী। ছুটিতে তিনি বাংলাদেশে আসছেন। আমরা যাচ্ছিলাম তাকে এয়ারপোর্ট থেকে এগিয়ে আনতে। ভোর সাড়ে তিনটার দিকে আমরা সোনাইমুড়ি থেকে ঢাকার উদ্দেশ্যে রওনা হই। এসময় চালকসহ আমরা চারজন মাইক্রোবাসটিতে ছিলাম। গতকাল শুক্রবার সকাল সাড়ে ছয়টার দিকে আমরা ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের গজারিয়া অংশের ভিটিকান্দি এলাকায় পৌঁছাই। এ সময় ঢাকাগামী লেনে একটি যাত্রীবাহী বাস দুর্ঘটনার শিকার হলে মহাসড়কের এই অংশে যানজট ছিল। যানজটে আটকে থাকার সময় হঠাৎ করে ৩-৪ জন যুবক বগিদা, রামদা নিয়ে আমাদের গাড়িতে হামলা করে। তারা আমাদের মারধর করে নগদ ২৮ হাজার টাকা, তিনটি মোবাইল ফোন নিয়ে যায়। ডাকাতের হামলায় আমার মা তাহেরা বেগম, আমার ভাগিনা আব্দুস সালাম আহত হয়েছে। আমরা এই ঘটনায় গজারিয়া থানাতে একটি লিখিত অভিযোগ দায়ের করেছি।

চরভদ্রাসন বাজারে আঁতশবাজি অপসারন করলেন ইউএনও

চরভদ্রাসন, ফরিদপুর প্রতিনিধি : ফরিদপুরের চরভদ্রাসন উপজেলার বিভিন্ন হাট বাজারে আঁতশবাজি ক্রয়-বিক্রয় অবশেষে বন্ধ করে দিয়েছেন ইউএনও মনিরা খাতুন। আসন্ন ঈদুল ফিতরকে সামনে রেখে কিছুদিন ধরে উপজেলার বিভিন্ন হাট বাজারে অবাধে বিক্রি হচ্ছিল আঁতশবাজি। এতে উপজেলার কিশোর ও বখাটে যুবকরা রাতভর আঁতশবাজির বিস্ফোরন ঘটিয়ে ঘুমন্ত রুগী সহ সাধারনের মধ্যে আতঙ্ক সৃষ্টি করে চলছিল। এ দুরবস্থা অনুভব করতে পেরে উপজেল নির্বাহী অফিসার মনিরা খাতুন বিভিন্ন হাট বাজারে অভিযান চালিয়ে আঁতশবাজির দোকানগুলো অপসারন করেছেন। এ অভিযানে অন্যান্যর মধ্যে ছিলেন চরভদ্রাসন থানার সেকেন্ড অফিসার এসআই রফিকুল ইসলাম, পুলিশ কনস্টেবল ও আনসার ব্যাটলিয়ন সদস্যরা। আতশবাজি অপসারন অভিযানের ফলে জনমনে স্বস্তি ফিরে এসেছে বলে অনেকে জানিয়েছেন। উপজেলা সদরে বি.এস ডাঙ্গী গ্রামের ফিরোজা বেগম (৬৫) সহ অনেকে জানায়, "অনেকদিন পর গত রাতটা স্বস্তিতে কেটেছে এবং উচ্চ শব্দ সম্পন্ন আঁতশবাজি বিস্ফোরন না ঘটাতে ঘুমও ভালো হয়েছে"। জানা যায়, এ বছর ঈদুল ফিতরকে সামনে রেখে উপজেলার বিভিন্ন বাজারে অবাধে বিক্রি হচ্ছিল আঁতশবাজি। এসব দোকানে হরেক রকমের আঁতশবাজি কিনে যুবকরা রাতভর শব্দ দুষণ ঘটাচ্ছিল। আঁতশবাজি বিস্ফোরনে উপজেলার বিভিন্ন রুগী ও শিশুদের ঘুমের মধ্যে আতঙ্ক সৃষ্টি করছিল। বিষয়টি অনুভব করতে পেরে আঁতশবাজির দোকানগুলো অপসারন করেন ইউএনও।

ঈদমেলায় বিক্রির জন্য মাটির খেলনা রং করছেন এই নারী। প্রতিটি খেলনা বিক্রি হবে ৫ থেকে ২০ টাকায়। মমিনপুর, রংপুর।

চরভদ্রাসনে পল্লি বাংলা এনজিও'র ঈদ সামগ্রী বিতরন

চরভদ্রাসন, ফরিদপুর প্রতিনিধি : ফরিদপুরের চরভদ্রাসন উপজেলা এমপি ডাঙ্গী গ্রামে 'পল্লি বাংলা এনজিও' প্রতিষ্ঠানের চেয়ারম্যান মোঃ লুৎফর রহমান পাশা তার নিজ বাসভবন প্রাঙ্গনে প্রায় ৬শ' দুস্থ পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরন করেছেন। হিউম্যান এ্যাপেল অষ্ট্রেলিয়ার অর্থায়নে এবং 'পল্লি বাংলা' এনজিও প্রতিষ্ঠানের উদ্যোগে এসব ঈদ সামগ্রী বিতরন করা হয়। এসব ঈদ সামগ্রী বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হিউম্যান এ্যাপেল অষ্ট্রেলিয়ার কান্ট্রি ডাইরেক্টর ড. কামাল খলিফা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন 'পল্লি বাংলা' এনজিও চেয়ারম্যান মোঃ লুৎফর রহমান পাশা। এ সময় এলাকার গন্যমান্য ও ইউপি সদস্যরাও উপস্থিত থেকে দুস্থ পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরন করেন। জানা যায়, হিউম্যান এ্যাপেল অষ্ট্রেলিয়া এ বছর ঈদুল ফিতরে উপজেলার ৬শ' দুস্থ পরিবারের জন্য ঈদ সামগ্রী বিতরনের আয়োজন করেন।

সেনবাগের এনায়েতপুর মানব কল্যাণ ফাউন্ডেশনের ইফতার মাহফিল

সেনবাগ, নোয়াখালী প্রতিনিধি : নোয়াখালীর সেনবাগের ডমুরুয়া ইউপির ঐতিহ্যবাহী এনায়েতপুর মানব কল্যাণ ফাউন্ডেশনের উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হয়েছে। এনায়েতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে সাবেক ইউপি সদস্য আবদুর রশিদ মেম্বারের সভাপতিত্বে ও ওমর ফারুক বাদল এবং হাবিবুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠিত দোয়া ও ইফতার মাহফিলে প্রধান অতিথি ছিলেন, বাহরাইন প্রবাসী বিশিষ্ট ব্যবসায়ী মো: পারভেজ পলাশ। অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন আয়কর উপদেষ্টা মো: দেলোয়ার হোসেন এবং প্রধান ধর্মীয় আলোচক হিসেবে আলোচনা করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পিএইচডি গবেষক মাসুম বিন নোমান। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, অশ্বদিয়া বাজার ব্যবসায়ী সমিতির সাবেক সভাপতি ডা: আবদুস সোবহান, আমির হোসেন মিঝি। এসময় উপস্থিত ছিলেন সমাজসেবক আশ্রাফ উদ্দিন, কোরবান আলী, আজিম উদ্দিন, রবিউল আলম, আবু তাহের, আবদুল মালেক, আলী আক্কাস, হায়দার আলী, হাফেজ আহমেদ, এনায়েতপুর মানবকল্যান ফাউন্ডেশনের পরিচালক সরোয়ার আহমেদ মিঝি, মহিন উদ্দিন, সাখাওয়াত হোসেন, এমাম হোসেন, ইমাম হোসেন, নিজাম উদ্দিন সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। ইফতারের পূর্বে অতিথিদের সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয় এবং এলাকাবাসী ও মুসলিম উম্মাহর শান্তি কামনায় দোয়া করা হয়।

জুমাতুল বিদায় শাহজালাল দরগাহ মসজিদে মুসল্লিদের ঢল

সিলেট প্রতিনিধি : পবিত্র রমজানের শেষ জুমার নামাজ 'জুমাতুল বিদা' উপলক্ষে সিলেটের হযরত শাহজালাল (রহ.) দরগাহ জামে মসজিদে বিপুলসংখ্যক মুসল্লি জুমার নামাজ আদায় করেন। দেশ ও জাতির কল্যাণ কামনায় এবং বিশ্বশান্তির জন্য বিশেষ মোনাজাত করা হয় নামাজ শেষে। জুমার খুতবায় ঈদুল ফিতরের ফিতরা আদায়ের গুরুত্ব, বিধান ও গরীব-দুঃখীদের হকের বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়। খতিব তাঁর বক্তব্যে বলেন, ফিতরা ঈদের আগে গরীবদের হাতে পৌঁছে দেওয়া প্রত্যেক মুসলমানের কর্তব্য।

এটি সমাজের অসহায় ও দরিদ্র জনগোষ্ঠীর জন্য আল্লাহর একটি বিশেষ অনুদান, যা ধনীদের সম্পদের মধ্য থেকে বের করতে বলা হয়েছে। এছাড়াও, খুতবায় ইসলামের সামাজিক ন্যায়বিচার, ধনী-গরিবের মধ্যে ভ্রাতৃত্ববোধ বজায় রাখা এবং যাকাত ও ফিতরার সঠিক বণ্টনের বিষয়ে আলোচনা করা হয়। তিনি বলেন, ''যারা সম্পদশালী, তাদের দায়িত্ব দরিদ্রদের পাশে দাঁড়ানো। ফিতরা ও যাকাত আদায়ের মাধ্যমে সমাজে সাম্য ও ন্যায়বিচার প্রতিষ্ঠা সম্ভব। '' নামাজ শেষে দেশ, জাতি ও সমগ্র বিশ্বের মানুষের শান্তি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। এতে মুসল্লিরা কাঁদতে কাঁদতে নিজেদের এবং মুসলিম উম্মাহর কল্যাণের জন্য দোয়া করেন। বিশ্বে চলমান অস্থিরতা, যুদ্ধ ও মানবতার সংকট থেকে মুক্তির জন্য আল্লাহর কাছে প্রার্থনা করা হয়। উল্লেখ্য, পবিত্র রমজানের শেষ জুমা মুসলমানদের কাছে বিশেষ তাৎপর্যপূর্ণ। এই দিনকে কেন্দ্র করে মুসল্লিদের মধ্যে এক বিশেষ ধর্মীয় অনুভূতি বিরাজ করে। সিলেটের শাহজালাল দরগাহ মসজিদসহ দেশের বিভিন্ন মসজিদে লাখো মুসল্লি জুমাতুল বিদার নামাজ আদায় করেন।

পোরশায় ৮০বিঘা জমির বোরো ধান নষ্ট করেছে দুর্বৃত্তরা

পোরশা, নওগাঁ প্রতিনিধি : নওগাঁর পোরশায় আল জামিয়া আল আরাবিয়াহ দারুল হিদায়াহ্ (পোরশা বড় মাদ্রাসা)'র ৮০বিঘা জমির বোরো ধানে কীটনাশক প্রয়োগ করে নষ্ট করে দিয়েছে দুর্বৃত্তরা। মদ্রাসার মালিকানাধীন জমিতে কীটনাশক প্রয়োগ করে দুর্বৃত্তরা। এতে ৮০বিঘা জমির ধান সম্পুর্ণ নষ্ট হয়ে গেছে। এ ঘটনায় থানায় লিখিত অভিযোগ করেছেন সংশ্লিষ্ট মাদ্রাসার সেক্রেটারী নজরুল ইসলাম শাহ্ মাদ্রাসার শিক্ষক সাখাওয়াত হোসেন জানান, নিতপুর ইউনিয়নের সোহাতি মোজার ওই জমি গুলি স্থানীয় কৃষকদের বর্গা দেওয়া ছিল। কৃষকরা প্রতি বছরের মত এবছরও জমিগুলোতে বোরো ধান চাষ করেছেন। কিন্তু হঠাৎ করে দুর্বৃত্তরা রাতের অন্ধকারে কীটনাশক প্রয়োগ করে ধানগুলো মেরে ফেলেছে।

নড়াইলে শিশুদের গজল ও আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত

নড়াইল প্রতিনিধি : নড়াইলে মনিকা একাডেমি আয়োজিত শিশুদের গজল ও আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। শহরের দেবদারতলা এলাকায় দিনব্যাপী একাডেমির কার্যালয়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মনিকা একাডেমির পরিচালক সবুজ সুলতানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-দারুল আমান ইসলামিক একাডেমির পরিচালক নূর ইসলাম, প্রশিক্ষক সজীব শিকদার, শিক্ষানুরাগী জুবাইদা নাসরিন, চন্দ্রকথা সাহিত্য পত্রিকার সাহিত্য সম্পাদক স্কুলশিক্ষক অনুমিতা জয়া, মহিলা কলেজ প্রতিনিধি লামিয়া নওরিন জীমসহ অনেকে। আয়োজকরা জানান, মহান স্বাধীনতা দিবস উপলক্ষে আবৃত্তি এবং আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে গজল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

ঈদকে ঘিরে ফুলের কদর বেড়েছে। তাই বাগান থেকে নানা রকমের গোলাপ তুলে বিক্রি করছেন এই চাষি। নজিরেরহাট, রংপুর।

উলফসবুর্গের জালে বার্সার গোল বন্যা

স্পোর্টর্স ডেস্ক : নারীদের চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনালের দ্বিতীয় লেগে উলফসবুর্গকে বিধ্বস্ত করে সেমিফাইনালে জায়গা করে নিয়েছে বর্তমান চ্যাম্পিয়ন বার্সেলোনা। নিজেদের মাঠে ৬-১ গোলের বিশাল জয় তুলে নেয় তারা, যার ফলে দুই লেগ মিলিয়ে ১০-২ ব্যবধানে শেষ চারে পা রাখে স্প্যানিশ ক্লাবটি। শুরু থেকেই দারুণ ছন্দে ছিল বার্সেলোনা। মাত্র ৪৫ মিনিটের মধ্যেই ৩-০ গোলে এগিয়ে যায় তারা। সেলমা পারালুয়েলো প্রথমার্ধেই জোড়া গোল করেন, তার সঙ্গে একটি চমৎকার গোল যোগ করেন এসমে ব্রুগটস। বিরতির পরও নিজেদের আধিপত্য ধরে রাখে বার্সেলোনা। বদলি হিসেবে নামা ক্লাউডিয়া পিনা দলের চতুর্থ গোলটি করেন। যদিও উলফসবুর্গের হয়ে লিনেথ বেয়ারেনস্টেইন একটি গোল শোধ করেন, তবে তা ছিল কেবল সান্ত্বনার। এরপর পিনা এবং ডিফেন্ডার মারিয়া লিওন দুটি ফ্রি-কিক থেকে গোল করে বার্সার গোল উৎসবের পূর্ণতা দেন। এই জয়ে টানা আরেকটি চ্যাম্পিয়ন্স লিগ শিরোপার পথে আরও এক ধাপ এগিয়ে গেল বার্সেলোনা। সেমিফাইনালে তারা মুখোমুখি হবে চেলসির, যারা একই দিন ম্যানচেস্টার সিটিকে ৩-০ গোলে হারিয়ে ৩-২ ব্যবধানে শেষ চারে জায়গা করে নিয়েছে। অন্য সেমিফাইনালে মুখোমুখি হবে ফরাসি ক্লাব অলিম্পিক লিওঁ এবং ইংলিশ ক্লাব আর্সেনাল।

রোহিতই থাকছেন ভারতের টেস্ট ক্যাপ্টেন

স্পোর্টর্স ডেস্ক : ভারতীয় ক্রিকেট বোর্ড রোহিত শর্মার টেস্ট ভবিষ্যৎ নিয়ে যাবতীয় জল্পনায় জল ঢালতে চলেছে। ৩৭ বছর বয়সী এই তারকা আগামী জুন মাসে ইংল্যান্ড সফরে যাবেন টেস্ট দলের অধিনায়ক হিসেবেই, এমনটাই ইঙ্গিত। ২০০৭ সালের পরে ফের ইংল্যান্ড থেকে সিরিজ জিতে দেশে ফেরার লক্ষ্যে ভারত লড়াই চালাবে এবার। পিটিআই-এর একটি প্রতিবেদনে বলা হয়েছে, নিউজিল্যান্ড এবং অস্ট্রেলিয়ার বিরুদ্ধে দুটি টেস্ট সিরিজে হতাশাজনক পারফরম্যান্স সত্ত্বেও রোহিত ইংল্যান্ডে ভারতের টেস্ট দলকে নেতৃত্ব দেবেন বলে আশা করা হচ্ছে। ২০২৪ সালের সেপ্টেম্বর থেকে ২০২৫ সালের জানুয়ারি পর্যন্ত ১০টি টেস্ট ম্যাচে মাত্র ১৬৪ রান করার পরে রোহিতের লাল বলের ক্রিকেটের ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন উঠেছিল।

ওসাসুনার সাথে জয় পেলো বার্সা

স্পোর্টর্স ডেস্ক : ওসাসুনার বিপক্ষে বার্সার খেলার কথা ছিল গত ৮ মার্চ। সেদিন কাতালান দলটির চিকিৎসক মারা যাওয়ায়, স্থগিত করা হয় ম্যাচটি। নতুন সূচি অনুযায়ী গত বৃহস্পতিবার রাতে ম্যাচটি অনুষ্ঠিত হয়ে গেল। তবে আন্তর্জাতিক ফুটবলের ধকল কাটিয়ে উঠতে, গত রাতে ম্যাচটি খেলতে চায়নি কাতালান জায়ান্টরা। ওসাসুনাকে ৩-০ গোলে হারিয়েও তাই অসন্তোষ বার্সা ম্যানেজার হান্সি ফ্লিক। বার্সেলোনা কোচের দাবি, তার দল বড় ব্যবধানে ওসাসুনাকে হারালেও 'চড়া মূল্য' দিতে হয়েছে। কারণ তাদের মিডফিল্ডার দানি ওলমো চোটে পড়েছেন। ঠিক এই কারণেই তারা ম্যাচটা গত বৃহস্পতিবার খেলতে চাচ্ছিল না। আন্তর্জাতিক বিরতিতে ভ্রমণ এবং অল্প সময়ের ব্যবধানে দুই ম্যাচ খেলার ক্লান্তি থাকে ফুটবলারদের। কিছুটা বিশ্রাম না নিয়ে পুনরায় প্রতিযোগিতামূলক ম্যাচে নামলে চোটের ঝুঁকি থাকেই। ঘরের মাঠ স্তাদিও অলিম্পিক লুইসে বার্সা সহজ জয় পায়। ম্যাচের ১১ মিনিটেই অ্যালেক্স বালদের অ্যাসিস্ট থেকে গোল করেন ফেরান তোরেস। ম্যাচের ১৭ মিনিটে ওসাসুনা গোলরক্ষক হেরেরা ডি বক্সের ভেতরে ফাউল করেন ওলমোকে। দুবারের নাটকীয়তায় পেনাল্টি থেকে গোল করেন ওলমো নিজেই। বিরতির আগে আর কোন গোল হয়নি। ম্যাচের ৭৭ মিনিটে ফারমিন লোপেজের অ্যাসিস্ট থেকে গোল করে সফরকারীদের কফাইন শেষ পেরেক ঠিকে দেন রবার্ট লেভানডফস্কি। তবে এই বড় জয়টি ওলমোর চোটে ম্লান হয়ে যায়। ম্যাচ পরবর্তী সংবাদ সম্মেলনে ফ্লিক বলেন, "আজ আমরা আমাদের যা ছিল (ফুটবলার), তার সেরা ব্যবহার করেছি। তারিখটি এই ম্যাচ খেলার জন্য উপযুক্ত ছিল না। আন্তর্জাতিক বিরতির পরে এত দ্রুত খেলা ঠিক না। আমরা তিন পয়েন্ট পেলাম, কিন্তু ডানির চোটের জন্য আমরা খুব বড় একটি মূল্য দিয়েছি, এটা ভালো নয়।" জানা গেছে, ওলমোর কিছু শারীরিক পরীক্ষা হবে। প্রাথমিক অনুমান অনুযায়ী, এই ২৬ বছর বয়সী মিডফিল্ডার দুই থেকে তিন সপ্তাহের জন্য মাঠের বাইরে থাকতে পারেন। ফ্লিক বলেন, "আমরা জানি না তিনি কতদিন মাঠের বাইরে থাকবেন।

যদি দুই সপ্তাহ হয়, তবে অনেক ম্যাচ মিস হবে। তিন সপ্তাহ হলে আরও বেশি। তিন পয়েন্টের জন্য মূল্যটা অনেক বড় ছিল।" শুধু ওমলোর চোটে ফ্লিক বিরক্ত না। এই ম্যাচটা জার্মান কোচকে খেলতে হয়েছে

রাফিনহাকে ছাড়া। এই ব্রাজিলিয়ান উইঙ্গার গত মঙ্গলবার আর্জেন্টিনার বিপক্ষে খেলেছিলেন। ওসাসুনার বিপক্ষে ম্যাচের আগে যথেষ্ঠ বিশ্রাম পাননি, তাই মাঠেও নামেননি। অন্যদিকে ডিফেন্ডার রোনাল্ড আরাউজোও জাতীয় দল উরুগুয়ের দায়িত্ব থেকে গত বুধবার ফিরে আসায় বিশ্রামে ছিলেন ওসাসুনার বিপক্ষে। লা লিগায় ২৮ ম?্যাচে ৬৩ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে বার্সেলোনা। সমান সংখ্যক ম্যাচে ৬০ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রিয়াল মাদ্রিদ। তিনে থাকা অ্যাতলেটিকো মাদ্রিদের সংগ্রহ ৫৬ পয়েন্ট। অন্যদিকে ৩৩ পয়েন্ট নিয়ে ১৪ নম্বরেই আছে ওসাসুনা।

ক্ষমা চাইলেন তামিমের দুই চিকিৎসক

স্পোর্টর্স ডেস্ক : তামিম ইকবালের চিকিৎসা নিয়ে সবাই সন্তুষ্ট, হোক সেটি কেপিজে হাসপাতাল কিংবা এভারকেয়ার হাসপাতাল। দেশবরেণ্য ক্রিকেটার তামিমের চিকিৎসার কোনোই ত্রুটি হয়নি। কর্তব্যরত চিকিৎসকরা দেশের অন্যতম সেরা ক্রিকেটারকে সুস্থ করে তুলতে সামর্থ্যের সবটুকু উজাড় করে দিয়েছেন। সৃষ্টিকর্তার দয়া ও চিকিৎসকদের আন্তরিক প্রচেষ্টায় তামিম এখন ভালোর দিকে। এরই মধ্যে জানা হয়ে গেছে, তামিম এভারকেয়ার হাসপাতালে ৭২ ঘণ্টা থাকার পর গতকাল শুক্রবার দুপুরে রাজধানীর বনানী ডিওএইচএসে নিজ বাসায় ফিরে গেছেন। কিন্তু গত বৃহস্পতিবার বিকেল থেকে এভারকেয়ার হাসাপাতালের দুই জন সিনিয়র ও নামী চিকিৎসকের অপেশাদার ও অদূরদর্শী আচরণ নিয়ে দেশব্যাপী একটা অসন্তোষ তৈরি হয়েছে। তাদের আচরণ অনেকেই স্বাভাবিকভাবে নিতে পারেননি। কী করে নেবেন? এভারকেয়ার হাসপাতালের দুই জন সিনিয়র চিকিৎসক সাহাবউদ্দীন তালুকদার ও আরিফ রহমান যে সংবাদ সম্মেলনে এসে জানিয়ে দিয়েছেন, তামিম ধূমপান করেন এবং তিনি এভারকেয়ার হাসপাতালে এসেও ধূমপান করতে চেয়েছেন। দুই জন নামী, দক্ষ, অভিজ্ঞ ও সিনিয়র চিকিৎসকের এমন অপেশদার আচরণকে অনেকেই ভালো চোখে দেখেননি। অনেকের মত, দেশের অন্যতম হৃদরোগ বিশেষজ্ঞ প্রফেসর সাহাবউদ্দীন তালুকদার ও এভারকেয়ার হাসপাতালের মেডিকেল ডিরেক্টর আরিফ রহমানের মতো দায়িত্বশীল চিকিৎসকের মুখে 'তামিম ধূমপান করেন, এভারকেয়ারে এসেও ধূমপান করতে চেয়েছেন, বলার পরও ধূমপান ছাড়তে অনীহা'- এমন কথা শুনে বিরাগভাজন হয়েছেন। দেশের অগণিত তামিমভক্ত, ক্রিকেট ও ক্রীড়া অনুরাগীরা মনে করেন, চিকিৎসকরা অপেশাদার মানসিকতার পরিচয় দিয়েছেন। তামিমের মতো একজন ক্রিকেটারের পারিবারিক, সামাজিক ও পেশাগত জীবনের কথা চিন্তা করে ধূমপানের প্রসঙ্গ সরাসরি না বললেই ভালো হতো। অবশেষে ২৪ ঘণ্টা না যেতেই ওই দুই চিকিৎসক সংবাদ সম্মেলনে এসে তামিমের ধূমপানের বিষয়টি প্রকাশের জন্য ক্ষমা চেয়েছেন এবং দুঃখ প্রকাশ করেছেন। গতকাল শুক্রবার বিকেলে এভারকেয়ার হাসপাতালে সংবাদ সম্মেলনে প্রফেসর সাহাবউদ্দীন তালুকদার ও আরিফ রহমান দুঃখ প্রকাশ করেন। প্রফেসর সাহাবউদ্দীন তালুকদার বলেন, 'তামিমের শারিরীক অবস্থার বর্ণনা দিতে গিয়ে ধূমপানের প্রসঙ্গ চলে আসে। ধূমপান যে হৃদরোগের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ, তা জানাতে গিয়ে ভুলবশত তামিমকে সম্পৃক্ত করার জন্য দুঃখিত। আমি আসলে ধূমপানটা হৃদরোগীদের জন্য অনেক ঝুঁকিপূর্ণ বলে বোঝাতে গিয়ে তামিমকে জড়িয়ে ফেলেছিলাম। সেজন্য দুঃখিত। এভারকেয়ার মেডিকেল ডিরেক্টর আরিফ রহমান বলেন, 'ধূমপানের বিষয়টি সামনে এনে আমরা বুঝতে পেরেছি, দেশবরেণ্য ক্রিকেট ব্যক্তিত্ব তামিম ইকবাল ভাইয়ের ব্যক্তিজীবন, পারিবারিক, সামাজিক জীবন ও গোটা ক্যারিয়ারের জন্য একটা নেতিবাচক বার্তা দিয়েছে। বিরূপ প্রতিক্রিয়া ফেলেছে। আমি ও স্যার সাহাবউদ্দীন তালুকদার আন্তরিকভাবে দুঃখিত। আমরা তামিম ভাই এবং তার পরিবারের কাছে ক্ষমাপ্রার্থী। দেশবাসীর কাছে দোয়া চাই তামিম ভাই যেন দ্রুত সুস্থ হয়ে খেলায় ফিরে আসেন।'

এনওসি পেলেন লিটন-রিশাদ-নাহিদ রানা

স্পোর্টর্স ডেস্ক : অনুমতি পাওয়ার সম্ভাবনা আগে থেকেই ছিল। চারদিকে গুঞ্জন শোনা যাচ্ছিল, পাকিস্তান সুপার লিগ (পিএসএল) খেলার জন্য অনাপত্তিপত্র পেতে পারেন লিটন দাস, রিশাদ হোসেন ও নাহিদ রানা। অবশেষে সত্যিই তারা অনুমতি পেয়েছেন। গত বৃহস্পতিবার বিসিবির ক্রিকেট অপারেশন্স ম্যানেজার শাহরিয়ার নাফীস নিশ্চিত করেছেন, বাংলাদেশের ৩ ক্রিকেটার- লিটন, রিশাদ ও নাহিদ রানাকে পিএসএল খেলার অনুমতি দেওয়া হয়েছে। এর মধ্যে লিটন ও রিশাদকে বিনা শর্তে পিএসএলের পুরো মৌসুমের জন্য এনওসি (নো অবজেকশন সার্টিফিকেট) দেওয়া হয়েছে। আর ফাস্টবোলার নাহিদ রানা এনওসি পেয়েছেন জিম্বাবুয়ের বিপক্ষে প্রথম টেস্টের পর।

অশোভন আচরণের অভিযোগে তদন্তের মুখে ভিনি-এমবাপে

স্পোর্টর্স ডেস্ক : চ্যাম্পিয়ন্স লিগে রাউন্ড-অব-১৬ তে অ্যাতলেতিকো মাদ্রিদের বিপক্ষে ম্যাচে অশোভন আচরণের অভিযোগে তদন্তের মুখে পড়েছেন রিয়াল মাদ্রিদের ৪ ফুটবলার। তারা হলেন- ভিনিসিয়ুস জুনিয়র, কিলিয়ান এমবাপে, অ্যান্টোনিও রুডিগার ও দানি সেবাইয়োস। গত বৃহস্পতিবার এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে ইউরোপীয় ফুটবল অ্যাসোসিয়েশন (উয়েফা)। রাউন্ড-অফ-১৬-এর প্রথম লেগে ঘরের মাঠ সান্তিয়াগো বার্নাব্যুতে ২-১ ব্যবধানে এগিয়ে যায় রিয়াল মাদ্রিদ। ফিরতি লেগে মেট্রোপলিটানো স্টেডিয়ামে অ্যাতলেতিকো ১-০ ব্যবধানে এগিয়ে থেকে খেলা শেষ করে। ফলে দুই লেগ মিলিয়ে ম্যাচের স্কোরলাইন দাঁড়ায় ২-২ সমতা। ম্যাচের ফল বেরিয়ে আনতে মেট্রোপলিটানো স্টেডিয়ামে পেনাল্টি শুটআউট হয়। সেখানে স্বাগতিক অ্যাতলেতিকোকে ৪-২ ব্যবধানে হারিয়ে কোয়ার্টার ফাইনালে চলে যায় রিয়াল। ওই সময়ই এমন অশোভন করা হয়েছে বলে রিয়াল তারকাদের বিপক্ষে অভিযোগ। উয়েফা জানিয়েছে, অভিযোগ তদন্তে নৈতিকতা ও শৃঙ্খলা পরিদর্শক নিয়োগ করা হয়েছে। ইউরোপীয় ফুটবলের নিয়ন্ত্রক সংস্থাটির বিবৃতিতে বলা হয়, 'এই বিষয়ে আরও তথ্য যথাসময়ে জানানো হবে।' রুডিগার, ভিনিসিয়ুস এবং এমবাপে অ্যাতলেতিকোর বিপক্ষে প্রথম একাদশে ছিলেন। তবে সেবাইয়োস ম্যাচ খেলেননি।

অ্যাতলেতিকোর বিপক্ষে রুডিগার জয়সূচক পেনাল্টি কিক নেন এবং সফলভাবে বল জালে জড়িয়ে সতীর্থদের নিয়ে প্রতিপক্ষের হোম গ্রাউন্ডে উদ্দীপ্তভাবে নাচতে শুরু করেন। সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া ভিডিও ক্লিপে দেখা গেছে, এমবাপে পেনাল্টি শুটআউটে জয় উদযাপনের সময় মাঠে নিজের ক্রোচ (দুই পায়ের মিলনস্থল) ধরে রেখেছিলেন।

লাইফস্টাইল

কুমড়ার বীজ খেলে ডায়াবেটিস রোগীদের যেসব উপকার হয়

লাইফস্টাইল ডেস্ক : আপনি কি কখনো ভেবে দেখেছেন যে একটি সাধারণ খাবার রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করতে পারে? হ্যাঁ, কুমড়ার বীজ হতে পারে সমাধান! এই ক্ষুদ্র বীজ গুরুত্বপূর্ণ পুষ্টি এবং যৌগে পূর্ণ যা ডায়াবেটিস রোগীদের উপকার করতে পারে। এটি রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণ করতে, ওজন নিয়ন্ত্রণ করতে, রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে এবং আরও অনেক কিছু করতে সাহায্য করে। চলুন জেনে নেওয়া যাক, কুমড়ার বীজের কিছু উপকারিতা সম্পর্কে- ১. রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণ করে, কুমড়ার বীজের গ্লাইসেমিক সূচক কম থাকে, তাই এটি রক্তে শর্করার দ্রুত বৃদ্ধি ঘটায় না। এই বীজে ম্যাগনেসিয়াম পূর্ণ, যা গ্লুকোজ বিপাক নিয়ন্ত্রণে সহায়তা করে। ২০১৮ সালে সুস্থ প্রাপ্তবয়স্কদের ওপর পরিচালিত একটি গবেষণায় দেখা গেছে যে যারা ৬৫ গ্রাম (প্রায় ২ আউন্স) কুমড়ার বীজ দিয়ে খাবার খেয়েছিলেন তাদের উচ্চ কার্বোহাইড্রেটযুক্ত খাবারের পরে রক্তে শর্করার মাত্রা কমে গিয়েছিল। ২. হজম উন্নত করে, ডায়াবেটিস রোগীদের জন্য ফাইবার সমৃদ্ধ খাবার অপরিহার্য কারণ এটি হজম এবং কার্বোহাইড্রেটের শোষণকে ধীর করে দেয়, রক্তে শর্করার দ্রুত বৃদ্ধি রোধ করে। কুমড়ার বীজে উচ্চ ফাইবার থাকে, যা রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণ করে এবং স্বাস্থ্যকর হজম নিশ্চিত করে। ফাইবার দীর্ঘ সময় ধরে তৃপ্ত রাখে, অতিরিক্ত খাওয়া এবং ওজন বৃদ্ধির ঝুঁকি কমায়, যা ডায়াবেটিস ব্যবস্থাপনায় বেশ

গুরুত্বপূর্ণ। ৩. ওজন কমাতে সাহায্য করে, ডায়াবেটিস রোগীদের তাদের ওজন সম্পর্কে সতর্ক থাকা উচিত কারণ অতিরিক্ত ওজন ইনসুলিন প্রতিরোধ ক্ষমতা বাড়াতে পারে। আপনার খাদ্যতালিকায় কুমড়ার বীজ যোগ করলে এই সমস্যা সমাধানে সাহায্য করতে পারে কারণ এটি পুষ্টিতে সমৃদ্ধ এবং দীর্ঘ সময়ের জন্য পেট ভরে রাখে। প্রোটিন, স্বাস্থ্যকর চর্বি এবং ফাইবারের মিশ্রণ ক্ষুধা দমন করে এবং অবাঞ্ছিত খাবার খাওয়া রোধ করে। ৪. হৃদরোগের উন্নতি করে, আপনি কি জানেন ডায়াবেটিস রোগীদের হৃদরোগের ঝুঁকি বেশি থাকে? কুমড়ার বীজে প্রচুর পরিমাণে হৃদরোগ-বান্ধব চর্বি থাকে, বিশেষ করে ওমেগা-৩ এবং ওমেগা-৬ ফ্যাটি অ্যাসিড, যা প্রদাহ কমায় এবং হৃদরোগের উন্নতি করে। এতে অ্যান্টিঅক্সিডেন্ট, ম্যাগনেসিয়াম এবং পটাসিয়ামও প্রচুর থাকে, যা রক্তচাপ এবং কোলেস্টেরলের মাত্রা কমায়, হৃদরোগের জটিলতার ঝুঁকি কমায়। ৫. রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়, ডায়াবেটিস রোগ প্রতিরোধ ক্ষমতাও দুর্বল করে দিতে পারে, যা সংক্রমণের জন্য সংবেদনশীল করে তোলে। কুমড়ার বীজে প্রচুর পরিমাণে জিঙ্ক থাকে, যা একটি অপরিহার্য খনিজ এবং সংক্রমণের বিরুদ্ধে রোগ প্রতিরোধ ক্ষমতা অক্ষত রাখতে সহায়তা করে। খাদ্যতালিকায় এই বীজ অন্তর্ভুক্ত করলে রোগ প্রতিরোধ ক্ষমতা শক্তিশালী হবে। ৬. ঘুম বাড়ায় এবং চাপ কমায়, ডায়াবেটিস নিয়ন্ত্রণ করা চাপের কারণ হতে পারে এবং চাপ রক্তে শর্করার মাত্রা ওঠানামার কারণ হতে পারে। কুমড়ার বীজ ট্রিপটোফ্যানের উৎস, এটি একটি অ্যামাইনো অ্যাসিড যা শরীরকে সেরোটোনিন তৈরিতে সহায়তা করে, যা বিশ্রাম এবং সঠিক ঘুমে সাহায্য করে। রক্তে শর্করার মাত্রা স্থিতিশীল রাখা এবং সাধারণ স্বাস্থ্য বজায় রাখার জন্য সঠিক বিশ্রাম অপরিহার্য।

ডায়াবেটিসের যে ৫ লক্ষণ আপনার জানা নেই

লাইফস্টাইল ডেস্ক : ডায়াবেটিসের কথা ভাবলেই যে লক্ষণগুলো মনে আসে তা হলো ঘন ঘন প্রস্রাব হওয়া, অতিরিক্ত তৃষ্ণা এবং রক্তে শর্করার মাত্রা বৃদ্ধি। কিন্তু যদি বলি যে ডায়াবেটিস এমনভাবে দেখা দিতে পারে যা আপনি কখনও আশা করেননি? কিছু লক্ষণ এতটাই সূক্ষ্ম যে বেশিরভাগ মানুষ সেগুলোকে ছোটখাটো অস্বস্তি বলে উড়িয়ে দেয়- যতক্ষণ না অবস্থা গুরুতর হয়ে ওঠে। চলুন জেনে নেওয়া ডায়াবেটিসের কম পরিচিত কিছু লক্ষণ সম্পর্কে- ১. শুষ্ক, চুলকানিযুক্ত ত্বক, আপনার ত্বক কি ক্রমাগত শুষ্ক, খসখসে বা চুলকানিযুক্ত হয়ে উঠছে? ক্রমাগত শুষ্কতা রক্তে উচ্চ শর্করার লক্ষণ হতে পারে। রক্তে শর্করার মাত্রা বৃদ্ধি পেলে শরীর দ্রুত তরল হারায়, যার ফলে পানিশূন্যতা দেখা দেয়। যার প্রভাব পড়ে ত্বকেও। ডায়াবেটিসের কারণে দুর্বল রক্ত ??সঞ্চালন ত্বকের জন্য আর্দ্রতা বজায় রাখা কঠিন করে তুলতে পারে। ২. কারণ ছাড়াই ওজন কমে যাওয়া, হঠাৎ করেই কয়েক কেজি ওজন কমে গেলে এবং বিশেষ করে যদি আপনি সবসময় ক্লান্ত বোধ করেন, তাহলে ডায়াবেটিসের পরীক্ষা করানো জরুরি। খাদ্যাভ্যাস বা ব্যায়ামের রুটিন পরিবর্তন না করে ওজন কমানো স্বপ্নের মতো শোনাতে পারে। কিন্তু বাস্তবে এটি ডায়াবেটিসের একটি সতর্কতামূলক লক্ষণ হতে পারে। শরীর গ্লুকোজ থেকে শক্তি পেতে ইনসুলিন সঠিকভাবে ব্যবহার করতে না পারলে চর্বি এবং পেশী পোড়াতে শুরু করে। এর ফলে দ্রুত ওজন হ্রাস পেতে পারে। ৩. ক্রমাগত ক্লান্তি, যদি আপনার শক্তির মাত্রা কোনো স্পষ্ট কারণ ছাড়াই নিম্নগামী হয়, তাহলে এর পেছনে ডায়াবেটিস লুকিয়ে থাকতে পারে।

ডুবো তেলে ভাজার পর অবশিষ্ট তেল কী করবেন?

লাইফস্টাইল ডেস্ক : আমাদের বেশিরভাগই রান্নাঘরে যতটা সম্ভব দক্ষ থাকার চেষ্টা করি। রান্নার বিভিন্ন উপকরণের অবশিষ্টাংশ সর্বোচ্চ ব্যবহার করার চেষ্টা করি এবং অপচয় কম করি। রান্নার তেলের ক্ষেত্রে, আমরা অনেকেই অবশিষ্ট তেল ছেঁকে নিয়ে অন্য ব্যবহারের জন্য সংরক্ষণ করি। তেল ব্যয়বহুল এবং একবার ব্যবহারের পরে এটি ফেলে দেওয়া অপচয় বলে মনে হয়। কিন্তু আপনি কি কখনও ভেবে দেখেছেন যে বারবার গরম করলে তেলের কী হয়? মুচমুচে, সোনালি, ডিপ ফ্রাই খাবার সুস্বাদু হতে পারে, তবে এটি স্বাস্থ্যের জন্য বেশ ক্ষতিকর। আপনি যদি ডুবো তেলে কোনোকিছু ভাজার পর সেই তেল পুনরায় ব্যবহার করেন, তাহলে কিছু বিষয় এখনই জানা উচিত- কেন ভাজা তেল পুনরায় ব্যবহার করবেন না পুষ্টিবিদদের মতে, ভাজা তেল পুনরায় ব্যবহার করা এড়ানো উচিত কারণ এগুল তিক্ত হয়ে যায় এবং এতে ফ্রি র‍্যাডিক্যালের পরিমাণ বেশি থাকে। এতে ট্রান্স ফ্যাট অত্যন্ত বেশি থাকে, যা আপনার হৃদযন্ত্র এবং সামগ্রিক স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক হতে পারে। পুনঃব্যবহৃত তেল কেন ক্ষতিকারক? তেল ডিপ ফ্রাই করার সময় উচ্চ তাপমাত্রার সংস্পর্শে এলে স্বাস্থ্যকর তরল চর্বি হাইড্রোজেনেশন নামক একটি প্রক্রিয়ার মধ্য দিয়ে যায়, যা একে অস্বাস্থ্যকর কঠিন ট্রান্স ফ্যাটে পরিণত করে। ট্রান্স ফ্যাট কোলেস্টেরলের মাত্রা বৃদ্ধি করে এবং হৃদযন্ত্রের ব্লকেজ এবং হৃদরোগের জন্য দায়ী বলে পরিচিত। বাজারে যেসব ভাজা খাবার বিক্রি হয় তার বেশিরভাগই এমন তেলে রান্না করা হয় যা বারবার পুনঃব্যবহার করা হয়েছে, যা ট্রান্স ফ্যাট এবং অক্সিডাইজড যৌগের সঙ্গে সম্পর্কিত ঝুঁকি বৃদ্ধি করে। নিয়মিত বাইরে থেকে ভাজা খাবার গ্রহণ করলে তা হৃদরোগের ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। আপনি কি নিরাপদে ডিপ-ফ্রাইড তেল পুনরায় ব্যবহার করতে পারেন? ডুবো তেলে ভাজা খাবার লোভনীয় হতে পারে, তবে অবশিষ্ট তেল রান্নার জন্য পুনরায় ব্যবহার করা থেকে বিরত থাকতে হবে। তবে যদি এরপরও সেই তেল পুনরায় ব্যবহার করতে চান, তবে ক্ষতি কমাতে বিশেষজ্ঞরা কয়েকটি সতর্কতা অবলম্বন করার পরামর্শ দেন: মাঝারি তাপ ব্যবহার করুন: উচ্চ তাপের পরিবর্তে মাঝারি আঁচে গভীর ভাজা তেলের ক্ষয় হ্রাস করে। পুনঃব্যবহার সীমিত করুন: একই তেল বারবার ব্যবহার করবেন না। এক বা দুইবার ব্যবহারের পরে তা ফেলে দিন।

হার্ট ভালো রাখতে যে ৫ ফল খাবেন

লাইফস্টাইল ডেস্ক : ভাজা-পোড়া এবং প্রক্রিয়াজাত খাবার বেশিরভাগ মানুষেরই খাবারের তালিকায় জায়গা করে নিয়েছে। যে কারণে হার্টের যত্ন নেওয়া আগের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। কিন্তু আমরা আসলে কী খাচ্ছি তা নিয়ে কতটা ভাবি? অস্বাস্থ্যকর তেল থেকে শুরু করে লুকানো চিনি পর্যন্ত, আমরা প্রতিদিন যা খাই তার বেশিরভাগই ভালোর চেয়ে বেশি ক্ষতি করে। চারদিকে হৃদরোগ বৃদ্ধির সঙ্গে সঙ্গে স্বাস্থ্যকর খাবার পছন্দ করা অপরিহার্য হয়ে উঠেছে। কিছু ফল রয়েছে যেগুলো হার্টের জন্য ভালো। যাতে আছে ফাইবার, অ্যান্টিঅক্সিডেন্ট এবং হার্টের স্বাস্থ্যকে ভালো রাখার জন্য প্রয়োজনীয় পুষ্টি। চলুন জেনে নেওয়া যাক- ১. আপেল: ফাইবার সমৃদ্ধ হার্ট প্রোটেক্টর, আপেলে ডায়েটারি ফাইবার এবং প্রাকৃতিক ফলের অ্যাসিড থাকে। এতে পেকটিনও থাকে, যা হজমের স্বাস্থ্যকে সহায়তা করে এবং কোলেস্টেরল কমাতে সাহায্য করে। নিয়মিত আপেল খেলে তা খারাপ কোলেস্টেরল কমায়, রক্তচাপ নিয়ন্ত্রণে সাহায্য করে, ত্বকে তারুণ্য ধরে রাখতে সাহায্য করে। ২. ডালিম: অ্যান্টিঅক্সিডেন্ট পাওয়ার হাউস, এই টসটসে লাল দানার ফল পলিফেনল দিয়ে পরিপূর্ণ, যা হৃদরোগের জন্য সবচেয়ে শক্তিশালী অ্যান্টিঅক্সিডেন্টের মধ্যে একটি। ডালিম পিত্তের ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে এবং শরীরের উপর প্রাকৃতিক শীতল প্রভাব ফেলে। এটি রক্ত সঞ্চালন উন্নত করে এবং হজমে সাহায্য করে। ৩. কমলা: ভিটামিন সি-প্যাকড হাইড্রেটর, কমলা ভিটামিন সি সমৃদ্ধ, যা রোগ প্রতিরোধ ক্ষমতা শক্তিশালী করে। এটি কোলেস্টেরল এবং রক্তচাপ কমাতেও সাহায্য করে, যা হৃদরোগের জন্য দুর্দান্ত। কমলা খেলে তা ক্ষতিকর কোলেস্টেরল কমায়, রক্তচাপ নিয়ন্ত্রণে সহায়তা করে এবং হাইড্রেটেড রাখে। ৪. অ্যাভোকাডো: হৃদরোগের জন্য স্বাস্থ্যকর চর্বির উৎস, অ্যাভোকাডো হৃদযন্ত্র-বান্ধব মনোআনস্যাচুরেটেড ফ্যাট সমৃদ্ধ। এটি ভিটামিন কে, পটাসিয়াম এবং ফোলেটেরও একটি দুর্দান্ত উৎস, যা হজম, ত্বকের স্বাস্থ্য এবং সামগ্রিক সুস্থতায় সহায়তা করে। বিদেশি ফল হলেও আমাদের দেশের অনেক সুপারশপ বা ফলের দোকানে অ্যাভোকাডো পাওয়া যায়। ৫. ব্লুবেরি: হার্টকে শক্তিশালী করার সুপারফুড, ব্লুবেরি অ্যান্থোসায়ানিন সমৃদ্ধ, শক্তিশালী অ্যান্টিঅক্সিডেন্ট যা বার্ধক্যকে ধীর করে এবং হৃদরোগের স্বাস্থ্যকে উন্নত করে। এটি ভালো কোলেস্টেরল বাড়ায়, রক্তচাপ কমায় এবং সামগ্রিক হৃদরোগের কার্যকারিতায় সহায়তা করে। গ্লাইসেমিক সূচক কম থাকায় এটি ডায়াবেটিস রোগীদের জন্য বেশ উপকারী। এইচএন

ইফতারে তরমুজের ২টি সহজ পানীয় তৈরির রেসিপি

লাইফস্টাইল ডেস্ক : রোজার ক্লান্তি অনেকটাই দূর করে দিতে পারে তরমুজের মতো সুস্বাদু ও রসালো ফল। এই ফলের প্রায় নব্বই ভাগ পানি। তাই ইফতারে নিয়মিত তরমুজ খেলে শরীরে পানির ঘাটতি অনেকটাই পূরণ হয়। ইফতারে রাখতে পারেন তরমুজ দিয়ে তৈরি নানা ধরনের পানীয়। যেগুলো ইফতারে পান করলে আপনি সতেজ বোধ করবেন। চলুন জেনে নেওয়া যাক এমনই ২টি পানীয় তৈরির রেসিপি- তরমুজ-কমলার জুস, প্রথমে তরমুজের খোসা ছাড়িয়ে নিন। এবার বীজ আলাদা করে টুকরা করে নিন। ৪ কাপ টুকরা ব্লেন্ডারে দিন। এরপর খোসা ও বীজ ছাড়ানোর ৪টি কমলার রস মেশাতে হবে। আরও দিতে হবে পুদিনা পাতা কুচি, স্বাদমতো চিনি ও পরিমাণ মতো পানি দিয়ে ব্লেন্ড করে নিন। এবার পরিবেশন গ্লাসে পরিবেশন করতে হবে। যারা ঠান্ডা খেতে বেশি পছন্দ করেন তারা বরফের টুকরা মিশিয়ে নিতে পারেন।

পান্তা ভাত খাওয়া কি সত্যি উপকারী?

লাইফস্টাইল ডেস্ক : পেট ফাঁপা এবং শরীরে অস্বস্তি নিয়ে ঘুম থেকে ওঠার কথা ভাবুন। শুনতে অস্বস্তিকর লাগছে, তাই না? এই কারণেই বিশ্বজুড়ে স্বাস্থ্য বিশেষজ্ঞরা আপনার দিন